Quest

A Bi-lingual Peer Reviewed Academic Journal

Editor

Dr. Aditi Bhattacharya

Editorial Board

Dr. Debasish Pal, Dr. Siddhartha Sankar Bhattacharya,
Dipak Kumar Nath, Sm. Chandana Samanta
Dr. Uttam Purkait, Dr. Momotaj Begam.

Advisory Committee

Dr. Urvi Mukhopadhyaya
Dept. of History, W.B. State University,

Dr. Biswajit Choudhury
Dept. of Applied Chemistry, Indian School of Mines.

Prof. Supriyo Bhattacharya
Dept. of Economics, Kalyani University,

Dr. Manidipa Sanyal
Dept. of Philosophy, Calcutta University,

Dr. Chanchal Dasgupta,
Dept. of Life Science and Biotechnology,
Jadavpur University

Quest

A Bi-lingual Peer Reviewed Academic Journal

Vol-11, 2016-17

ISSN 2319-2151

Printed by :

IMPRESSION
108, Raja Basanta Roy Road,
Kolkata 700 029
Mobile : 9831455695

Published by

Uluberia College
Uluberia, Howrah

Quest

A Bi-lingual Peer Reviewed Academic Journal

2016-17

Vol-11

Uluberia College

Uluberia, Howrah-711 315

Editorial

This year is the 150th Birth Anniversary of Sister Nivedita. The first two articles in this issue of our Academic Journal have been published to remind the readers how India is indebted to this noble lady. We have also devoted one article to the famous poet Sri Samar Sen as this is his Centenary year. The other articles are on a variety of subjects contributed by our faculty members of different disciplines. All the articles have been sent to the reviewers and have been accepted and published after having being reviewed by them. This year we have appealed to the UGC to include this Journal among their enlisted In-house Journals. We are looking forward to a positive response from them. We would indeed be much benefitted in that case and may hope that most of our faculty members will then be more and more motivated to contribute articles. Twelve years have passed since we started our journey. We have been getting along in spite of many problems that we have faced. We hope that with the help of our colleagues, inspiration from the college authority and good support from our readers we can carry on our effort successfully for the years to come.

Note to the Contributors

1. Quest' welcomes research papers / articles from all fields of Learning.
2. The papers or articles not published in elsewhere will be considered.
3. Two copies of double spaced typed article must be sent to the editor.
4. Articles should be prepared for anonymous referring, with proper acknowledgements and self-identifying references removed.
5. Detail footnotes and / references should be given.
6. Articles submitted in English can follow either the American or British punctuation and spelling patterns, but it has to be consistent throughout.
7. Papers / articles not recommended for publication are not returned unless so requested with stamped self-addressed envelope.
8. Editors are not responsible for the views expressed in the Papers / articles.
9. The author will receive one complimentary copy of the Journal.

Publishing Ethics:

The publication of an article in a peer-reviewed journal is an essential building block in the development of a coherent and respected network of knowledge. It is a direct reflection of the quality of the work of the authors and the institutions that support them. Peer-reviewed articles support and embody the scientific method. It is therefore important to agree upon standards of expected ethical behavior for all parties involved in the act of publishing: the author, the journal editor, the peer reviewer, the publisher and the society of society-owned or sponsored journals.

CONTENTS

Part I

ভারতবর্ষের জাতীয় আন্দোলনে নিবেদিতা ও শ্রীঅরবিন্দ
সুপ্রিয় ভট্টাচার্য 3

শিক্ষাব্রতী নিবেদিতা ঃ আজকের প্রাসঙ্গিকতা
ড. চিত্রিতা দত্ত সরকার 26

Sister Nivedita in the Reminiscence of Saralabala Sarkar
Dr. Jayashree Sarkar 33

Part II

সমর সেনের কবিতার আঙ্গিক
ড. মমতাজ বেগম 43

রবীন্দ্রনাথের 'রাজা' ঃ 'অন্ধকারের স্বামী' কিংবা 'প্রাণের ঠাকুর'
প্রীতম চক্রবর্ত্তী 49

দেশভাগের ইতিকথাঃঋত্বিক ঘটকের বাংলা নাটক
সৌরভ মণ্ডল 60

সিভিল সোসাইটি, আধিপত্য ঃ ভারতীয় প্রেক্ষাপট
বিশ্বজিৎ বক্সী 73

মন্দির গাত্রে রামায়ণ
ডালিয়া হাজরা 79

Negation or Absence: An Ontological and Epistemological Approach from the Viewpoint of Indian and Western philosophy.
Dr. Aditi Bhattacharya 83

Translating Imagination: The Poetics of Transnational Geo-politics in Amitav Ghosh's novel *The Hungry Tide*
Debolina Byaborto 92

Women And Children Trafficking In West Bengal
– A Severe Crime Against Humanity
Jayjit Mondal 118

Gravitational Waves in LIGO
Dr. Lina Paria 131

Borospherene : The New Boron Buckyball
Dr. Ratna Bandyopadhyay 137

Comparing Monetary Poverty and Multidimensional Poverty:
A Study based on NSSO Unit Level Data in the Context of the Backward Region of West Bengal
Jagabandhu Mandal, Dr. Pinaki Das 140

Self-Help Groups in India – A Study
Paromita Dutta 159

PART - I

আমন্ত্রিত রচনা

ভারতবর্ষের জাতীয় আন্দোলনে নিবেদিতা ও শ্রীঅরবিন্দ

সুপ্রিয় ভট্টাচার্য

(এক)

ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের প্রথম পর্বে শ্রীঅরবিন্দ এবং নিবেদিতার ভূমিকা এবং যোগাযোগ সম্বন্ধে আলোচনায় আমরা প্রথমে শ্রীঅরবিন্দের প্রারম্ভিক ভূমিকাটুকু স্মরণ করে নিতে চাই এবং তারপর নিবেদিতার সঙ্গে তাঁর যোগাযোগ এবং শেষে নিবেদিতার নিজস্ব ভূমিকার কয়েকটি দিক নিয়ে আলোকপাত করতে চাই। আমরা জানি জাতীয় কংগ্রেস দুটি দল ছিল - নরমপন্থী বা Moderate, দ্বিতীয় হল চরমপন্থী বা জাতীয়তাবাদী (Extremist or Nationalist)। নরমপন্থী দলের বিখ্যাত নেতারা হলেন গোপালকৃষ্ণ গোখেল, স্যর ফিরোজ শাহ মেহতা, মহাদেব গোবিন্দ, রাণাডে, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। জাতীয়তাবাদী দলের শিরোমণি ছিলেন বালগঙ্গাধর তিলক, তাঁর সঙ্গে অরবিন্দ ঘোষ (পরবর্তীকালে শ্রীঅরবিন্দ), বিপিনচন্দ্র পাল, লালা লাজপত রায়, আর এই দুই দলের মধ্যে মধ্যমণি হয়েছিলেন বরণীয় নেতা দাদাভাই নৌরজী। নরমপন্থী নেতারা চেয়েছিলেন Colonial form of Self-Government', অর্থাৎ উপনিবেশ হিসেবে থেকে স্বায়ত্তশাসন; বরাবর ব্রিটিশ শাসনকাঠামোর মধ্যে থেকেই তাঁরা নানা সংস্কার দাবি করেছেন 'আবেদন-নিবেদনের'(mendicant policy) নীতি গ্রহণ করে। তাঁরা তখন ব্রিটিশ শাসনের অবসান চাননি এবং গোখেল সাধারণ ভারতবাসীর প্রস্তুতির নিদারুণ অভাব লক্ষ করে এর অবসান ঘটানোও সম্ভব নয় বলে ঘোষণা করেছেন। শ্রীঅরবিন্দ এর সম্পূর্ণ বিরোধিতা করলেন এই ঘোষণা করে যে, তাঁরা অর্থাৎ চরমপন্থীরা চান 'Absolute Autonomy free from Foreign Control' বিদেশী শাসন থেকে সম্পূর্ণ মুক্তি এবং স্বাধীন রাষ্ট্রব্যবস্থা। ১৮৯৩ সালে প্রথম 'Indu Prakash' কাগজে 'New lamps for old' শীর্ষক শাণিত বুদ্ধিদীপ্ত প্রবন্ধাবলীতে শ্রীঅরবিন্দ কংগ্রেস মডারেট নেতাদের তীব্র সমালোচনা শুরু করলেন। কংগ্রেস হাইকমান্ডের বিরুদ্ধে একুশ বছরের এক যুবকের এইরকম দুঃসাহসিক রচনা সেদিন শুধু ব্রিটিশ শাসকদের সন্ত্রস্ত করেনি, সেই সঙ্গে তা আমূল নাড়িয়ে দিয়েছিল নরমপন্থী (মডারেট) নেতাদের, যার জন্য এই লেখা একসময় বন্ধ করে দিতে হয় শ্রীঅরবিন্দকে সম্পাদকের অনুরোধে। সেই লেখাগুলিতে শ্রীঅরবিন্দই প্রথম ঘোষণা

করেন কংগ্রেস মুষ্টিমেয় 'এলিট' নেতৃবৃন্দের দখলে, কংগ্রেসের সঙ্গে ভারতবর্ষের আপামর জনসাধারণের (বিশেষ করে 'Proletariat' শব্দটি শ্রীঅরবিন্দ ব্যবহার করেন) কোনো সংযোগ নেই এবং কংগ্রেস হাইকম্যাণ্ডের 'প্রতিবাদ-আবেদনের' রাস্তা ছেড়ে এবার অসহযোগের পথ ধরে 'পূর্ণ' স্বাধীনতার দাবিতে সোচ্চার হতে হবে এবং দেশের সাধারণ জনগণের মধ্যে সুপ্ত রয়েছে যে শক্তি, তাকে জাগানোই হবে কংগ্রেসের কর্তব্য। স্বদেশী যুগের সাংবাদিকতার ইতিহাসে শ্রীঅরবিন্দের এই রচনাগুলি এবং পরবর্তীকালে 'বন্দেমাতরম্' এবং 'কর্মযোগিন'পত্রিকায় লেখাগুলি অমর হয়ে থাকবে প্রখর ইতিহাস চেতনা, নির্ভীক কণ্ঠস্বর, ব্যবহারিক প্রজ্ঞা ও দ্রষ্টার দূরদৃষ্টির পরিচয় বহন করে। তেমনি তেজীয়ান এর ভাষা - ইংল্যাণ্ডের লোকসভায় দাঁড়িয়ে **র‍্যামসে ম্যাকডোনাল্ড** যেমন বলেছিলেন ঃ 'the most excellent English'।

শ্রীঅরবিন্দের রাজনৈতিক মতবাদ প্রধানত তিনটি ধারায় পরিচালিত ছিল। 'Sri Aurobindo on Himself' গ্রন্থ অবলম্বনে **প্রব্রাজিকা মুক্তিপ্রাণা** এই সম্বন্ধে সংক্ষিপ্ত একটি বিবরণ দিয়েছেন ঃ 'প্রথমত, গুপ্ত বিপ্লব প্রচার ও সংগঠন, যাহার প্রধান উদ্দেশ্য রাজশক্তির বিরুদ্ধে সশস্ত্র বিদ্রোহের জন্য জাতিকে প্রস্তুত করা। দ্বিতীয়ত, জনসাধারণের মধ্যে প্রকাশ্য প্রচারের দ্বারা সমগ্র জাতিকে স্বাধীনতার আদর্শে উদ্বুদ্ধ করা। অরবিন্দ যখন রাজনীতিতে যোগদান করেন তখন অধিকাংশ ভারতবাসীর নিকট এই স্বাধীনতার আদর্শ অবাস্তব ও অসম্ভব বলিয়াই বোধ হইত। তৃতীয়ত, সংঘবদ্ধ জনসাধারণ কর্তৃক অসহযোগ ও নিষ্ক্রিয় প্রতিরোধ দ্বারা প্রকাশ্যে ঐক্যবদ্ধরূপে সরকারের বিরোধিতা এবং বৈদেশিক শাসনের ভিত্তি শিথিল করিবার প্রচেষ্টা।"

এর থেকে আমরা বুঝতে পারি বাংলায় এক সর্বাত্মক বিপ্লব ধীরে ধীরে প্রস্তুত করবার এক দীর্ঘস্থায়ী পরিকল্পনা শ্রীঅরবিন্দ গ্রহণ করেছিলেন। তাঁর বিপ্লব-ইচ্ছা যে কত গভীর ছিল তার এক প্রাণস্পর্শী পরিচয় মেলে স্ত্রী মৃণালিনীকে লেখা তাঁরই একটি চিঠিতে - ''অন্য লোকে স্বদেশকে একটা জড় পদার্থ, কতকগুলি মাঠ, ক্ষেত্র, বন, পর্বত, নদী বলিয়া জানে; আমি স্বদেশকে মা বলিয়া জানি, ভক্তি করি, পূজা করি। মা-র বুকের উপর বসিয়া যদি একটা রাক্ষস রক্তপানে উদ্যত হয়, তা হইলে ছেলে কী করে? নিশ্চিন্তভাবে আহার করিত বসে, স্ত্রী-পুত্রের সহিত আমোদ করিতে বসে, না মাকে উদ্ধার করিতে দৌড়াইয়া যায়?" (দ্রঃ শ্রী অরবিন্দের বাংলা রচনা; শ্রী অরবিন্দ আশ্রম, পণ্ডিচেরী)

দেশকে এইভাবে মা হিসাবে কল্পনা করা, এটি চরমপন্থী বিপ্লবীদের ভিতর চারিয়ে গেছিল। এ প্রসঙ্গে প্রব্রাজিকা মুক্তিপ্রাণার মন্তব্যটি প্রণিধানযোগ্য - ''যে ব্যক্তি স্বদেশকে জড় পদার্থরূপে দেখার পরিবর্তে সাক্ষাৎ জননীর ন্যায় ভক্তি করে, পূজা করে, তাঁহার সহিত নিবেদিতার মতের এবং মনের মিলন ঘটা বিচিত্র নয়। দেশের প্রতি

অনুরূপ দৃষ্টিভঙ্গি নিবেদিতা পূর্বেই স্বামী বিবেকানন্দের নিকট লাভ করিয়াছিলেন। অরবিন্দের সহিত প্রথম সাক্ষাতের দিনই কথাপ্রসঙ্গে বাহির হইতে দেখিতে শান্তশিষ্ট, নিরীহ ব্যক্তির এই মনোভাব নিশ্চিত তিনি উপলব্ধি করিয়া থাকিবেন। তাঁহার লোক চিনিবার ক্ষমতা অসাধারণ ছিল। সুতরাং বৈদেশিক শাসন হইতে দেশমাতৃকার মুক্তি লাভের জন্য অরবিন্দের কর্মপ্রণালীর প্রতি নিবেদিতার সহানুভূতি এবং সমর্থন খুবই স্বাভাবিক এবং সঙ্গত।"

এই প্রসঙ্গে নিবেদিতার ফরাসী জীবনীকার লিজেল রেমঁ নিবেদিতার বৈপ্লবিক কর্মকাণ্ডের প্রেরণা সম্বন্ধে স্বামীজীর ভূমিকার একটি চমকপ্রদ তথ্য উল্লেখ করেছেন শংকরীপ্রসাদ বসুকে লেখা একটি চিঠিতে। এখানে বলে নেওয়া ভাল রেমঁ নিবেদিতার জীবনীটি লিখেছিলেন নিবেদিতারই ঘনিষ্ঠতম বান্ধবী আর এক মহীয়সী নারী জোসেফিন ম্যাকলিওডের কাছ থেকে তথ্য সংগ্রহ করে, কারণ জোসেফিন ম্যাকলিওডকে নিবেদিতা বহু চিঠিতে তাঁর কর্মকাণ্ডের খুঁটিনাটি জানাতেন। উল্লেখিত চিঠিতে রেমঁ লিখেছেন শংকরীপ্রসাদকে, ''১৯৩৭ সালে আমি মিস ম্যাকলাউডের সঙ্গে ইংলণ্ডে তাঁর স্টাটফোর্ড অন অ্যাভন-এর বাড়িতে দেখা করতে গিয়েছিলাম। জ্যা এবরোঁ সঙ্গে ছিলেন। মিস ম্যাকলাউড ডেস্ক খুলে তাঁর ড্রয়ারভর্তি নিবেদিতার চিঠি আমাদের দেখালেন। তাদের মধ্যে কতকগুলি দারুণ আগ্নেয় – বিপ্লবীদের সঙ্গে যোগের সংবাদ সেগুলিতে ছিল। মিস ম্যাকলাউড সেগুলিকে নষ্ট করে ফেলেছিলেন। তিনি বললেন ঃ নিবেদিতা এইসব কাজ স্বামীজীর নির্দেশে গ্রহণ করেছিলেন - ভারতে নিবেদিতার সঙ্গে অন্যান্যদের এই বিষয়ের যোগাযোগ স্বয়ং স্বামীজীই করে দিয়েছিলেন। তিনি নিবেদিতাকে নিজের রাজনৈতিক কর্ম সমাধা করার জন্য নির্ধারণ করেছিলেন, কারণ তিনি জানতেন যে, নিবেদিতা এই কাজ করতে সমর্থ। লণ্ডনে যে সব বস্তিতে নিবেদিতার কর্মক্ষেত্র ছিল, সেসব জায়গায় স্বামীজী নিবেদিতার সঙ্গে গিয়েছিলেন (শোযোক্ত সংবাদ মিসেস উইলসন ও মি. স্টার্ডির সূত্রে প্রাপ্ত)।"

ভারতের জাতীয় সংগ্রামের মুক্তির ইতিহাস ১৯০২ থেকে ১৯১১ এই কালখণ্ড টিকে কেউ কেউ অভিহিত করেছেন 'নিবেদিতা-যুগ' কারণ এই সময়টিতে মুক্তি আন্দোলনে নিবেদিতাকে আমরা দেখি এক সক্রিয় ভূমিকায়। এই প্রসঙ্গে একটি কথা বলে নেওয়া ভাল ঃ সেটি এই যে, ভারতে আসার আগে আয়ার্ল্যাণ্ডে আইরিশ বিপ্লবীদের গোপন কার্যকলাপের সঙ্গে যেহেতু নিবেদিতা জড়িত ছিলেন, অতএব এই ধারণা প্রচলিত ছিল যে ভারতের মাটিতে পা দিয়েই নিবেদিতা বৈপ্লবিক কর্মকাণ্ডে যুক্ত হয়ে পড়েন। রন্তিদেব সেনগুপ্ত তাঁর নিবেদিতা সম্পর্কিত গবেষণায় (দ্রঃ সাপ্তাহিক বর্তমান) লিখেছেন, আসল ঘটনা তা নয়। নিবেদিতা যখন প্রথম ভারতে আসেন তখন ভারতীয় সমাজ, রাজনীতি সম্পর্কে কিছুই জানতেন না। ১৯০১ সালে লাইসোঁ-তে ছুটি

কাটানোর সময় বিখ্যাত রাশিয়ান বিপ্লবী পিটার ক্রুপটকিনের লেখা পড়ে এবং তাঁর সঙ্গে আলোচনা করে ভারতের রাজনৈতিক অবস্থা বুঝতে পারেন এবং ১৯০২ সালে ভারতে ফিরে এসে রাজনৈতিক কর্মকাণ্ডে যুক্ত হন। এই পর্বেই শ্রীঅরবিন্দের সঙ্গে তাঁর পরিচয় ও ঘনিষ্ঠতা। তবে একটা কথা স্বীকার করতে হবে যে, এর আগেই স্বামীজীর কাছে ভারতবর্ষের ইতিহাস, সমাজ, সংস্কৃতি, ধর্ম আর ঐতিহ্য সম্বন্ধে নিবেদিতার প্রথম পাঠ নেওয়া হয়ে গিয়েছিল। ''The Master as I saw Him ''এর উজ্জ্বল সাক্ষ্য।

স্বামীজীর প্রয়াণের (৪ঠা জুলাই, ১৯০২) পর নিবেদিতা যখন সমগ্র ভারত পরিভ্রমণ করছেন, এবং স্বামীজীর জাতীয়তাবাদী চিন্তা-ভাবনার প্রচার করছেন, সেই পর্বে বরোদায় অরবিন্দ ঘোষের সঙ্গে নিবেদিতার আলাপ। সে সময়টি হল ১৯০২ সালের অক্টোবর মাস - যে সময় নিবেদিতা বরোদায় এসে পৌঁছন। শ্রীঅরবিন্দ তখন বরোদায় মহারাজা গাইকোয়াড়ের কাছে কর্মরত। নিবেদিতার সঙ্গে তাঁর প্রথম পরিচয় প্রসঙ্গে 'Sri Aurobindo on Himself' গ্রন্থে শ্রীঅরবিন্দের নিজের কথায় পাই - ''নিবেদিতা বরোদায় গাইকোয়াড় কর্তৃক আমন্ত্রিত হয়েছিলেন বলে আমার জানা নেই। তবে তিনি রাজ-অতিথি রূপে বরোদায় বাস করেছিলেন। আমি খাসী-রাওয়ের সঙ্গে তাঁকে স্টেশনে অভ্যর্থনা করতে যাই। স্টেশন থেকে শহরে আসবার পথে নিবেদিতা যখন কলেজের বাড়ি এবং সুউচ্চ গম্বুজগুলোর সৌন্দর্যহীনতার তীব্র নিন্দা ও নিকটস্থ ধর্মশালার প্রশংসা করেন, তখন খাসী-রাও অবাক হয়ে তাঁর দিকে তাকিয়ে থাকেন। তাঁর মনে হয়েছিল এই মহিলা সম্ভবতঃ কিঞ্চিৎ অপ্রকৃতিস্থ।" বরোদায় নিবেদিতার সঙ্গে পরিচয় ঘটলেও বৈপ্লবিক ক্ষেত্রে নিবেদিতার সঙ্গে তাঁর সহযোগের বিষয়টি সম্পর্কে শ্রীঅরবিন্দ প্রথমেই বলে নিয়েছেন - ''তাঁর (নিবেদিতা) সঙ্গে আমার সহযোগিতা সম্পূর্ণভাবে গোপন বৈপ্লবিক ক্ষেত্রেই। আমি আমার কাজ নিয়ে ব্যস্ত থাকতাম, তিনি তাঁর কাজ নিয়ে এবং বৈপ্লবিক আন্দোলন পরিচালনার ব্যাপারে তাঁর সঙ্গে পরামর্শ করার বা একত্রে সিদ্ধান্ত করার কোনো ঘটনা ঘটেনি।" এই প্রসঙ্গে একটি কথা বিশেষভাবে স্মরণীয়। বরোদায় অবস্থানকালেই মহারাজ সয়াজি রাওকে বিপ্লবের কাজে সহায়তা করার জন্য আহ্বান জানিয়ে ছিলেন নিবেদিতা। সয়াজি রাওয়ের সঙ্গে নিবেদিতার এই সাক্ষাৎকারের সময় শ্রীঅরবিন্দ উপস্থিত ছিলেন। Sri Aurobina on Himself বইতে দেখি শ্রীঅরবিন্দ বলছেন - ''...ঐকালে আমি তাঁর (নিবেদিতার) Kali the Mother গ্রন্থ পড়ে মোহিত। আমার মনে হয় বইটির বিষয় আমরা কথাবার্তা বলেছিলাম। তিনি বলেন, তিনিও শুনেছেন যে আমি শক্তি উপাসক। তার দ্বারা তিনি বলতে চেয়েছিলেন, আমি তাঁরই মতো গুপ্ত বিপ্লবীদলের অন্তর্ভুক্ত। বরোদায় মহারাজের সঙ্গে সাক্ষাৎকালে তিনি তাঁকে গুপ্ত বিপ্লবে সাহায্য করার জন্য আমন্ত্রণ করেছিলেন - সেই সময় আমি উপস্থিত ছিলাম। তিনি মহারাজকে বলেন, তিনি আমার

মারফত তাঁর সঙ্গে যোগাযোগ করতে পারবেন। সয়াজি রাও যথেষ্টই চতুর ছিলেন, এই রকম মারাত্মক কাজে ঝাঁপ দেবার পাত্র ছিলেন না, তিনি এ ব্যাপারে আমার সঙ্গে কোনো কথাই বলেননি।"

নিবেদিতার বৈপ্লবিক কর্মকাণ্ডের সঙ্গে শ্রীঅরবিন্দের নিজস্ব বৈপ্লবিক কাজকর্মের, দৈনন্দিন কোনো প্রত্যক্ষ যোগাযোগ না থাকলেও শ্রীঅরবিন্দ নিবেদিতার বৈপ্লবিক কাজকর্মের খবর রাখতেন। নিবেদিতাও তাঁর সম্পর্কে খবারখবর রাখতেন। নিবেদিতার বৈপ্লবিক কাজকর্ম সম্বন্ধে শ্রীঅরবিন্দ একটি চমৎকার বর্ণনা দিয়েছেন - ''বিপ্লবী নেতাদের মধ্যে তিনি (নিবেদিতা) ছিলেন অন্যতম। লোকের সংস্পর্শে আসবার জন্য নানা জায়গায় ঘুরে বেড়াতেন। খোলাখুলি সরল প্রকৃতির মানুষ, বিপ্লবের কথা সকলকে বলতেন, কোনো ঢাকাঢুকি ছিল না তাঁর মাঝে। যখন বিপ্লব সম্বন্ধে কথা বলতেন, যেন তাঁর আত্মাই – তাঁর খাঁটি স্বরূপ বেরিয়ে আসত। তাঁর পুরো মন ও প্রাণ ভাষায় ব্যক্ত হত। যোগ-সাধনা করতেন বটে, কিন্তু তাঁর আসল কাজ যেন এটা, একেই বলেন আগুন। তাঁর বই, 'Kali the Mother' উদ্দীপনাপূর্ণ বই, তেমনি বিদ্রোহমূলক, অহিংস নয়। রাজপুতনায় ঠাকুরদের কাছে গিয়ে নিবেদিতা বিদ্রোহ প্রচার করতেন।"

তবে একটা কথা পরিস্কার যে, শ্রীঅরবিন্দ এবং নিবেদিতা উভয়েই উভয়ের সহযোগী ছিলেন। এর একটি প্রমাণ পাওয়া যায় Sri Aurobindo on Himself গ্রন্থে শ্রীঅরবিন্দের দেওয়া একটি তথ্যে ঃ তাঁর প্রাথমিক পর্যায়ের কাজের ভিতর বাংলার সব বৈপ্লবিক গোষ্ঠীগুলিকে একত্রিত করার একটি প্রয়াস শ্রীঅরবিন্দ নিয়েছিলেন। তারই অঙ্গ হিসাবে একটি বিপ্লবী পরিষদও শ্রীঅরবিন্দ গঠন করেছিলেন। এই পরিষদে অন্যান্য গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে নিবেদিতাকেও রেখেছিলেন শ্রীঅরবিন্দ। অবশ্য এই বিপ্লবী পরিষদ শেষ পর্যন্ত কোনো সার্থক পরিণতির দিকে অগ্রসর হতে পারেনি। তবুও একটি কথা বলা প্রয়োজন। শ্রীঅরবিন্দ-গোষ্ঠীর সঙ্গে নিবেদিতার ঘনিষ্ঠ যোগাযোগের একটা প্রমাণ মেলে শ্রীঅরবিন্দের ছোট ভাই বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষের দেওয়া কিছু তথ্যে। বারিন্দ্রকুমার জানিয়েছেন - ''নিবেদিতা আমার বাংলায় আসার আগেই ১০৮ নং Upper Circular Road-এর গুপ্ত কেন্দ্রকে তাঁর পুস্তকাগার (লাইব্রেরী) দিয়ে ফেলেছিলেন। আমিই হলাম সার্কুলার রোডের এই রাজনৈতিক স্কুলের প্রথম ছাত্র। এই লাইব্রেরীই ছিল প্রাণ ও প্রেরণার উৎসমূল। নিবেদিতার সঙ্গে যতীনদার (যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়) কথাই ছিল, এই বইগুলি অবলম্বনে সেখানে রাজনীতি শেখবার এবং কর্মী গড়বার স্কুল গড়তে হবে। সেই স্কুলে বা Study Circle-এ বিভিন্ন প্রদেশের ইতিহাস, জীবনী অর্থনীতি ধর্ম সমাজ ও জাতির উত্থান-পতনের নিগূঢ় তত্ত্ব নিয়ে আলোচনা ও শিক্ষা দেওয়া হবে। এই বিদ্যালয়ের ছাত্ররা প্রচারক হয়ে ভারতের নবজাগরণের চারণ হয়ে নগরে নগরে, গ্রামে গ্রামে বিপ্লবের বীজ বহন করে দেশকে

অসংখ্য বিপ্লবী কেন্দ্রে ছেয়ে ফেলবে। ... তারপর ক্রমে জুটল এসে দেবব্রত বসু, নলিন মিত্র, জ্যোতিষ সমাজপতি, ইন্দ্রনাথ নন্দী - এই ধরনের অনেক ভাবোন্মাদ মানুষ। ... আমাদের দলে বহু শিক্ষিত লোক ছিলেন বলে - অরবিন্দ, ভগিনী নিবেদিতা, সখারাম গণেশ দেউস্কর প্রভৃতি চিন্তাশীল দেশব্রতীর নির্দেশ ও গভীর চিন্তা আমাদের পিছনে থাকায় - আমাদেরই মধ্যে বাংলার প্রথম সুনির্দিষ্ট বিপ্লবী পরিকল্পনা নিয়ে চলবার অনুপ্রেরণা জেগেছিল।" (দ্রঃ রন্তিদেব সেনগুপ্ত - সাপ্তাহিক বর্তমান, ২৬.১১.১৬)

স্বামীজীর ভাই ভূপেন্দ্রনাথ দত্তের একটি স্মৃতিচারণও এ প্রসঙ্গে গুরুত্বপূর্ণ। ভূপেন্দ্রনাথ লিখেছেন - ''ভগিনী (নিবেদিতা) জোসেফ মাৎসিনী-র আত্মজীবনীর প্রথম ভাগ বিপ্লবী দলে দান করেছিলেন। এর মধ্যে গেরিলা যুদ্ধের কৌশল ও পরিকল্পনা লিপিবদ্ধ ছিল। এই সকল বই আমাদের এক সহকর্মী কেশবচন্দ্র গুপ্তের কাছে গচ্ছিত রেখেছিলাম। ... কেশব আলিপুর মামলার কালে গা ঢাকা দেবার আগে অন্যদের কাছে বইগুলি রেখে যায়। সারা দেশে পুলিশ তল্লাসের কালে বইগুলি একে একে বেরিয়ে পড়ে। নিবেদিতা প্রায়ই বলতেন, 'আমার বইগুলি এক এক করে আবির্ভূত হচ্ছে।' ''এই লেখা থেকে বোঝা যায় নিবেদিতার সঙ্গে বিপ্লবী দলের ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। এই প্রসঙ্গে এটাও উল্লেখ করা প্রয়োজন যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়ের (বাঘা যতীন) বিপ্লবী শিষ্য এবং সহকর্মী নলিনীকান্ত কর তাঁর স্মৃতিচারণে বলেছেন, ''যতীন্দ্রনাথ ভগিনী নিবেদিতার ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছিলেন।" নিবেদিতার জন্মশতবার্ষিকী স্মারক গ্রন্থে যতীন্দ্রনাথের পৌত্র পৃথীন্দ্রনাথ মুখোপাধ্যায় নিবেদিতার সঙ্গে বাঘা যতীনের ঘনিষ্ঠতার বিষয়ে বেশ কিছু তথ্য দিয়েছেন। (দ্রঃ রন্তিদেব সেনগুপ্ত - সাপ্তাহিক বর্তমান, ২৬.১১.১৬)

স্বাধীনতা আন্দোলনে শ্রী অরবিন্দ ও নিবেদিতার ঘনিষ্ঠ যোগের পরিচয় মেলে আরো কিছু ঘটনায়। আলিপুর বোমার মামলায় শ্রীঅরবিন্দ ও তাঁর ঘনিষ্ঠ সহযোগীরা অভিযুক্ত হন, তারপর চিত্তরঞ্জন দাসের সওয়াল এবং বিচারক বীচক্রফ্টের বিচারে শ্রীঅরবিন্দ খালাস পান। এতে নিবেদিতা চিত্তরঞ্জনকে অকুণ্ঠ ধন্যবাদ জানিয়েছিলেন। এই মামলায় যাঁরা আন্দামানে নির্বাসিত হয়েছিলেন তাঁদের ভিতর নয়জন মুক্তি পান ১৯১০-এর ৯ই জানুয়ারী। এ-খবরে নিবেদিতা এতটাই খুশি হয়েছিলেন যে তাঁর বালিকা বিদ্যালয়ে এই উপলক্ষে উৎসব পালিত হয়েছিল। প্রব্রাজিকা মুক্তিপ্রামা লিখেছেন, ''নিবেদিতার সেদিন কী আনন্দ। বিদ্যালয় গৃহদ্বারে মাঙ্গলিক অনুষ্ঠানের চিহ্নস্বরূপ পূর্ণকুম্ভ ও কলাগাছ রাখা হইল এবং আনন্দের দিন বলিয়া বিদ্যালয়ে মেয়েদের ছুটি দেওয়া হইল। নির্বাসিত ব্যক্তিগণের মধ্যে একজন ছিলেন ব্রাহ্ম-প্রচারক, অতিশয় ধর্মভীরু। তাঁহার নির্বাসনে পরিবারস্থ স্ত্রী, পুত্র সকলের দুর্গতির সীমা ছিল না। নিবেদিতার মহৎ প্রাণ ইহাদের বেদনায় ব্যথিত হইয়াছিল এবং তিনি যথাসাধ্য সাহায্য করিয়াছিলেন। ঐ ব্যক্তির মুক্তির সংবাদে তাঁহার মনে হইয়াছিল যেন বহুদিন পরে তাঁহার নিজের পিতা

স্বগৃহে প্রত্যাবর্তন করিতেছেন।"

নিবেদিতার বিভিন্ন চিঠিতে শ্রীঅববিন্দের কিছু উল্লেখ আছে। তার মধ্যে একটি বিষয় আমাদের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে - সেটি হল শ্রীঅরবিন্দের সেই সময়ের রচনা ও রচনারীতির সম্বন্ধে নিবেদিতার অকুণ্ঠ প্রশংসা। আমরা জানি নিবেদিতা স্বয়ং অতি উচ্চস্তরের লেখিকা এবং সে-কারণেই অন্যের রচনার বিষয় ও শৈলী সম্বন্ধে নিবেদিতার সিদ্ধান্ত ছিল কঠোর। কিন্তু শ্রী অরবিন্দের স্বদেশীযুগের যে-সমস্ত রচনা সে-সম্বন্ধে নিবেদিতা তাঁর প্রশস্তি জ্ঞাপনে অকুণ্ঠ। সমকালীন ভারতীয় লেখকদের মধ্যে যাঁরা ইংরেজীতে লিখেছেন, তার মধ্যে তিনি শ্রীঅরবিন্দকে শ্রেষ্ঠ মনে করেছেন। Modern Review - এর June 1909 সংখ্যায় শ্রীঅরবিন্দের 'To the Sea' কবিতাটি সম্বন্ধে নিবেদিতা ২৪-শে জুন The Statesman পত্রিকার তদানীন্তন সম্পাদক Ratcliff ও তাঁর স্ত্রীকে লিখেছেন,''Modern Review এ অপূর্ব কবিতা 'To the Sea' বিপিনের কারাগারের রচনা ফসলের তুলনায় কত না পৃথক।" কর্মযোগিনে শ্রী অরবিন্দের রচনা সম্বন্ধে Ratcliff -কে ২০ জানুয়ারী, ১৯১০ তারিখে নিবেদিতা লিখছেন - ''তুমি যেন প্রতি সপ্তাহে কর্মযোগিন্ পাও, এটা কীভাবে যে চাইছি, কী বলব! আমার মতে, ওতে চিন্তা ও স্টাইলের একেবারে বিজয়ী রূপ। অরবিন্দ অসাধারণ। অপরদিকে অবশ্য স্বীকার করতে হবে, দল চালাতে হলে কোন মানুষের পক্ষে তার আদর্শকে তরল করে নিতেই হয়।" (দ্রঃ নিবেদিতা লোকমাতা - শঙ্করী প্রসাদ বসু ও নিবেদিতার 'collected letters')

গ্রেপ্তার হবার আগে 'New Lamps for Old' শীর্ষক রচনাবলীতে (তখন সদ্য কেম্ব্রিজ ফেরত তরুণ শ্রীঅরবিন্দের বয়স মাত্র২১ বছর) এবং 'Bande Mataram' পত্রিকায় পূর্ণ স্বাধীনতার পক্ষে আপোসহীন প্রচারক এবং আইনভঙ্গের প্ররোচক ছিলেন শ্রীঅরবিন্দ। পরবতীকালে জেল থেকে মুক্তি পাওয়ার পর তিনি 'Karmoyogin' পত্রিকায় একটু পরিবর্তিত নীতি গ্রহণ করেছিলেন পরিবর্তিত অবস্থার পরিপ্রেক্ষিতে - এই পর্বে দেখি তিনি আন্দোলনের সঙ্গে সঙ্গে কিছুটা আইন রক্ষা করে চলবার নির্দেশও দিচ্ছেন। হয়তো এদিকটি লক্ষ করেই নিবেদিতা শ্রীঅরবিন্দ কর্তৃক 'আদর্শকে তরল করে' উপস্থিত করার কথা বলেছিলেন। যাই হোক, একটা কথা অনস্বীকার্য। নিবেদিতা মোটের উপর শ্রীঅরবিন্দের জাতীয়তামূলক রচনা সম্পর্কে এতটাই উৎসাহী ছিলেন যে, সে'গুলিকে গ্রন্থাকারে প্রকাশের জন্য চেষ্টা চালিয়ে যেতে থাকেন এবং কাজটা যেহেতু সহজ ছিল না, সেজন্য বিখ্যাত ব্যক্তিদের অনুরোধ করেছেন সাহায্যের জন্য। ২৬শে জুন ১৯০৯ র‍্যাট্‌ক্লিফকে লিখছেন ঃ ''সম্ভব হলে অরবিন্দের প্রকাশিত রচনাগুলি, আর সেই সঙ্গে বিচারের কালে উপস্থাপিত অন্য জিনিসগুলি নিয়ে একটি বই প্রকাশ করার ইচ্ছা আছে - যার শেষে থাকবে খাঁটি হিন্দুধর্মের অসাধারণ নমুনা -

ইংরাজীতে 'To the Sea', ভূমিকা অংশে থাকবে বিচারের বিবরণ, সওয়াল ও জবাবের নির্বাচিত অংশ এবং বিচারপতি কৃত সারসংক্ষেপ-বিবরণ। সেইসঙ্গে Modern Review-তে প্রকাশিত এই ছবিটি। ইংলণ্ড থেকে প্রকাশ করতে পারলেই ভাল - তাতে যদি খরচ দিতে হয়, তবু। তুমি কি ক্রুপটকিনের সঙ্গে যোগসাজসে কোনো প্রকাশক জোগাড় করতে পারো - হেইন্‌ম্যান বা অন্য কাউকে? ইংলন্ডে প্রকাশের সুবিধা তুমি বুঝবে, আর পুস্তকটি তৈরী হয়ে গেলে তুমি সম্ভবতঃ সাজেশন দিতে রাজী হবে।"

স্বয়ং র‍্যাটক্লিফ শ্রীঅরবিন্দের 'বন্দেমাতরম্' ও 'কর্মযোগিন'-এ প্রকাশিত রচনাগুলি সম্পর্কে ছিলেন উচ্ছ্বসিত। এই লেখাগুলি সম্বন্ধে তাঁর মূল্যায়ণ জাতীয়তাবাদী সাংবাদিকতার ইতিহাস চিরস্মরণীয় - ''(These writings) are marked by a brilliance and pungency, not hitherto attained in the Indian Press." নিবেদিতার নিজস্ব এক জাতীয়তাবাদী দর্শন ছিল, সেটি আমরা একটু পরে আলোচনা করব। এই জাতীয়তাবাদী দর্শন সম্পর্কে নিবেদিতা ১৮ই অগস্ট, ১৯১০ র‍্যাটক্লিফকে লিখেছিলেন, ''বিবেকানন্দের হৃদয় একে সৃষ্টি করেছে। ... জগদীশচন্দ্র বসু এর মর্ম বোঝেন, তবে নিষ্ক্রিয়ভাবে; তিনি জনপ্রিয় নেতা নন। মারাঠা (গোখেল) বোঝে কিনা সন্দেহ।" নিবেদিতা এখানে শ্রীঅরবিন্দকেই গবেষক শংকরী প্রসাদ বসুর ভাষায় ''উপলব্ধি ও প্রকাশের সামর্থ্য-গৌরব দিয়েছেন"; নিবেদিতার সিদ্ধান্ত ঃ ''অরবিন্দ ঘোষই একমাত্র ভারতীয় মনস্বী পুরুষ যিনি জাতীয়তাকে সৃষ্টিশীল চরিত্রে আয়ত্ত করতে পেরেছেন।"

জেল থেকে ছাড়া পাবার পর শ্রীঅরবিন্দ যখন 'কর্মযোগিন' পত্রিকায় তাঁর জাতীয়তাবাদের আদর্শ ও কর্মকৌশল বোঝাচ্ছিলেন, তখন দ্বিতীয়বার আবার তাঁর গ্রেপ্তারের সম্ভাবনা বিষয়ে নিবেদিতা শ্রীঅরবিন্দকে সতর্ক করেন। এ বিষয়ে ১৩ই সেপ্টেম্বর ১৯৪৬ তারিখে Sri Aurobindo on Himself গ্রন্থে শ্রীঅরবিন্দ লিখেছেন ঃ (''নিবেদিতার বাগবাজারের বাড়িতে) আমার এই প্রকার এক সাক্ষাতের কালে তিনি (নিবেদিতা) আমাকে জানালেন - সরকার আমাকে চালান দেবার মতলব করেছে। তিনি চান, আমি যেন গা ঢাকা দিই, কিংবা বৃটিশ-ভারত ত্যাগ করি, এবং বাইরে থেকে অব্যাহতভাবে কাজ করে যাই। ... আমি তাঁকে বললাম, ঐ সাজেশন গ্রহণের প্রয়োজন আছে বলে আমি মনে করি না, তার বদলে কর্মযোগিন-এ একটা খোলা চিঠি লিখব যা আমার ধারণা সরকারকে প্রতিনিবৃত্ত করবে। সে কাজ করা হয়েছিল। পরে যখন তাঁর (নিবেদিতার) সঙ্গে সাক্ষাৎ করতে গেলাম, তিনি বললেন, আমার প্রচেষ্টা সম্পূর্ণ সফল হয়েছে এবং আমাকে চালান দেবার বাসনা পরিত্যক্ত।"

এই খোলা চিঠিতে শ্রীঅরবিন্দ পূর্ণ স্বাধীনতার কথা এবং নিষ্ক্রিয় প্রতিরোধ নীতি

(passive resistance) এবং বয়কটের কথাও বলেছিলেন। কিন্তু প্রথম যুগে আন্দোলনকালে বয়কটকে তিনি বৃটিশ বিরোধী সংগ্রামের হাতিয়ার বলেছিলেন, কিন্তু কর্মযোগিন পর্বে মনে হয় বয়কটকে শুধু আত্ম-স্বাতন্ত্র্য লাভের উপায়রূপে চিহ্নিত করেছিলেন। মডারেট দলের সঙ্গে একটা সমঝোতায় আসার কথাও কর্মযোগিন-এ ছিল। সেইসঙ্গে আরো একটা জিনিস লক্ষণীয় ঃ বন্দেমাতরম্-পর্বে শ্রীঅরবিন্দ আপোসহীন সংগ্রামের কথা ঘোষণা করেছেন পূর্ণ স্বাধীনতার দাবিতে, কিন্তু জেল থেকে মুক্তি পাবার পর পরিবর্তিত পরিস্থিতিতে তিনি কিছুটা নিয়মতান্ত্রিক পন্থার অনুসরণের কথাও বলেছেন ঃ A respect for the law is a necessary quality for endurance as a nation and it has always been a marked characteristic of the Indian people. We must therefore scrupulously observe the Law while taking every advantage both of the protection it gives and the lattitude it still leaves for pushing forward our cause and our propaganda. With these stray assassinations which have troubled the country we have no concern, and, having once clearly and firmly dissociated ourselves from them, we need notice them no further. They are the rank noxious fruit of a rank and noxious policy and until authors of that policy turn from their errors, no human power can prevent the poison-tree from bearing according to it kind."

দেখতে পাচ্ছি শ্রীঅরবিন্দ বৈপ্লবিক হত্যাকাণ্ডের সঙ্গে নিজেদের যোগাযোগকে সম্পূর্ণ অস্বীকার করেছেন। কিন্তু এটি তাঁর কারাগার থেকে মুক্তির পর অনুসৃত নীতি বলে ঐতিহাসিকদের মধ্যে কারো কারো (শংকরী প্রসাদ বসু যাঁর অন্যতম) মনে হয়েছে। কিন্তু চারুচন্দ্র দত্তের বিখ্যাত গ্রন্থ 'পুরানো কথা' এবং বারীন্দ্র কুমার ঘোষের 'আত্মকাহিনী' গ্রন্থে পরিষ্কার দেখতে পাওয়া যায় শ্রীঅরবিন্দ বৈপ্লবিক কাজকর্ম ও জাতীয়তাবাদের নাম করে ইংরেজ রাজপুরুষদের হত্যাকাণ্ড আদৌ সমর্থন করেননি (যেমন কিংসফোর্ড হত্যার প্রয়াস)। তিনি গঠনমূলকভাবে দেশকে প্রস্তুত করা এবং নিজেদের ভাগ্য নির্ধারণ করার জন্য স্বায়ত্তশাসনের জন্য প্রস্তুত হওয়া - এইদিকেই দেশবাসীকে জাগ্রত করতে চেয়েছেন। পরবর্তীকালে একটি বক্তৃতায় নিয়মতান্ত্রিক পথে উদ্দেশ্য সিদ্ধির বাসনা পরিষ্কার লক্ষ করি ঃ

"Our ideal of Swaraj involves no hatred to any other nation nor of the administration which is now established by law in this country .... Our methods are to ... evolve a government of our own for our

internal affairs so far that could be done without disobeying the law or questioning the legal authority or the bureaucratic administration ... The Nationalist Party stood for democracy, constitutionalism and progress." (Sri Aurobindo's Speeches, Sri Aurobindo Ashram : Pondicherry, 1952). তবে এ কথা ঠিক যে, 'খোলা চিঠিতে শ্রীঅরবিন্দ একটা কথা দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছেন - সেটি হল ঃ 'No Co-operation without control' (কোনো ক্ষমতা না পেলে, কোনো সহযোগিতা নয়)।

এখানে একটি কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। নিবেদিতা এই আশংকা করেছিলেন যে, শ্রীঅরবিন্দের লেখা 'খোলা চিঠি' (Open Letter) ভারত-সচিব লর্ড মর্লের কাছে যাতে না পৌঁছয়, সেজন্য ভারতে দায়িত্বপ্রাপ্ত ইংরেজ শাসককুল চেষ্টা চালাবে। নিবেদিতা তাই শ্রীঅরবিন্দের এই খোলা চিঠিটি ইংলণ্ডের নানা স্থানে পাঠাবার ব্যবস্থা করেন - কারণ তিনি চেয়েছিলেন, Nationalist-এর রীতিনীতি সম্বন্ধে ঊর্ধ্বতন মহলকে ভুল বুঝিয়ে যাতে শ্রীঅরবিন্দকে চালান দেবার অনুমতি আদায় করা না যায়। তাতেও থেমে না গিয়ে নিবেদিতা তাঁর ইংলণ্ডের বন্ধুবান্ধবদের বোঝাতে চেষ্টা করেন - ভিতরে বাইরে চাপ দিয়ে শ্রীঅরবিন্দের গ্রেপ্তার ঠেকাতে তাঁরা যেন চেষ্টা করেন। র‍্যাট্‌ক্লিফ-দম্পতিকে নিবেদিতা ৫.৮.১৯০৯ তারিখে লেখেন ঃ ''মনে হয়, এই সপ্তাহেই তোমাদের কাছে কর্মযোগিন পৌঁছবে। আমি অফিসে তা পাঠিয়ে দিচ্ছি। এর মধ্যে যে 'খোলা চিঠি' আছে, তা ও-মহলে চাঞ্চল্য ঘটিয়েছে। ওর কপি, আমার ধারণা, মর্লে ও সকল সাংবাদিকের কাছে পাঠানো হয়েছে। কিন্তু সেগুলি পৌঁছতে না পারে। ... খোলা চিঠির লেখককে যদি চালান দেওয়া হয়, তাহলে দিন দুয়েকের মধ্যেই তা ঘটবে, এবং এই চিঠি পৌঁছবার আগে তুমি তা জানতে পারবে। তোমার ব্যবহারের জন্য তোমাকে কর্মযোগিন-এর আর একটা সংখ্যা পাঠাতে চেষ্টা করব। ... অরবিন্দ ঘোষকে যদি সত্যই চালান দেওয়া হয় তাহলে তার আসল কারণ তুমি অবশ্যই বুঝবে - নয়জন নেতাকে চালান দেবার পরে সমস্ত দেশ ঝিমিয়ে পড়েছিল, আর তা দেখে সরকার তার মহাপ্রজ্ঞার মূল্য বুঝেছিল। আবার যে মুহূর্তে আলিপুর বোমার মামলার বন্দীরা মুক্ত রয়েছে অমনি পুনর্জাগরণের লক্ষণ দেখা গেছে। সুতরাং নীতিকথা এইঃ জাগরণের কর্তাটিকে পাকড়াও, ফাটকে ফেলে দাও। এই পদ্ধতি তাদের অনন্তকাল চালিয়ে যেতে হবে। নৈতিক নয় - কেবল ফৌজদারি আইনের শক্তি। একটা সরকার কতদিন এই নীতি ধরে চলতে পারে? আর তাদের পক্ষে এমন নীতি আরম্ভ করার অর্থই হয় না যদি না একে চূড়ান্তভাবে সর্বাত্মক করে।''

শ্রীঅরবিন্দকে গ্রেপ্তারের জন্য সরকারের চেষ্টা অব্যাহত ছিলই। শ্রীঅরবিন্দ তা

জানতেন। তাই তিনি ২৫শে ডিসেম্বর আবার একটা খোলা চিঠি কর্মযোগিন-এ প্রকাশ করলেন, তার মধ্যে নিজের মত, পথ সরকার ও সকলের কাছে পরিষ্কার ভাষায় ব্যক্ত করলেন। এখানেও তাঁর বক্তব্যের সুর বন্দেমাতরম্ পর্বের থেকে অনেক কম। তবুও এর অংশবিশেষ সরকারের কাছে রাজদ্রোহকর ঠেকেছিল। সেইটি লক্ষ করে নিবেদিতা লিখেছেন, সরকার শ্রীঅরবিন্দকে গ্রেপ্তারের পরিকল্পনা করেন। এই চেষ্টাকে ঠেকাতে নিবেদিতা উঠে-পড়ে লাগেন। শ্রীঅরবিন্দের ঐ প্রবন্ধটি নানা স্থানে পাঠিয়ে তিনি ভারত-বন্ধুদের বোঝাতে চেষ্টা করেন, ঐ প্রবন্ধটির কারণে শ্রীঅরবিন্দকে গ্রেপ্তারের চেষ্টা করা হলে তারা যেন বিরোধিতা করেন।

শ্রীঅরবিন্দ নিজে লিখে গেছেন নিজের ভিতরে ঈশ্বরের আদেশ পেয়ে তিনি প্রথমে চন্দননগর এবং পরে পণ্ডিচেরী চলে যান। এখানে যেটি বিশেষভাবে স্মরণীয় তা হল *শ্রীঅরবিন্দ আর কোনো তদানীন্তন বিখ্যাত লেখক বা রাজনৈতিক নেতার উপর দায়িত্ব না দিয়ে নিবেদিতার উপর কর্মযোগিন চালাবার ভার দিয়ে যান।* নিবেদিতা সে দায়িত্ব যথাযোগ্য দক্ষতায় কিছুকাল পালন করে গেছেন। সেখানে প্রকাশিত নিবেদিতার রচনাগুলি চিরস্মরণীয় হয়ে থাকবে।

(দুই)

এবার আমরা নিবেদিতার রাজনৈতিক কর্মকাণ্ডের কথায় আসছি। ১৯২৯ সনে মাসিক 'বসুমতী' পত্রিকায় হেমচন্দ্র কানুনগো-র একটি লেখা থেকে আমরা কিছু তথ্য পাই। হেমচন্দ্র লিখেছেন - "১৯০২ খ্রীষ্টাব্দে গ্রীষ্মকালে, বোধ হয় জুন মাসে, শ্রদ্ধেয়া শ্রীমতী ভগিনী নিবেদিতা অ-বাবুর চেষ্টায় মেদিনীপুরে এসেছিলেন। ... তাঁকে অভ্যর্থনা করার জন্য মেদিনীপুর স্টেশনে সমিতির সভ্যগণ প্রায় সকলে এবং অন্যান্য ভদ্রলোক উপস্থিত ছিলেন। গাড়ী স্টেশনে থামলে তাঁকে দেখে অনেকে হিপ-হিপ হুররে বলে চেঁচিয়ে উঠেছিলেন। এই না শুনে তিনি আঁতকে উঠলেন এবং হাত নেড়ে চুপ করতে ঈঙ্গিত করলেন। আমরা নিশ্চয় অবাক হয়েছিলাম। তখন তিনি বুঝিয়ে বলেন যে, হিপ-হিপ হুররে ইংরেজ জাতির জাতীয় উল্লাসধ্বনি, ভারতবাসীর উল্লাসধ্বনি ইহা হওয়া উচিত নহে। তখনও 'বন্দেমারতম্' ব্যবহার হয়নি। যখন বলতে বাধ্য হয়েছিলাম যে, আমাদের তেমন কিছুই নাই, তখন তিনি নিজের হাত তুলে তিনবার বলেছিলেন - 'ওয়া গুরুজী কি ফতে, বোল্ বাবুজী কা খালসা।' আমরাও তাঁর সঙ্গে যোগ দিয়েছিলাম। ... একজন ও হেন ইংরেজ মহিলাকে, আমরা এই ইংরেজ তাড়ানোর সহায় মনে করে, অন্তত আমাদের মিইয়ে যাওয়া উদ্যম ও আগ্রহ আবার তাজা হয়ে উঠল।...

''তিনি এখানে পাঁচদিন ছিলেন। প্রত্যহ সন্ধ্যায় ধর্মের মধ্যে দিয়ে রাজনীতি সম্বন্ধে বক্তৃতা দিতেন; সকালে সে সম্বন্ধে প্রশ্নের উত্তর দিতেন। প্রথমদিনের বক্তৃতায় অনেক

লোক এসেছিল, বক্তৃতা শেষ হবার পূর্বে অনেকে সরে পড়েছিল। সেজন্য স্থানীয় অবসরপ্রাপ্ত একজন উচ্চ কর্মচারী তাঁকে বলেছিলেন - 'আপনার বক্তৃতায় রাজনীতির তীব্রতা বেশি ছিল বলে অনেকে সরে পড়েছিলেন। পরের বক্তৃতায় হয়তো লোক হবে না।' ইহার উত্তরে তিনি বলেছিলেন, 'আপনি আমায় ভয় দেখাবেন না। আমার শিরাতে স্বাধীন জাতির রক্ত এখনও প্রবাহিত, যারা ভয় পায় আমার বক্তৃতা তাদের জন্য নয়।' ... তাঁকে দিয়েই আমাদের আখড়ার উদ্বোধন কার্য সমাধা হয়েছিল। তাতে তিনি যেরূপ আগ্রহ ও উচ্ছাস দেখিয়েছিলেন, তা মনে হলে তাঁর প্রতি শ্রদ্ধায় প্রাণ উথলে উঠে। ... আমাদের গুপ্ত সমিতির সভ্য ছাড়া আখড়ার পৃষ্ঠপোষক ও অন্য লোক এই উদ্বোধনের ব্যাপারে গূঢ় রহস্য জানতেন না। তারা ভগিনীর ভাব দেখে নিশ্চয় অবাক হয়েছিলেন। ... ভগিনী নিজে তলোয়ার খেলে, মুগুর ভেঁজে, লাঠি ঘুরিয়ে ও অন্যান্য কসরত করে আমাদিগকে অনুপ্রাণিত করে দিয়েছিলেন। আর একদিন তিনি স্থানীয় কয়েকজন ভদ্রমহিলাদের সম্মেলনে বক্তৃতা দিয়েছিলেন। দু-একজন স্ত্রীলোককে বন্দুক ছুঁড়তে শিখিয়েছিলেন।''

এইভাবে নিবেদিতা বাংলার জেলায় জেলায় ঘুরে বেড়িয়েছেন এবং তরুণদের সামনে বক্তৃতা দিয়েছেন, তাদের সংগঠিত করে বিপ্লবী সমিতিতে যোগ দেওয়ানোর চেষ্টা চালিয়ে গেছেন। এই প্রসঙ্গে একটি কথা আমাদের কাছে চিরকাল অবিস্মরণীয় হয়ে থাকবে। বিপ্লবী দলের সঙ্গে সংযোগ এবং বৈপ্লবিক কাজকর্মে সহায়তা প্রদান চালিয়ে যেতে গিয়ে একটা পর্বে বেলুড় মঠে স্বামী সারদানন্দ আর স্বামী ব্রহ্মানন্দের সঙ্গে আলোচনা করে বুঝতে পারলেন স্বদেশী রাজনীতির সঙ্গে প্রত্যক্ষ যোগ রাখলে মঠ ও মিশনের সঙ্গে যোগাযোগ রাখা সম্ভব নয়। ১৮ই জুলাই তিনি সোজাসুজি চিঠি লিখে মঠ ও মিশনের সঙ্গে তাঁর সম্পর্ক ছিন্ন করলেন। যে চিঠিটি নিবেদিতা লিখেছিলেন তার থেকে একটু অংশ উদ্ধৃত করা যাকঃ

"Dear Swami Brahmananda, Will you accept on behalf of the Order and myself my acknowledgement of your letter received this evening. Painful as the occassion, I can but acquiesce in any measures that are necessary to my complete personal freedom.

I trust, however, that you and other members of the Order will not fail to lay my love and reverence daily at the foot of the ashes of Sri Ramkrishna and my old beloved Guru.

I shall write to the Indian papers and acquiant them as quietly as possible with my changed position.

Yours in all gratitude and good faith,

Nivedita of Ramkrishna

(উৎস ঃ 'নিবেদিতা' - শর্মিলা বসু দত্ত)

আমরা জানি, স্বামী বিবেকানন্দ রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেছিলেন প্রধানত আধ্যাত্মিক ও মানবিক উদ্দেশ্যে - যেখানে আধ্যাত্মিকতা আর সেবাধর্মই প্রাধান্য পাবে। এ কথাও তিনি জানিয়েছিলেন মিশনের সংগে রাজনীতির কোনো যোগ থাকবে না। কিন্তু আয়ার্ল্যাণ্ডের বিপ্লবে যিনি লালিত হয়েছেন, সেই নিবেদিতা ভারতের স্বদেশী আন্দোলনের ডাক উপেক্ষা করতে পারেননি। তাঁর নিজেরই দেশাত্মবোধ দিয়ে ভারতবর্ষের মানুষের দেশাত্মবোধের সঙ্গে একাত্মতা অনুভব করেছিলেন। এবং তাঁর ভারতবর্ষের প্রতি দেশাত্মবোধ শুধু বিপ্লব আন্দোলনেই সীমায়িত ছিল না - স্বামীজী তাঁকে যে ভারতপ্রেমে উজ্জীবিত করেছিলেন, ভারতবর্ষের স্বাধীনতার জন্য নিবেদিতার প্রয়াস সেই প্রেমেরই স্ফূরণ। আমরা দেখতে পাই ভারতবর্ষের সম্বন্ধে তাঁর যে প্রেম তা ভারতবর্ষের সম্বন্ধে তাঁর অপার অন্তরঙ্গ জ্ঞান ও চেতনায় প্রোথিত ছিল। ১৯০২ খ্রীষ্টাব্দের ২১শে সেপ্টেম্বর নিবেদিতা তাই যাত্রা শুরু করেছিলেন ভারত ভ্রমণের উদ্দেশ্যে - নাগপুর, মুম্বাই, গিরিগাঁও, ওয়ারধা, অমরাবতী, বরোদা, অমেদাবাদ ঘুরে তিনি বক্তৃতা দিয়েছেন। মুম্বাইয়ের একটি বক্তৃতায় নিবেদিতা বললেন -

''আমি নিজেকে কৈবল্য-প্রাপ্ত, বিখ্যাত ও পরমপূজ্য স্বামী বিবেকানন্দে শিষ্যা - কেবল শিষ্যা নয় - কন্যা বলে মনে করি। অর্থাৎ আমি একজন হিন্দু কুমারিকা, এবং এই ধর্মে আমার নূতন জন্ম হয়েছে বলে আপনাদেরই ছোটবোন। আপনারা মনে প্রাণে আমাকে ছোটবোন মনে করে ভালোবাসবেন, - এই দেশকে আমি আমার দেশ ভেবে নিয়ে এখানে স্থায়ীভাবে থাকতে এসেছি। অতএব আমাকে ঘৃণা না করে আপনাদের সঙ্গে বারবার মিশবার সুযোগ করে দিন, তাহলেই আমার জন্ম সার্থক হয়েছে বলে মনে করব।'' (উৎস ঃ শর্মিলা বসু দত্ত)

এই পর্বেই বরোদায় অরবিন্দ ঘোষের সঙ্গে নিবেদিতার দেখা, সে কথা আমরা আগে লিখেছি। ফেরার পথে *দৌলতাবাদ হয়ে অজন্তা-ইলোরার গুহাচিত্র দেখে ২৩শে নভেম্বর কোলকাতায় প্রত্যাবর্তন নিবেদিতার। যে ভারতবর্ষকে স্বামীজী নিবেদিতাকে দেখাতে চেয়েছিলেন, তারই জাগ্রত আত্মাকে অজন্তা-ইলোরার শিল্প-ঐতিহ্যের মধ্যে প্রত্যক্ষ করলেন নিবেদিতা। এরপর ৮ই ডিসেম্বর নিবেদিতার যাত্রা দাক্ষিণাত্যের পথে। মাদ্রাজে এসে একমাস থেকে মাদ্রাজবাসীকে ভারতবোধে উদ্বোধিত করলেন। নিবেদিতা সম্পর্কে বিবেকানন্দ ভবিষ্যদ্বাণী করেছিলেন যে, ভারতবর্ষ তাঁর হাতের মুঠোয় ধরা দেবে। সে বাণী নিবেদিতার মধ্যে সত্যরূপ নিয়েছিল। মাদ্রাজে একটি*

বিবৃতিতে তিনি লিখেছিলেন - ''... দেশে বহু শক্তিশালী কর্মী জন্মাবে, যারা কাজের জন্যই কাজ করবে, স্বদেশ আর স্বদেশবাসীর সেবার জন্য মৃত্যু পর্যন্ত বরণ করতে তৈরী থাকবে। এই স্বদেশের কাছ থেকেই আমরা সব পেয়েছি - আমাদের জীবন, আহার, বন্ধু, পরিজন, শ্রদ্ধা। এই দেশই কি আমাদের প্রকৃত মা নন? তাঁকে কি আবার মহাভারতবর্ষরূপে দেখবার ইচ্ছা আমরা পোষণ করব না?''

(উৎস ঃ তদেব)

(তিন)

বৃটিশ শাসন থেকে ভারতবর্ষকে মুক্ত করার আকাঙ্ক্ষা নিবেদিতার হৃদয়ে গভীরভাবে বেজেছিল, নিবেদিতার চিঠিপত্র এবং বক্তৃতাগুলি তার প্রমাণ দেয়। চিঠিপত্রে দেখি স্বাধীনতা লাভের জন্য সশস্ত্র মুক্তি আন্দোলনে নিবেদিতার পূর্ণ সমর্থন। ১৯০৩, ২৮শে জানুয়ারী **অ্যালবার্টা** এবং **হোলিস্টারকে** চিঠিতে নিবেদিতা লিখছেন "When will the Motherland rise again - the Gita in one hand and the sword in the other." - ১৯০৪ আগষ্ট জোসেফিন ম্যাকলিউডকে লিখেছেন - ''How long? Oh if the Mother would give me 'strength like Thunderbolt' and words with unspoken menace in them - and weight of utterance."

তরুণ যুবকদের সঙ্গে আলাপের সময় তাদের মনে জাতীয়তাবোধ জাগ্রত করার চেষ্টা চালিয়ে গেছেন নিবেদিতা, তার একটি পরিচয় পাওয়া যায় গবেষক **শংকরীপ্রসাদ বসু**-র গ্রন্থে (লোকমাতা নিবেদিতা) উদ্ধৃত 'বিবেকানন্দ বোডিং হাউস'-এর অন্যতম আবাসিক ছাত্র **প্রমথরঞ্জন নাগের** স্মৃতিচারণায়। ঘরোয়া এই আলাপচারিতায় ধর্ম প্রসঙ্গে কথা বলতে বলতে নিবেদিতা আরো বৃহত্তর প্রসঙ্গে গেলেন - ''But my dear young boys, besides all your conception or knowledge of DHARMA, I shall now tell you something of a higher, nobler and more sacred factor in your lives which I would urge most honestly and emphatically to you all to follow or act as your sublimest and greatest DUTY, the first and foremost obligation.

"You all are required to know your Motherland - your great MOTHER!

"MOTHER BHARATMARSHA!

I would advise you to see Her, go round Her, to know Her people, their religion, culture, literature, language, customs and traditions, in one word their history thoroughly, to meet them and mix with

them initmately often, whenever such an opportunity occurs to love them. Just as a son or a dauther behaves or mixes with his or her mother freely and intimately, so you should love Her, respect Her, serve Her, worship Her with most reverential salutation!

BANDE MATARAM"

প্রমথরঞ্জন তাঁর স্মৃতিকথায় জানিয়েছেন বন্দেমাতরম্ কথাটি নিবেদিতা খুব স্পষ্টভাবে সংস্কৃতে উচ্চারণ করেছিলেন। প্রমথরঞ্জন লিখেছেন, ''১৯০৩ সালে একটি ছাত্রাবাসের কক্ষে যে পূত শব্দটি উচ্চারিত হয়েছিল তা অল্পদিনের মধ্যেই ছড়িয়ে পড়েছিল আগুনের মতো। নিবেদিতা বঙ্কিমচন্দ্রের উপন্যাস থেকে মাতৃমন্ত্র তুলে এনে তার প্রাণপ্রতিষ্ঠা করে দিয়েছিলেন।"

মুম্বাই সফরের পরে নিবেদিতা নাগপুরে আসেন এবং বিচারপতি কোহ্লটকরের বাড়িতে ওঠেন। ৮ থেকে ১১ই অক্টোবর প্রতিদিন সন্ধ্যায় বিভিন্ন সভায় বক্তৃতা দেন। সমসাময়িক সংবাদপত্রে রিপোর্ট অনুযায়ী নিবেদিতার এইসব সভায় বেশ জনসমাগম হতো। *১১ই অক্টোবর নাগপুরের মরিস কলেজে ছাত্রদের একটি ক্রীড়া প্রতিযোগিতায় নিবেদিতা পুরস্কার বিতরণ করেন। ঐ সভায় উপস্থিত জি.ভি. দেশমুখ ১৯৫৩ সালে এ সম্পর্কে যে স্মৃতিচারণা করেছিলেন 'প্রবুদ্ধ ভারত' পত্রিকায়, সেখান থেকে দেখা যায় নিবেদিতা কীভাবে সেখানে ছাত্র, যুব-সমাজকে অনুপ্রাণিত করেছিলেন।*

বিশেষভাবে ছাত্রদের নিবেদিতা কী বলেছিলেন সেটি দেশমুখের লেখা থেকে শোনা যাক ঃ ''We are having too much of higher education and too many graduates are turned out of the universities, who are completely physical wrecks, unfit to protect themselves, their mothers, or their sisters in time of difficulties. Such weaklings can be of no use to society. The country needs robust and patriotic men instead of persons who serve a foreign government and dominate over their countrymen. They alone can uplift the country. You should feel disgusted to perpetuate the authoritarian rule of a foreign government by serving it.

এইখানে একটা বিষয় আমাদের আগ্রহ জাগিয়ে তোলে। একদিকে নিবেদিতা অরবিন্দ ঘোষের সঙ্গে যোগাযোগ রেখেছেন - যিনি একজন চরমপন্থী বা জাতীয়তাবাদের নেতা বলে পরিচিত; অন্যদিকে নিবেদিতা একইসঙ্গে Moderate বা নরমপন্থী নেতা গোপাল কৃষ্ণ গোখেলের সঙ্গে বন্ধুত্ব ও আলাপচারিতায় নিবিষ্ট হন। মারাঠা নেতা

গোখেলের সঙ্গে বন্ধুত্বে আবদ্ধ হয়ে নিবেদিতা অত্যন্ত আনন্দিত হয়েছেন এই ভেবে যে একজন মারাঠা নেতা বাংলার এত প্রীতিভাজন এবং একই সঙ্গে শ্রদ্ধার পাত্র তাঁর ধীশক্তি, তাঁর সাহস এবং নিঃস্বার্থ ভাবের জন্য। ১৯০২ খ্রীষ্টাব্দে গোখেল ছিলেন ভাইসরয় কাউন্সিলের সদস্য। কাউন্সিলে গোখেলের বক্তব্য - নিবেদিতার ভাষায় 'manly speech to the Viceroy' - নিবেদিতার অকুণ্ঠ প্রশংসা অর্জন করে। গোখেলের নরমপন্থী কোনোসময়ই অরবিন্দ ঘোষ মেনে নিতে পারেননি। আমরা জানি নিবেদিতার চরমপন্থী বা জাতীয়তাবাদী দলের নীতির প্রতি বেশি সমর্থন ছিল। তাই গোখেলের সঙ্গে অরবিন্দ ঘোষের কোনো সহযোগ বা বোঝাপড়া না হলেও নিবেদিতা চেষ্টা করেছিলেন গোখেলের মতো একজন প্রতিভাবান ব্যক্তিকে কিছুটা হলেও যদি তাঁর নিজের বিপ্লবাত্মক নীতির প্রতি আকৃষ্ট করা যায়। এর প্রমাণ রয়েছে নিবেদিতার কিছু চিঠিতে। ১৯০৫ সালে লর্ড কার্জন যখন বঙ্গভঙ্গের সিদ্ধান্ত নিলেন, তখন কংগ্রেসের প্রতিনিধিরূপে গোখেল ইংল্যান্ডে যান। নিবেদিতা চেয়েছিলেন মডারেট গোখেল ইংলণ্ডে positivist রাজনীতিবিদদের সঙ্গে যোগাযোগ করুন। ১৯০৫ সালের ২০ সেপ্টেম্বর শ্রীমতি হেস্টি-কে একটি চিঠিতে নিবেদিতা লেখেন - ''This letter is to introduce to you Mr. G. K. Gokhale of Poone - the leading Indian member of Viceroy's Council. Mr. Gokhale is only in England for a few weeks, and I do want him meet all the leading Positivists and especially your friend Mr. Wilson.'' নিবেদিতা চেয়েছিলেন মডারেট গোখেল ইংলণ্ডে বিশিষ্ট ব্রিটিশ সাংবাদিক উইলিয়াম স্টেডের সঙ্গে কথা বলে লর্ড কার্জনের কার্যকলাপ পরিস্কারভাবে জানান এবং কার্জনের বিরুদ্ধে ইংলণ্ডের রাজনৈতিক মহলে একটি জনমত গড়ে তুলুন। ২০ সেপ্টেম্বর ১৯০৫ উইলিয়ম স্টেড-কে নিবেদিতা লিখলেন - ''Mr. Gokhale is the forthcoming leader of the Congress. He is also the leading Indian Member of the Viceroy and has fought a duel three winters long with Lord Curzon over the educational question. Mr. Gokhale's own achievements as a university graduate are such as to make him an authority of this question, apart from the fact he voiced the opinion of an India that was united to a man ... There is no man so qualified as Mr. Gokhale to expose to you and to world the perfect tissue of lies of which that speech (of Lord Curzon at Shimla on education) consists''

মডারেট গোখেলের একটা সমস্যা ছিল, সেটি হল তাঁর ইংরেজ ভক্তি। ইংলণ্ডে গিয়ে কঠোর প্রতিবাদ না করতে পারেন এ'রকম একটা সম্ভাবনা বোধ হয় নিবেদিতা বুঝতে পেরেছিলেন, তাই মডারেট পন্থী গোখেলকে খানিকটা কঠোরভাবে সচেতন করে দিতে

চেয়েছিলেন নিবেদিতা। সেজন্য গোখেলকে এই কড়া চিঠিটি লিখেছিলেন ঃ "I hope you will not be shut up while you are in England, amongst a few saintly and exquisite persons, but that you will have the chance of judging my people as they really are - often blood thirsty - always money thirsty - degraded by unjust words and rapidly losing hold of the things that were of old the glory of the English home."

(চার)

এরপর আসে স্বদেশী এবং বয়কট আন্দোলন সম্বন্ধে নিবেদিতার আন্তরিক সমর্থনের কথা। ১৯০৬-এর মার্চে The Indian Review পত্রিকায় নিবেদিতা লিখেছেন ঃ "The note of manliness and self-help is sounded throughout the Swadeshi Movement. There is here no begging for help, no clinging for concession... there will yet come a time when in India a man who buys from a foreigner what his own countrymen would by any means supply will be regarded as on level with the killer of cow today. For assuredly, the two offences are morally identical ... It is precisely in a matter like the keeping of the Swadeshi vow that the Indian people especially can find an opportunity to show their true mettle.

কিন্তু দুঃখের কথা, শেষ পর্যন্ত স্বদেশী আন্দোলন সম্পর্কে নিবেদিতা হতাশ হয়েছিলেন, কারণ স্বদেশী আন্দোলনকে একটা সাংগঠনিক রূপ দেওয়া যায়নি - তা অনেকটাই বিক্ষিপ্ত এবং লক্ষ্যভ্রষ্ট হয়েছিল। ১৯১০ এর ১৪ই সেপ্টেম্বর স্বদেশী আন্দোলনের ব্যাপারে নিবেদিতা তাঁর হতাশা জানিয়েছিলেন S. K. Ratcliff কে -"But for the moment, things grow steadily worse. The people have lost ground In Educational opportunity, what an infinite loss! Then journalism has been crushed. Swadeshi has been shattered. And poverty goes worse and worse ... I am down - hearted - but oh! things are dreadful!!! The proverty makes one ill to look upon - and it is growing. And is there, after all any hope? These people are children. It is really sheep against wolves."

১৯০২ সালে আরো একটা ঘটনা ঘটল যার ফলে নিবেদিতা তদানীন্তন বড়লাট লর্ড কার্জন এবং এ দেশে বৃট্রিশ প্রশাসন সম্পর্কে অত্যন্ত অসন্তুষ্ট হলেন। নিবেদিতার ধারণা হয়েছিল লর্ড কার্জন ভারতীয়দের প্রাপ্য অধিকার এবং মর্যাদা কেড়ে নেবার উপক্রম

করেছেন। নিবেদিতার এ ধারণা অমূলক ছিল না। একটি দৃষ্টান্তই যথেষ্ট। সেটি হল ১৯০৪ সালের 'Universities Act' । ১৯০২ সালে কার্জন 'Universities Commission' গঠন করেন। এর পিছনে কার্জন মূলত দু'টি জিনিস চেয়েছিলেন - একনম্বর, উচ্চশিক্ষার ক্ষেত্রে পুরোপুরি সরকারী নিয়ন্ত্রণ কায়েম করা এবং ভারতীয়দের উচ্চশিক্ষার সুযোগ সংকোচন করা। এমনকী কার্জন একটি কুমন্তব্যও করেছিলেন - যাদের টাকা নেই, তাদের উচ্চশিক্ষার প্রতি আগ্রহী হওয়ার দরকার কী। সাধারণ ভারতীয়রা উচ্চশিক্ষা পান, এটা কার্জনের কাম্য ছিল না। *আসলে ব্রিটিশ রাজশক্তির কৃপাধন্য দেশীয় রাজন্যবর্গ, সামন্ত প্রভু, ও ধনী পরিবারগুলি একমাত্র এই সুযোগ পাক, মনে হয় এটিই কার্জনের অভিপ্রেত ছিল, এই Universities Commissionএর সুপারিশের বিরুদ্ধে দু'জন প্রতিবাদ জানান - নিবেদিতা এবং রবীন্দ্রনাথ।*

আমরা জানি ১৯০৫ সালে লর্ড কার্জনের বঙ্গভঙ্গ সিদ্ধান্তের প্রতিবাদে সারা বাংলায় আন্দোলন তীব্র হয়ে ওঠে। এই বছর আর একটি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে। সেটি হল ফেব্রুয়ারীতে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন উৎসবে কার্জনের ভাষণকে কেন্দ্র করে ভয়ানক বিক্ষোভ দেখা দেয়। এই দুটি ক্ষেত্রেই কার্জনের সিদ্ধান্ত ও বক্তব্যের বিরুদ্ধে নিবেদিতার প্রতিবাদ চিরস্মরণীয়। ১৯০৫ সালের ১১ই ফেব্রুয়ারী কলকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে লর্ড কার্জন রাজ্যবাসীকে প্রকারান্তরে মিথ্যাবাদী বলেন। কার্জনের বক্তব্যের মূল কথা - প্রাচ্যের তুলনায় পাশ্চাত্যের নীতিকথার স্থান অনেক উচ্চ। কার্জনের বক্তব্য একটু দেখা যাক ''Untruthfulness consists in saying or doing anything that gives an erroneous impression either of one's own character or of other people's conduct or the facts and incidents of life. I say that the highest ideal of truth, is to a large extent, a western conception. Undoubtedly, truth took a higher place in the moral codes of the West before it had been similarly honoured in the East.''

নিবেদিতা এই কনভোকেশন উপস্থিত ছিলেন। **প্রব্রাজিকা মুক্তিপ্রাণার** লেখায় পড়ি ঃ ''সভায় উপস্থিত বহু বিশিষ্ট ব্যক্তি এই উক্তিতে বিলক্ষণ অপমান বোধ করিলেও কেহ কোনো উত্তর দিলেন না। সভাকক্ষে অখণ্ড নীরবতা দেখা গেল। বক্তৃতান্তে লর্ড কার্জন চলিয়া গেলে শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় প্রভৃতি সেনেট হলের দ্বারপ্রান্তে দাঁড়াইয়া এই অপমানজনক উক্তির আলোচনা করিতে লাগিলেন। নিবেদিতাও সভায় উপস্থিত ছিলেন এবং ক্রোধে অপমানে উত্তেজিত হইয়াছিলেন। অবিলম্বে এই অপমানের সমুচিত প্রত্যুত্তর দেওয়া প্রয়োজন। অধীর হইয়া তিনি জিজ্ঞাসা করিলেন, লর্ড কার্জনের 'Problems of the Far East' পুস্তকখানি কাহারো নিকট আছে কিনা। গুরুদাস

বন্দ্যোপাধ্যায়ের নিকট হইতে ঐ পুস্তক সংগ্রহ করিয়া তিনি সেই রাত্রেই উত্তর প্রস্তুত করিলেন।"

হেমেন্দ্রপ্রসাদ ঘোষ এর পরের ঘটনা বলেছেন - ''ভগিনী নিবেদিতা যে পল্লীতে বাস করিতেন, সেই পল্লীতে অমৃতবাজার পত্রিকার কার্যালয় অবস্থিত। অমৃতবাজার পত্রিকার সম্পাদকরা তাঁহাকে বিশেষ শ্রদ্ধা ও স্নেহ করিতেন। তিনি অমৃতবাজার পত্রিকায় লর্ড কার্জনের উক্তি উদ্ধৃত করিয়া প্রমাণ করিলেন লর্ড কার্জন স্বয়ং মিথ্যাসক্ত ও তোষামোদকারী।" কনভোকেশনে কার্জনের বক্তৃতার অংশবিশেষ এবং Problems of the Far East' বইতে কার্জনের লেখার একটি অংশ বিশেষ একই সঙ্গে উল্লেখ করে নিবেদিতা অমৃতবাজার পত্রিকায় প্রকাশ করেছিলেন।

প্রসঙ্গত উল্লেখযোগ্য অমৃতবাজারে কার্জনের বক্তৃতা এবং 'Problems of the Far East' বইয়ের ওই অংশ প্রকাশ করে এটিও উল্লেখ করা হয়েছিল যে, গ্রন্থটির সর্বশেষ সংস্করণ থেকে চালাকি করে ওই অংশটি বাদ দেওয়া হয়েছে।

কার্জন এবং বৃটিশ প্রশাসনের দমনমূলক মনোভাব নিবেদিতা এর অনেক আগেই ধরতে পেরেছিলেন। ১৯০৪, এপ্রিলে জোসেফিন ম্যাকলিয়ডকে একটি চিঠিতে তিনি লিখেছিলেন, ''You do not know how terrible the government is becoming. The Thibet expedition, the new stand about Education, the division of Bengal, the official Secrets Bill, the Ancient Monuments - every measure is oppressive and tyrannical, and aimed at the undermining of the faculty for liberty."

(পাঁচ)

এর পরের উল্লেখযোগ্য ঘটনা বেনারসের জাতীয় কংগ্রেসের অধিবেশন। সেটির চমৎকার বর্ণনা পাওয়া পাওয়া যাবে নিবেদিতার উপর লিজেল রেমঁ-র বইয়ে। এই অধিবেশনে নরমপন্থী বা মডারেট নেতা গোখেল ছিলেন সভাপতি। বেনারস কংগ্রেসে আলোচ্য বিষয়ের মধ্যে অন্যতম ছিল বাংলার স্বদেশী ও বয়কট আন্দোলন। চরমপন্থী নেতাদের ভিতর উপস্থিত ছিলেন মহারাষ্ট্র থেকে বাল গঙ্গাধর তিলক এবং পাঞ্জাব থেকে লালা লাজপত রায়। নিবেদিতা এই অধিবেশনে উপস্থিত ছিলেন। বাংলা থেকেও মডারেট এবং চরমপন্থীরা এই অধিবেশনে যোগ দিয়েছিলেন। বাংলার বিপিনচন্দ্র পাল এবং অন্যান্য চরমপন্থীরা চাইছিলেন কংগ্রেস স্বদেশী এবং বয়কট আন্দোলনকে স্বীকৃতি দিক। এই নিয়ে মডারেট এবং চরমপন্থীদের ভিতর একটা দ্বন্দ্ব চলছিল। নরমপন্থী কংগ্রেস নেতা গোখেলের সভাপতির অভিভাষণে এটা বোঝা গেল। আসলে নরমপন্থী কংগ্রেস নেতৃত্ব মনে করেছিলেন বয়কট এবং স্বদেশী আন্দোলনকে গ্রহণ করলে তা

বৃটিশ সরকারের সঙ্গে প্রত্যক্ষ এবং চূড়ান্ত সংগ্রামে পরিণত হবে এবং সমস্ত রকম শান্তিপূর্ণ আলোচনার পথ রুদ্ধ হয়ে যাবে। গোখেলের অভিভাষণে এটা স্পষ্ট হয়ে গেল - ''বয়কট কথাটার ভিতর একটা প্রতিশোধ ও বিদ্বেষের ভাব রয়েছে। ইংলণ্ডের সঙ্গে আমাদের যে সম্পর্ক, তাতে কংগ্রেস দেশের পক্ষ থেকে বয়কট প্রস্তাব সমর্থন করতে পারে না।' কিন্তু শেষ পর্যন্ত চরমপন্থীদের চাপের কাছে গোখেল মাথা নত করেছিলেন, তার একটি বড় কারণ গোখেলের উপর নিবেদিতার প্রভাব - এ 'কথা ঐতিহাসিক অমলেশ ত্রিপাঠীও স্বীকার করেছেন। এ প্রসঙ্গে আর একটি ঘটনাও স্মরণীয়। বেনারস কংগ্রেস চলাকালীন সরলা দেবী চৌধুরাণী উপস্থিত হন এবং অনেক প্রতিনিধি দাবি করতে থাকেন তাঁকে মঞ্চে 'বন্দেমাতরম্' গাইতে দেওয়া হোক। গোখেল এই প্রস্তাবে সম্মত হননি কারণ সে সময় বাংলাদেশে 'বন্দেমাতরম্' সংগীত নিষিদ্ধ ছিল। গোখেলের মনে হয়েছিল বেনারস কংগ্রেসে 'বন্দেমাতরম্' গাওয়া হলে ইংরেজ শাসকরা রুষ্ট হতে পারেন। কিন্তু শেষ পর্যন্ত চরমপন্থীদের চাপে সরলা দেবীকে গানটির কয়েকটি লাইন গাইতে দেবার অনুমতি দেন গোখেল। বেনারস কংগ্রেসের শেষ পর্বে গোখেলকে ধন্যবাদ জানানোর দায়িত্ব নিবেদিতার উপর পড়েছিল। নিবেদিতার সেই ভাষণ স্মরণীয় হয়ে থাকবে। নিবেদিতা বলেছিলেন - ''জাতীয়তার জন্ম ইউরোপেই হয়েছিল। সেই বিরাট ঐতিহ্যকে ইংল্যাণ্ড ভুলে গিয়েছে। ভারতের জনগণকেই এখন উঠে দাঁড়াতে হবে, বাধ্য করতে হবে ইংল্যাণ্ডকে তার পুরনো আদর্শে ফিরে যেতে ।... ভারতের জাতীয়তার স্বপ্ন ভারতের পক্ষে কোনো স্বার্থের স্বপ্ন নয় - এ হল মানবতার স্বপ্ন, যেখানে ভারত বিরাট আদর্শের জননী, যা কিছু মহৎ প্রেমময় এবং বৃহৎ, তারই পালিকা ধাত্রী।''

তা ছাড়া কংগ্রেস সম্পর্কে নিবেদিতার বক্তব্য - তিনি কী আশা করতেন, কংগ্রেসের কাছে, তার উজ্জ্বল পরিচয় ধরা আছে নিবেদিতার 'The Task of the National Movement in India' প্রবন্ধে। নিবেদিতা এই প্রবন্ধে লিখেছিলেন এই সার কথা - ''....the real task of the Congress is that of an educational body - educating its own members in that new mode of thinking and feeling which constitutes a sense of nationality, educating them in the habit of prompt and united action, of political trustiness, of communal open-eyedness; educating itself, finally in the knowledge of a mutual sympathy that embraces every member of the vast household which dwells between the Himalayas and Cap Camorin, between Manipur and the Arabian Sea.

এরপর ১৯০৬ এর কলকাতা কংগ্রেস। বেনারস কংগ্রেসে শ্রীঅরবিন্দ উপস্থিত থাকতে

পারেননি, কিন্তু কলকাতা কংগ্রেসে চরমপন্থীদের হয়ে তিনি উপস্থিত ছিলেন, এবং ১৯০৭-এ সুরাট কংগ্রেসে নরমপন্থী ও চরমপন্থীদের বিরোধ চরম আকার নিল এবং কংগ্রেস ভেঙ্গে টুকরো হল। এ দুটি কংগ্রেসে নিবেদিতা উপস্থিত থাকতে পারেননি। কংগ্রেসের এই বিভাজন নিবেদিতা মেনে নিতে পারেননি। সুরাট কংগ্রেসে ভাঙ্গনের পর ১৯০৮ সালে Modern Review পত্রিকায় নিবেদিতা লিখলেন - "We dislike the terms 'Moderate and Extremist'. To our thinking there is but one party in Indian politics and that is the Nationalist party .... The differences between the two resultant bodies are mere differences of methods. And these are easily explained. All statesmen have to determine between rival parties and convictions as to which is, in their personal opinion, a survival from the past and which is a prophecy of the future. In the present case, it would be quite impossible, to our thinking, to be in any doubt on this point.

বাংলার সশস্ত্র বিপ্লব আন্দোলনের সঙ্গে যারা যুক্ত ছিলেন, শ্রীঅরবিন্দের সঙ্গে তাঁদের ঘনিষ্ঠ যোগাযোগ ছিল, যদিও তিনি বিচ্ছিন্নভাবে ইংরেজ হত্যায় বিশ্বাসী ছিলেন না। তিনি একটি দীর্ঘস্থায়ী সামরিক প্রস্তুতি নিতে চেয়েছিলেন যাতে করে প্রয়োজন হলে শেষ পর্যন্ত চরম আঘাত হানা যায়। এ প্রসঙ্গে বিশেষভাবে উল্লেখযোগ্য বিপ্লবীদের গোপন কাজকর্মে নিবেদিতার সহায়তা। লিজেল রেমঁ-র বিবরণ অনুযায়ী, মুরারিপুকুরের গোপন আস্তানায় বিপ্লবীরা যে বোমা বানানোর পরীক্ষা-নিরীক্ষা করছিলেন, তার সঙ্গে নিবেদিতার যোগাযোগ ছিল। রেমঁ লিখেছেন, '' এই সব রসায়ন-রসিকদের গোপনে প্রেসিডেন্সী কলেজ ল্যাবরেটরিতে পাঠাতে নিবেদিতা দ্বিধা করতেন না। জগদীশ বসু আর প্রফুল্ল রায় ছিলেন সেখানকার অধ্যাপক। দু'জনেরই ল্যাবরেটরিতে সহকারী দরকার হত। অবশ্য দুজনের কেউই নিবেদিতার দুঃসাহসের খবর রাখতেন না। প্রফুল্ল রায়কে ভাবুক স্বভাবের লোক বলেই সবাই জানত, প্রায়ই কোনো কিছুর খেয়াল থাকত না তাঁর। ভালমানুষ বলে তাঁর খ্যাতি ছিল, গরিবানা চালে দিন কাটিয়ে আয়ের বেশিরভাগটা দান করতেন অভাবগ্রস্তদের। সন্ধ্যায় কার্জন পার্কে বসে বন্ধুদের নিয়ে অনেকক্ষণ গল্প গুজবে কাটাতেন। ফেরবার পথে নিজের ল্যাবরেটরিতে ঘুরে যেতেন এক পাক। জানতেন উৎসাহী কয়েকটি ছাত্র সহকারীদের সঙ্গে অনেকক্ষণ ধরে ল্যাবরেটারিতে কাজ করে। কাউকে কিছু প্রশ্ন করতেন না। একটা ফ্যাসাদ যা দেখতেন, ওরা বড় বেশি অ্যাসিড খরচ করে। ছেলেরা চলে যাবার পর প্রায়ই উনি সব গুছিয়ে রাখতেন, ব্ল্যাকবোর্ডটা ভাল করে মুছে সাফ করতেন। কিন্তু কখনো কোনো মন্তব্যে করতেন না। এজন্য নিবেদিতা যে তাঁর কাছে কত কৃতজ্ঞই ছিলেন।"

নিবেদিতার অন্যান্য জীবনীকারদের লেখায় এই তথ্য পাওয়া যায় না, কিন্তু রেমঁ-র দেওয়া এই তথ্য অগ্রাহ্যও করা যায় না, কারণ আয়ার্ল্যাণ্ডে আইরিশ গুপ্ত সংগঠনগুলির সঙ্গে জড়িত থাকার ফলে বৈপ্লবিক কার্জকমে অভিজ্ঞতা নিবেদিতার ছিল। তা ছাড়া জগদীশচন্দ্র ছিলেন নিবেদিতার ঘনিষ্ঠ বন্ধু এবং তাঁর সাহায্যে দু-একজন তরুণ বিপ্লবীকে প্রেসিডেন্সী কলেজে ল্যাবরেটরিতে পাঠানো নিবেদিতার পক্ষে খুব শক্ত কাজ ছিল না।

(ছয়)

নিবেদিতা এবং শ্রীঅরবিন্দের আর একটি জায়গায় গভীর মিল ছিল - সেটি হল ঃ এক, ভারতীয় শিল্প সংস্কৃতি, দর্শনকে পাশ্চাত্যের সামনে তুলে ধরা এবং দুই, ভারতে ব্রিটিশ শাসকদের দমনপীড়ন, ব্রিটিশ শাসনের কুফল এবং ভারতের রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে সকলকে সচেতন করা। র‍্যাটক্লিফ এবং উইলিয়াম স্টেডের (Review of Reviews-এর সম্পাদক) আগ্রহে নিবেদিতা লন্ডনের বিভিন্ন পত্রিকায় লেখালিখি শুরু করেন। অন্যদিকে পণ্ডিচেরীতে প্রস্থানের পর শ্রীঅরবিন্দ বিখ্যাত কর্মযোগিন পত্রিকায় ভারতবর্ষের শিল্প সংস্কৃতি দর্শন সম্পর্কে যে সব নিবন্ধ লেখেন, পরবর্তীকালে সেগুলি তাঁর বিখ্যাত গ্রন্থ The Foundations of Indian Culture আকারে প্রকাশিত হয়। এর পাশাপাশি নিবেদিতার 'Cradle Tales of Hinduism', 'Footfalls of Indian History' এবং 'The Web of Indian Life' মিলিয়ে পড়লে আমরা ভারতবর্ষের শিল্প, সাহিত্য, দর্শন ও সংস্কৃতির মর্মবাণীটি ছুঁতে পারি। এ প্রসঙ্গে অবশ্যই নিবেদিতার সুবিখ্যাত গ্রন্থ 'The Master as I Saw Him' একখানি অবিস্মরণীয় সৃষ্টি। এখানে শুধু স্বামীজীর কথা নেই, আছে স্বামীজীর দৃষ্টিতে যে ভারতবর্ষ নিবেদিতার কাছে জীবন্ত হয়ে উঠেছিল, তারও কথা। বস্তুত স্বামীজীর প্রতি ঋণ শ্রীঅরবিন্দও অকুণ্ঠিত চিত্তে স্বীকার করেছেন।

নিবেদিতা সম্বন্ধে সবচেয়ে স্মরণীয় কথাটি বলেছিলেন কংগ্রেস মডারেটপন্থী নেতা গোপালকৃষ্ণ গোখেল। ১৯০৭-এর শেষ দিকে সুরাট কংগ্রেসে গোখেলের ভূমিকায় নিবেদিতা খুব ক্ষুব্ধ হয়েছিলেন। কিন্তু মত পার্থক্যের পরও নিবেদিতার মৃত্যুর পর স্মরণ সভায় গোখেল যা বলেছিলেন তা কালের কপোল তলে একবিন্দু নয়নের জলের মতো শুভ্র সমুজ্জ্বল হয়ে থাকবে ঃ 'ভগিনী নিবেদিতাকে দশ বৎসরের অধিক কাল জানবার সৌভাগ্য আমার হয়েছিল। তাঁর ব্যক্তিত্ব অপূর্ব ও চমকপ্রদ, তা এমনই যে, তাঁর সাক্ষাতে এলে মনে হত বুঝি কোনো বিরাট নৈসর্গিক শক্তির সম্মুখীন হয়েছি। তাঁর অসাধারণ বুদ্ধি ও মননশক্তি, কাব্যময় রচনা প্রতিভা, বিপুল শ্রম-সামর্থ্য, আদর্শ ও বিশ্বাস সুতীব্র আবেগে ধরে রাখার ক্ষমতা, সর্বোপরি যে কোনো বস্তুর আত্মাকে সাক্ষাৎ দর্শন করার

যথার্থ বিরাট প্রতিভা - এই সকলই যে তাঁকে যে কোনো দেশের যে কোনো কালের এক অত্যাশ্চর্য নারী করে তুলেছে। এদের সঙ্গে যখন যুক্ত হল সর্বপ্লাবী সীমাহীন ভারতপ্রেম, যে প্রেমের অর্থ ভারতের স্বার্থ সম্বন্ধে প্রাণ ব্যাকুল অনুরক্তি, ভারতের সেবায় পরিপূর্ণ আত্মনিবেদন এবং ব্যক্তিজীবনে কঠোর অথচ আক্ষেপহীন, আনন্দময় কৃচ্ছ্রসাধনা - তখন ভগিনী নিবেদিতা যে আমাদের কল্পনাকে আলোড়িত করে হৃদয়কে অধিকার করে নেবেন, কিংবা চতুষ্পার্শের মানুষদের উপর সুগভীর, সুদূর প্রসারী প্রভাব বিস্তার করবেন এবং আমরা তাঁকে দেশসেবায় নিয়োজিত সর্বকালের শ্রেষ্ঠ মানবগণের অন্যতম বলে গ্রহণ করব তাতে বিস্ময়ের কী আছে?"

"... ভারতের ডাক শুনেছিলেন বলেই - ভারতের সম্মোহনে ধরা দিয়েছিলেন বলেই এসেছিলেন। তিনি এসেছিলেন ভারতে তাঁর হৃদয়ের পূজা নিবেদন করতে,সেই সঙ্গে ভারতের সন্তান-সন্ততিদের পাশে দাঁড়িয়ে সামনে যে বিরাট কর্মভার রয়েছে তার দায়িত্ব নিতে। তাঁর সেই অপরূপ ভারত বরণের মহিমাকে মানব ভাষায় প্রকাশ করা সম্ভব নয়।"

আজ ভারতবর্ষে চারিদিকে অগ্রগতির সঙ্গে সঙ্গে নানা অবনতির অন্ধকার ছড়িয়ে গেছে। আজ নিবেদিতা বেঁচে থাকলে নিশ্চয়ই উচ্চারণ করতেন সেই শেষ কথাটি যা তিনি অস্ফুট স্বরে বলেছিলেন ১৩ই অক্টোবর ১৯১১ সালে ইহলোক থেকে প্রয়াণের কিছু আগে - 'The boat is sinking, but I shall see the sunrise."

তথ্যসূত্র ঃ

১) নিবেদিতা ঃ শর্মিলা বসু দত্ত

২) নিবেদিতা ঃ প্রব্রাজিকা মুক্তি প্রাণা

৩) ভগিণী নিবেদিতা ঃ লিজেল রেমঁ

৪) নিবেদিতা লোকমাতা ঃ শঙ্করী প্রসাদ বসু

৫) জ্বলিছে ধ্রুবতারা ঃ রন্তিদেব সেনগুপ্ত

৬) Long journey Home : Barbara Fox

৭) Sri Aurobindo on himself : Sri Aurobindo

৮) Collected letters of Nivedita : Ed. by Sankari Prasad Bose

আমন্ত্রিত রচনা

শিক্ষাব্রতী নিবেদিতা ঃ আজকের প্রাসঙ্গিকতা

ড. চিত্রিতা দত্ত সরকার

" The mother's heart, the hero's will
The sweetness of the southern breeze,
The sacred charm and strength that dwell
On Aryan altars, flaming free;
All these be yours, and many more
No ancient soul could dream before -
Be thou to India's future son
The mistress, servant, friend in one." -

স্বামী বিবেকানন্দ তাঁর মানস দুহিতার উদ্দেশে লিখে ছিলেন এই আশীর্বাণী, যা সেই রমনীর যেন সমগ্র জীবনের একটি নিখুঁত আলেখ্য, তিনি রবীন্দ্রনাথের লোকমাতা, শ্রী শ্রী মায়ের আদরের খুকি, আয়ারল্যান্ড -দুহিতা, সমগ্র ভারত ও ভারতবাসীর ভগিনী নিবেদিতা।

১৮৬৭ সালের ২৮শে অক্টোবর মাসে উত্তর অ্যায়ারল্যান্ডের সুবিখ্যাত নোবেল পরিবারে এই মহীয়সীর জন্ম। তাঁর জন্মের আগে মা মেরী ইসাবেল দেবতার কাছে প্রার্থনা করেছিলেন '' প্রভু, যদি নিরাপদে আমার সন্তানের জন্ম হয়, তাহা হইলে তোমার চরণেই আমি তাহাকে সমপর্ণ করিব।" মায়ের মনের এই ইচ্ছেই শেষ পর্যন্ত পূর্ণ হয়েছিল। ভারতবর্ষকে ভালোবেসে, এক গভীর ঈশ্বর বিশ্বাস ও আধ্যাত্মিকতার টানে, স্বামী বিবেকানন্দের আহ্বানে, স্থায়ীভাবে এ দেশে চলে আসেন। এই দেশকেই নিজের মাতৃভূমি জ্ঞানে নিজেকে সম্পূর্ণ রূপে ভারত কল্যাণে নিযুক্ত করলেন।

এখন থেকে দেড়শো বছর আগে যিনি জন্মেছিলেন আয়ারল্যান্ডে, ১২২ বছর আগে মহৎ কল্যাণব্রত নিয়ে যিনি ভারতবর্ষে এসেছিলেন, আজকের সময়ের সমাজে, জীবনে শিক্ষায় তিনি কতোটা প্রাসঙ্গিক ?

শ্রী রামকৃষ্ণ, বিবেকানন্দের সঙ্গে আজও তাঁর নাম শ্রদ্ধার সঙ্গে উচ্চারিত হয়। তবে নিছকই কি এই স্মরণ, নাকি আজকের আধুনিক জীবনে তিনি একই রকম ভাবে প্রাসঙ্গিক ?

ভগিনী নিবেদিতার নানাবিধ কর্মযজ্ঞের মধ্যে ছিল ভারতীয় নারীর মুক্তি, তাদের মধ্যে শিক্ষার আলো জ্বালানো এবং একজন উন্নত মনের স্বাধীন নারী হিসেবে গড়ে তোলা, যা একই সঙ্গে আধুনিক জীবনমুখী এবং বাস্তবোচিত। আধুনিক যুগের নারীর জীবনে এবং সমাজে নিবেদিতা আজও প্রাসঙ্গিক এবং গুরুত্বপূর্ণ। ভগিনী নিবেদিতা ভারতবর্ষে আসার আগে স্বামীজির কাছ থেকে একটি পত্র পেয়েছিলেন এবং তারপরই সমস্ত দ্বিধা দ্বন্দ্ব কাটিয়ে তিনি ভারতবর্ষে চলে আসেন, এক মহান ব্রত নিয়ে।

স্বামীজি সেই পত্রে লিখেছিলেন –

আমার আদর্শকে বস্তুতঃ অতি সংক্ষেপে প্রকাশ করা চলে, আর তাহা এই - মানুষের কাছে তার অন্তর্নিহিত দেবত্বের বাণী প্রচার করতে হবে এবং সর্বকার্যে সেই দেবত্ব-বিকাশের পন্থা নির্ধারণ করে দিতে হবে। কুসংস্কারের নিগড়ে এই সংসার আবদ্ধ। যে উৎপীড়িত সে নর বা নারীই হোক - তাকে আমি করুণা করি, আর যে উৎপীড়ক সে আমার অধিকতর করুণার পাত্র। এই একটা ধারণা আমার কাছে দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে গেছে যে, সকল দুঃখের মূলে আছে অজ্ঞতা, তা ছাড়া আর কিছু না। জগতকে আলোক দেবে কে? আত্মবিসর্জনই ছিল অতীতের কর্মরহস্য এবং যুগ যুগ ধরে তাই চলতে থাকবে।

যাঁরা জগতে সর্বাধিক সাহসী, বরেণ্য তাঁহাদিগকে চিরদিন 'বহুজনহিতায় বহুজনসুখায়' আত্মবিসর্জন করতে হবে। অনন্ত প্রেম ও করুণা বুকে নিয়ে শত শত বুদ্ধের আবির্ভাবের প্রয়োজন আছে।

জগতের ধর্মগুলি এখন প্রাণহীন ব্যঁঙ্গমাত্রে পর্যবসিত হয়েছে। জগতে এখন যা একান্ত প্রএয়াজন তা' হচ্ছে চরিত্র। জগত এখন তাঁদের চায়, যাঁদের জীবন প্রেমদীপ্ত এবং যাঁরা স্বার্থহীন। সেই প্রেম প্রত্যেকটি বাক্যকে বজ্রের ন্যায় শক্তিশালী করে তুলবে।

এটা আর তোমার কাছে কুসংস্কার নয় নিশ্চিত। তোমার মধ্যে একটা জগৎ আলোড়নকারী শক্তি আছে, আর ধীরে ধীরে আরো অনেক আসবে। আমরা চাই জ্বালাময়ী বাণী এবং তদপেক্ষা জ্বালাময় কর্ম। হে মহাপ্রাণ উত্তিষ্ঠত, জাগ্রত। জগৎ দুঃখে পুড়ে খাক্ হয়ে যাচ্ছে - তোমার কি নিদ্রা সাজে? এস আমরা ডাকতে থাকি, যতক্ষণ না নিদ্রিত দেবতা জাগ্রত হন, যতক্ষণ না অন্তরের দেবতা বাহিরের আহ্বানে সাড়া দেন। জীবনে এর চেয়ে বড় কি আছে? এর চেয়ে মহত্তর কোন কাজ আছে? আমরা এগিয়ে চলার সাথে সাথেই আনুসঙ্গিক খুঁটিনাটি সব এসে পড়বে। আমি আটঘাট বেঁধে কোন কাজ করি না।

কার্যপ্রণালী আপনি গড়ে ওঠে এবং নিজের কার্যসাধন করে। আমি শুধু বলি - ওঠ। জাগ।

তুমি চিরকাল আমার অফুরন্ত আশীর্বাদ জানবে।”

গুরুর এই নির্দেশ এবং অনুপ্রেরণায় নিবেদিতা বিভিন্ন উন্নয়ন ও কর্মব্রতে নিজেকে সম্পর্ণ করলেন। নিবেদিতার এই কর্মদ্যোগের মধ্যে তাঁর শিক্ষাব্রতী এবং নারী কল্যাণের রূপটি আমাদের বিশেষভাবে আকৃষ্ট করে।

আজকের সময়েও আমরা মেয়েদের লেখাপড়া, উন্নতি, আত্মমর্যাদার সঙ্গে বেঁচে থাকার জন্য নানা আন্দোলন করি। বহুযুগ আগেও নিবেদিতা সেই সত্য মর্মে মর্মে উপলব্ধি করেছিলেন এবং মেয়েদের স্বাবলম্বী, শিক্ষিত, সচেতন করে গড়ে তুলবার জন্য নারী কল্যাণ ও নারী শিক্ষা ব্রতে নিজেকে মনেপ্রাণে সমর্পণ করলেন। কারণ উপযুক্ত শিক্ষা ছাড়া কখনওই স্বাধিকার অর্জন করা যায় না। কিন্তু এই লক্ষ্যে পৌঁছবার আগে নিবেদিতা কঠোর শৃঙ্খলার জীবন-যাপন আরম্ভ করলেন নিজেকে প্রস্তুত করার জন্য।

রবীন্দ্রনাথ নিবেদিতার এই তপস্যাপূত জীবনের প্রতি শ্রদ্ধান্বিত হয়ে পরবর্তীকালে লিখেছিলেন, ‘‘শিবের প্রতি সতীর সত্যকার প্রেম ছিল বলিয়াই তিনি অর্ধাসনে অগ্নিতাপ সহ্য করিয়া আপনার অত্যন্ত সুকুমারদেহ ও চিত্তকে কঠিন তপস্যায় সমর্পণ করিয়া ছিলেন। এই সতী নিবেদিতাও দিনের পর দিন যে তপস্যা করিয়া ছিলেন তাহার কঠোরতা অসহ্য ছিল - তিনিও অনেকদিন অর্ধাসন অনশন স্বীকার করিয়াছেন তিনি গলির মধ্যে যে বাড়িতে বাস করিতেন, সেখানে বাতাসের অভাবে গ্রীষ্মের তাপে বীতনিদ্রা হইয়া রাত কাটিয়েছেন তবুও ডাক্তার বা বান্ধবদের সনির্বন্ধ অনুরোধেও সে বাড়ি পরিত্যাগ করেন নাই। এবং আশৈশব তাঁহার সমস্ত সংস্কার ও অভ্যাসকে মুহূর্তে মুহূর্তে পীড়িত করিয়া তিনি প্রফুল্ল চিত্তে দিন যাপন করিয়াছেন - ইহা যে সম্ভব হইয়াছে এবং এই সমস্ত স্বীকার করিয়াও শেষ পর্যন্ত তাঁহার তপস্যা যে ভঙ্গ হয় নাই, তাহার একমাত্র কারণ, ভারতবর্ষের মঙ্গলের প্রতি তাঁহার প্রীতি একান্ত সত্য ছিল, তাঁহার মোহ ছিল না। সতী সম্পূর্ণ আত্মসমর্পণ করিয়াছিলেন। এই মানুষের অন্তর কৈলাসের শিবকেই যিনি আপন স্বামীরূপে লাভ করিতে চান, তাঁহার সাধনার মতো এমন কঠিন সাধনা আর কার আছে।”

আজকের বাগবাজারে ভগিণী নিবেদিতা বালিকা বিদ্যালয় নিবেদিতার নারী শিক্ষা ও নারী জাগরণের অক্লান্ত প্রয়াসের বিশিষ্ট নিদর্শন হিসেবে বিদ্যমান। প্রকৃতপক্ষে প্রাথমিকভাবে এই বিদ্যালয়ের পরিকল্পনা করেন স্বামী বিবেকানন্দ। তবে এই জন্য তিনি নিবেদিতার সাহায্য চেয়েছিলেন। প্রতিষ্ঠার দিন ঠিক করা হল ১৩ নভেম্বর, কালীপুজোর দিন। ঐ দিন স্বামী বিবেকান্দ গুরুভাই স্বামী ব্রহ্মানন্দ ও স্বামী-সারদানন্দকে নিয়ে বিদ্যালয় প্রতিষ্ঠা করবার জন্য ১৬ নং বোসপাড়া লেনে উপস্থিত হলেন। প্রতিষ্ঠার

পর শ্রী শ্রী মা আশীর্বাদ করলেন, '' মহামায়ার শুভাশিস বিদ্যালয়ের উপর শতধারে বর্ধিত হউক এবং বিদ্যায়তনে যে সকল বালিকা শিক্ষালাভ করিবে তাহারা আদর্শস্থানীয়া হউক।''

অল্প পরিসর গৃহেই কয়েকটি মাত্র ছাত্রী নিয়ে সুরু হল নিবেদিতার বালিকা বিদ্যালয়। নিবেদিতার শিক্ষা পদ্ধতিও ছিল অভিনব এবং একই সঙ্গে আধুনিক। শিশু মনের ওপর কখনও তিনি জোর করে কিছু চাপান নি। আজকের আধুনিক শিক্ষা পদ্ধতির Play method ঐ যুগে তিনি প্রয়োগ করেছিলেন। তিনি চেয়েছিলেন প্রত্যেকটি বালিকা নিজের নিজের মনোভাব এবং সংস্কার অনুযায়ী খেলার ছলে তাদের অর্ন্তশক্তির প্রকাশ ঘটাক। এখানে প্রথমে নির্দিষ্ট কোন সময় সূচী বা Syllabus থাকত না। আজকে যে কিণ্ডার গার্টেন System শিশু শিক্ষার ক্ষেত্রে প্রযোগ করা হয়, নিবেদিতা অত আগেও শিশু শিক্ষার জন্য এই কিণ্ডারগার্টেন Method প্রয়োগ করে অত্যন্ত আধুনিক মনোভাবের পরিচয় দেন। মেয়েরা যেহেতু তখনও অনেকটাই পর্দানসীন সেই কারণে সারাদিনের মধ্যে যেকোন সময় মেয়েরা আসতে পারত। পুতুলগড়া, সূচীশিল্প, তেঁতুলের বীজ দিয়ে গণনা শিক্ষা থেকে আরম্ভ করে পৌরাণিক উপাখ্যান শোনা সবই তাদের শিক্ষার অন্তর্গত ছিল। ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলেরই এখানে আসার অধিকার ছিল। বর্ণভেদ যে মানুষের মনকে সংকুচিত করে এই কথাই তিনি বলতে চেয়েছিলেন। তিনি মায়ের মত যেমন তাঁর ছাত্রীদের ভালোবাসতেন, তেমনি প্রয়োজন মত তাদের দোষ ত্রুটিও সংশোধন করে দিতেন। তিনি জানতেন কতগুলো জটিল কৃত্রিম বাঁধাধরা নিয়ম - কানুনের মধ্যে বা নিছক শাসন দ্বারা প্রকৃত প্রাণশক্তির জাগরণ হয় না। তাদের সহজাত সংস্কারকে সহজভাবে রূপায়িত করাই ছিল নিবেদিতার একমাত্র উদ্দেশ্য। তাঁর চেষ্টা ছিল শিক্ষার্থীর অন্তরৈশ্বর্যকে যথাসম্ভব জাগ্রত করা এবং সঙ্গে সঙ্গে সাধ্যমতো কিছু লেখাপড়া শেখাতেও সচেষ্ট থাকতেন। এমন কি নিবেদিতা তাঁর ছাত্রীদের শিখিয়েছিলেন কোন ভিখারিণী ভিক্ষার জন্য যদি দরজায় এসে দাঁড়ায় - তাকে কখনও বঞ্চিত না করতে। আসলে ভিক্ষেটা বড় কথা নয়, তিনি তাঁর শিক্ষার্থীদের মানুষকে সাহায্য করার শিক্ষা দিতে চেয়েছিলেন।

ভাস্কর্য, চিত্র শিল্প প্রভৃতি ভারতীয় কলাবিদ্যার প্রতি নিবেদিতার গভীর অনুরাগ ছিল। তিনি ভারতীয় কল্যাবিদ্যার মূলে আধ্যাত্মিকতার বীজ নিহিত আছে বলে মনে করতেন। মেয়েদের হাতে আঁকা আলপনা, পেন্সিল বা তুলি দিয়ে আঁকা আলেখ্যগুলো নিবেদিতাকে গভীর আনন্দ দিত। কখনও কখনও মেয়েদের তিনি পাথরে বা মাটিতে ছাঁচ কাটাও শেখাতেন। অর্থাৎ শিক্ষা যতো Practical, জীবনমুখী হবে ততোই সেটা আধুনিক শিক্ষা হবে। এছাড়া সংস্কৃত, ইতিহাস, ভূগোল, রাজস্থান কাহিনি, রামায়ণ,

মহাভারতের কথা গল্পছলে শিক্ষা দেবার চেষ্টা করতেন, যাতে স্বদেশের ঐতিহ্য ও সংস্কৃতির সঙ্গে পরিচয় করিয়ে মাতৃভূমির প্রতিটি জিনিসকে শ্রদ্ধা করতে শেখানো সম্ভব হয়। কখনও কখনও তিনি মেয়েদের Zoological Garden, Museum, Botanical Garden প্রভৃতি দেখাতে নিয়ে যেতেন এবং Museum এ প্রাচীনযুগের স্থাপত্যের নিদর্শন দেখিয়ে দেশের অতীত ঐতিহ্যের বিষয়ে সচেতন করতেন।

প্রথম প্রথম সনাতনপন্থী গোঁড়া হিন্দুসমাজ বিদেশী খ্রীষ্টান মহিলার কাছে শিক্ষালাভের জন্য মেয়েদের পাঠাতে আপত্তি তুলেছিলেন। কিন্তু নিবেদিতা তাঁর উদার মধুর ব্যবহার ও অসাধারণ শিক্ষাদান কৌশল দিয়ে অল্প সময়ের মধ্যেই সকলের মন জয় করে নিলেন। ছাত্রী সংখ্যা ক্রমশ বাড়তে লাগল।

নিবেদিতার শিক্ষাদর্শ সম্বন্ধে একটু আলোকপাত করলেই বোঝা যাবে তাঁর শিক্ষাদান ও শিক্ষা-পদ্ধতি কতোখানি আধুনিক ছিল এবং আজকের সময়েও তা কতোখানি প্রাসঙ্গিক। নিবেদিতা বিশ্বাস করতেন কেবল শুষ্ক পুঁথিগত বিদ্যা ও ঘটনাপুঞ্জ দ্বারা বুদ্ধিকে ভারাক্রান্ত করাকেই শিক্ষা বলা যায় না। শিক্ষা বলতে বোঝায় জীবন্ত ভাবরাশিকে যা বালক - বালিকাদের মন, বুদ্ধি, হৃদয় ও ইচ্ছেশক্তি বিকশিত ও পরিমার্জিত করে। শুধু বুদ্ধির উৎকর্ষ, দিয়ে যে শিক্ষালাভ করা যায় তা মানুষকে ধূর্ত বা চতুর করে তোলে। ঐ শিক্ষা কেবল জীবন নির্বাহের পাথেয় সংগ্রহেরই উপায় মাত্র, তাতে অনুকরণ প্রিয় একটি জীব গড়ে উঠতে পারে, কিন্তু তা মানুষকে যথার্থ মানুষ করেনা।

তিনি বিশ্বাস করতেন যে সত্যকে লাভ করলে মনুষ্য জীবনকে সরস ও আনন্দময় করে তোলা যায়, সেই সত্যনিষ্ঠা এবং সাবলীল চিন্তাশীলতা আমাদের শিক্ষার মূলমন্ত্র হলে, তবেই আমাদের হৃদয়-বুদ্ধির দ্বারা মহৎকাজ এবং উচ্চচিন্তা সম্ভব হবে। আত্মত্যাগকেই তিনি শিক্ষার একটি মূল সোপান বলে মনে করতেন। তিনি বিশ্বাস করতেন যে জাতি সর্বসাধারণের মধ্যে থেকে এরকম হৃদয়বান নিঃস্বার্থ প্রেমিক গড়ে তুলতে পারে, সে জাতির উন্নতি অনিবার্য। তারই শিক্ষা সার্থক। তিনি বলেছিলেন যে ব্যক্তি, স্ত্রী-পুরুষ নির্বিশেষে সর্বসাধারণের শিক্ষা কেবল একটা শুভ কামনা বা কল্পনায় সীমাবদ্ধ না রেখে, তা নিজের একটা মহান্ কর্তব্যরূপে, দায়রূপে স্বেচ্ছায় গ্রহণ করতে পারবে, সেদিনই প্রকৃত শিক্ষাব্রত উদযাপন সম্ভব হবে। তাই নিঃশেষে নিজেকে বিলিয়ে দিয়ে জনগণের শিক্ষায় আত্মনিয়োগ করা সকলের প্রধান কর্তব্য।

নিবেদিতার মতে শিক্ষা কেবল জাতীয়তাবোধ জাগাবে না, তা জাতিগঠন মূলকও হবে। জাতীয়তাবোধকে কেন্দ্র করে শিক্ষা আরম্ভ হলে দেশকে অন্তর দিয়ে ভালোবাসা ও সেবা করা সম্ভব।

তিনি বলেছিলেন যে সত্যকে লাভ করলে আমাদের জীবনকে সরস ও আনন্দময় করে তোলা সম্ভব সেই সত্য নিষ্ঠা ও সাবলীল চিন্তাশীলতা হোক আমাদের শিক্ষার মূল-মন্ত্র। তিনি বিশ্বাস করতেন, আত্মত্যাগই প্রকৃত বীর হৃদয়ের চিরন্তর সংগীত ও শাশ্বত প্রেরণা। যে জাতি সর্বসাধারণের মধ্যে থেকে এমনি করে হৃদয়বান নিঃস্বার্থ প্রেমিক গড়ে তুলতে পারে সে জাতির উন্নতি অনিবার্য এবং তার শিক্ষাই সার্থক।

শিক্ষা কেবল জাতীয়তাবোধ জাগাবে না, তা জাতিগঠন মূলকও হবে। জাতীয়তাবোধকে কেন্দ্র করে শিক্ষা আরম্ভ হলে দেশকে অন্তর দিয়ে ভালোবাসা সম্ভব। কারণ তিনি বুঝেছিলেন স্বদেশ-প্রীতির ভিত্তিভূমিতে দৃঢ় ভাবে দাঁড়াতে না পারলে বা দেশের সংস্কৃতি ও আদর্শকে শ্রদ্ধা করতে না শিখলে স্বদেশের প্রতি আন্তরিক প্রীতি যেমন জাগবে না, দেশবাসীরও কল্যাণ সাধিত হবে না। বরং জাতীয়তাবোধের ভিত্তি শিথিল হয়ে যাবে। জ্ঞান বৃদ্ধির সাথে সাথে যখন স্বাভাবিকভাবে অভিজ্ঞতার পরিধি বিস্তার লাভ করবে, অন্তরের দেবতা যখন জাগ্রত হবেন তখন বিশ্বের দিকে হৃদয় স্বতই উন্মুক্ত হয়ে উঠবে। তখন বই পড়িয়ে আন্তর্জাতিকতা শেখাবার আর প্রয়োজন হবে না।

শিক্ষা বিষয়ে নিজের মন বুদ্ধিকে স্বদেশী ভাবধারায় পরিপুষ্ট না করে যেখানে প্রথমেই বিদেশী আদর্শে গড়ে তুলবার চেষ্টা হয় সেখানে অপরিচিতের ঘরে পথে কুড়িয়ে পাওয়া বালকের শিক্ষার মতোই হয় তার জীবন। সেখানে কৃতজ্ঞতা থাকতে পারে কিন্তু সেখানে স্বতঃস্ফূর্ত প্রেমের প্রেরণার যে একান্ত অভাব তাতে কোন সন্দেহ নেই। বস্তুতঃ নিজের জীবন ভিত্তি দৃঢ় হলে বিদেশী শিক্ষা তাদের ভূষণ হয়ে দাঁড়ায় এবং বিদেশী সভ্যতা সংস্কৃতির উৎকৃষ্ট ভাব সম্পদ গ্রহণ করে মানুষ তখন উদার মনোভাবাপন্ন হয়ে ওঠে।

দেশের সার্বভৌম আদর্শ, ধর্ম ও দর্শন যা আমাদের সমাজশরীর গঠনে অফুরন্ত উপাদান, তার প্রতি শ্রদ্ধাহীন হওয়ার ফলেই মানুষের নৈতিক ও সামাজিক জীবন একটা নিম্নস্তরে চলে যায়।

স্ত্রী শিক্ষা - সম্বন্ধেও নিবেদিতার আদর্শ স্বামী বিবেকানন্দের আদর্শেরই অনুরূপ। ভারতের নারী জাতির অজ্ঞতা ও দুর্বলতা দর্শনে নিবেদিতা ব্যথিত হয়ে ছিলেন। তিনি মনে প্রাণে অনুভব করেছিলেন যে একটা জাতিকে যদি বাঁচতে হয় তবে স্ত্রী ও পুরুষের সমবেত শিক্ষা ও শক্তির সাহায্যেই তা সম্ভব। ক্ষুব্ধ চিত্তে তিনি বলেছিলেন, ''Here in India the woman of the future haunts us. Her beauty rises on our vision perpetually. Her voice cries out on us. Until we throw wide the portals of our life and go out and take her by hand to bring her in, the Motherland stands veiled and ineffective with eyes lost in set

patience on the Earth. Her sanctity is to-day full of shadows. But when the womenhood of India can perform the great arati of nationality that temple shall be all light, nay the dawn verily shall be near at hand. " - অজ্ঞতা ও কুসংস্কারে নিমগ্ন বিধিনিষেধের নির্মম আঘাতে জর্জরিত যে মাতৃজাতি যুগ - যুগান্তর ধরে মৃতকল্প হয়ে পড়ে আছে, সেখানে প্রঅএণর স্পন্দন ক্ষীণ ও স্তব্ধ হয়ে গেছে, সেই মাতৃ জাতির প্রকৃত শিক্ষার ব্যবস্থা না হলে ভারতমাতার রূদ্ধদার উন্মুক্ত হবে না। লাঞ্চনা - মলিন নারী জাতিকে প্রকৃত - শিক্ষায় শিক্ষিত করে যেদিন তাকে গৌরবের সঙ্গে পুনঃ প্রতিষ্ঠা করতে পারবে সেদিনই ভারতমাতার অজ্ঞান - অবগুণ্ঠন উন্মোচিত হবে। এইভাবে নিবেদিতা একটি অসাধারণ শিক্ষা পদ্ধতি গড়ে তুলতে চেষ্টা করেছিলেন সেই শিক্ষা গ্রহণ করলে, শিক্ষার্থী একজন প্রকৃত মানুষ হয়ে উঠতে পারবে, আর যে শিক্ষা কোন শিক্ষার্থীকে প্রকৃত মানুষ করে তুলতে পারে, তার চেয়ে বড় আধুনিক শিক্ষা কি হতে পারে?

শিক্ষাব্রতী নিবেদিতা তাই শুধু নিজের সময়ে নয় আজকের সময়েও গ্রহণীয় এবং অত্যন্ত প্রাসঙ্গিক।

তথ্যসূত্র ঃ

১) নিবেদিতা ও সমকালীন ভারতবর্ষ - ড. শঙ্করী প্রসাদ বসু

২) ভগিনী নিবেদিতা; স্বামী তেজসানন্দ।

Sister Nivedita in the Reminiscence of Saralabala Sarkar

Dr. Jayashree Sarkar

Abstract :

The present paper is an effort, not a critical approach, of an individual understanding of Sister Nivedita, her vision of cultural nationalism, in the reminiscence of her near-contemporary, Saralabala Sarkar. Her close proximity to Nivedita provides her readers first-hand details of Nivedita's vision of India, her mission to perpetuate her preceptor's philosophy in the socio-cultural milieu of late 19th and early decade of the 20th centuries India, especially Bengal. Since her first meeting with Nivedita, the relation culminated into an effective bond thus leaving an everlasting imprint on Saralabala's mind.

Saralabala Sarkar (b. 1875) was the granddaughter of Rasasundari Devi, whose "Aamaar Jeevan" initiates a genre of autobiographical writings in Bengali; the book very probably the first full – scale autobiography in Bengali literature. Saralabala's father, Kishorilal was an established lawyer at Calcutta High Court and 'Tagore Law Professor' in Calcutta University. Her early education and initiation into nationalist ' Swadeshi ideals was through her mother, Leelavati who hailed from the Ghosh family of Amritabazar Patrika publications.

Growing in a swadeshi environment, she internalized the values which were further well – defined by the influence of her maternal uncles and brother, Sarasilal. The spirit was further strengthened by Nivedita's (b. 1867) infusion of her vision of "Mother India" and love for the motherland. Her daughter, Nirjharini (b. 1894), a student of

Nivedita Girl's School, was married to Prafulla Kumar Sarkar, founder - editor of Anandabazar Patrika. Saralabala was a renowned poet, a tireless crusader of the oppressed and down – trodden masses, especially women, an intense empathizer of revolutionary freedom fighters simultaneously an active participant in Gandhian nationalist programme.

Just a few days after the death of Nivedita, Saralabala composed a biography 'Nivedita Jeevan Charit' the first of its kind. Swami Saradananda wrote the introduction. It was published by Brahmachari Ganendra Nath on June 1912.

To Saralabala the name 'Nivedita' found its right meaning in Nivedita – a determind, conscientious personality but self-effacing in identifying herself with the miseries of oppressed, voiceless millions overriding her foreign nationality. She used to feel that she had no other identity than being a member of the order of Sri Sri Ramakrishna. So she used to sign as 'Nivedita of Ramakrishna Vivekananda'. She had extreme reverence for Sri Sri Ramakrishna and her preceptor Swami Vivekananda In the classroom, she told her students that as she regarded Sri Sri Ramkrishna as 'Jagat Guru' who belonged to the world, so the world map should be put below the guru's picture. But to mother Sree Sree Ma, she was like a little girl. She frequently visited Sree Sree Ma in Baghbazar. On the auspicious day of Kalipuja on 12th November 1902, amidst sanyasis and students Sree Sree Ma performed rituals for establishing Nivedita Girl's School at 17 Bose para Lane. It was a source of divine inspiration for Nivedita. Nivedita, could not imagine anything greater than the blessings of Sree Sree Ma for her students. From the memoir of Prabrajika Bharatiprana of Sri Saradamath, Nivedita recited a poem composed by Saralabala on the auspicious day when Sree Sree Ma visited her school.

Saralabala had a burning desire to meet Nivedita. Her wish was fulfilled when she met Nivedita and Sister Christiana, at the Amrita Bazaar Patrika office. Nivedita was introduced to Saralabala by Sisir

Kumar Ghosh in such words that Nivedita had renounced everything at the feet of God to serve mankind. She was the divine consort of Lord Krishna. Saralabala and other women were introduced to Nivedita as women for whose welfare she had sacrificed everything. The union of the soul that grew continued steadfastly even after Nivedita left this mortal world in 1911.

Vivekananda's urge of establishing a school for imparting right education found its true expression in Nivedita's school at Bosepara. Lane. Saralabala perceived that this vision of education was also reflected in Nivedita's 'The Web of Indian Life' and 'The Master As I Saw Him."

To Nivedita, education should be based upon love for the country and sacrifice. Education should have a responsibility of creating a successful consciousness about one's own country within oneself. This was nothing new but a legacy which had been passed through generations. Saralabala had noticed that Nivedita designed her syllabi in that fashion. Nivedita had taught her students how to view everything in such ideals. Saralabala opined that mere possession of eyes did not ensure the proper way to observe things. In one's own country, people were continuing an unfruitful existence, oblivious of their own heritage and past glory. Nivedita through her lectures could bring out a lively picture of how a person's existence could become meaningful through the love of one's own country. Valorisation was there especially of the Rajput historical characters; Queen Padmini performed the Jahar ritual (self-immolation). But that was, Nivedita felt, was necessary to create an interest on past events. Her happiness knew no bounds when her students could answer correctly regarding questions about their country. Otherwise she used to feel sorry by uttering how they could be so indifferent about their country. She hailed such mythological characters like Gandhari, Sita, Savitri, Damayanti as personifying truth and sacrifice and regarded them as yardsticks of Indian ideals of womanhood.

From little girls to young married women, family mistress as well as widows, education was imparted according to their wishes. Language, mathematics, sewing as well as art and crafts were included in the curricula. Senior girls were often entrusted with the responsibility of teaching junior girls. Some young dedicated widows offered their service. Saralabala appreciated an unmarried woman Sudhira Devi whose motherly affection and thorough involvement made the school running properly; but her position was honorary. What appealed to Saralabala was the method adopted in teaching mathematical calculations – made easy through indigenous ways. As such, the subject turned out to be a matter of love for the students.

Nivedita believed that the seeds of Indian spiritualism and nationalism lay within every branch of Indian art form. With utmost care, she used to preserve paintings by her students on “Piri” (flat wooden low sitting stool on the floor), embroidery on cloth, paintings on paper, earthen plates, threadwork, earthen dolls. She used to take part with her students in making moulds out of stone and dried earth. She was delighted when art critic Kumaraswami appreciated one of the drawings of her student. Here teaching method and curricula in the school ware not conventional, While visiting Indian Museum with her students, she was totally moved at the Buddhist gallery and narrated her students of the past glories.

Long before Mahatma Gandhi's launching of 'charkha' spinning, Nivedita introduced the programme in her school, around 1907/1908; training to be imparted under the instruction of an elderly lady 'Charkha ma’. This was not something novel. Earlier in every household in Bengal, women after finishing their domestic chores used to spin, even at night. Sometimes the yarn was coarse, but cloth, wrappers, towels, ceremonial threads were woven out of them. Before the advent of machine made products, Bengals cottage industry was the prime source of sustenance for spinners, weavers, artisans, blacksmiths, potters and even farmers. As such

Nivedita was very much interested in reviving charkha. She found that the women of Eastern Bengal were more interested and proficient in spinning than their western counterparts. Nivedita felt that the revival of cottage industries would pave the way for nationalism along with added advantage of doing away with indolence and luxury while creating an opportunity for mental upliftment and increase of national property. To substantiate her views, she used to cite examples from ancient Indian literary works.

Nivedita was pained at the sight of India under British rule. When Ashwini Kumar Dutta and some other freedom fighters were released, she was very happy. She decorated her school premises in a traditional welcoming manner. Her whole expression reflected her mood. Nivedita identified four trends of ideals, prevalent in the then society initiated by social reformers, political activists, religious revivalists as well as those who were perturbed by economic miseries of the country. Whatever be the guiding principle, Nivedita felt that prime importance should be given on the unity of all communities which should be the basis of Indian nationalism. The revival of nationalist ideal would help infuse a new life – force among the youths and through them the heart of every Indian.

''সমাজনীতি, অর্থনীতি, রাজনীতি অথবা ধর্মনীতি যেদিক দিয়াই হউক না কেন, যাঁহারা নিঃস্বার্থভাবে ভারতের উন্নতির চেষ্টা করিতেছেন তাঁহারা পরোক্ষভাবে এই জাতীয়তাবোধকেই জাগ্রত করিয়া তুলিবার সাধনা করিতেছেন।''

Ramananda Chattopadhyay of The Modern Review and Prabasi remarked in a lecture in the memory of Nivedita that Nivedita's feelings about India had made Indians rethink that though being Indians, how less interested they were about their own motherland. He recalled how Nivedita once expressed her admiration and respect for the indegenous method adopted for making 'Amsattva' (sun-dried mango juice) and 'Pataligur' (molasses) by rural folks of Bengal, through generations, devoid of any institutional training. While in the West, preservation of fruits in vacuum-sealed bottles

was done in factories. In the daily household chores of rural women of Bengal such as in the use of 'dhenki' (husking pedal), she could locate the very heart of this secred land.

Being a woman, Saralabala had remembered Nivedita saying that reawakening of India would depend on the unfolding and proper manifestation of Indian women's traditional characteristics. Such a belief was so strong in Nivedita, that when she established her school at the opening of the 20th century, she gave this belief optimal importance.

The society was a witness of Nivedita's devotion in other areas too. When plague turned to an epidemic at Calcutta, she used to nurse the diseased especially in the slums, wholeheatedly and took every care that proper sanitation was maintained, keeping aside the warnings that she could have been affected. Actually Nivedita knew that India, believed in that India and dreamt of that India which had exhibited indomitable courage and for whom sacrifice was affable. Thus Saralabala contemplated and uttered, ''নিবেদিতা ভালবাসিয়া ভারতবর্ষকে আত্মসমর্পণ করিয়া ছিলেন কেবলমাত্র কর্তব্য বোধে করেন নাই।''

Saralabala had a richly blessed life of eighty six years, enriched by her association with Nivedita among others. She expressed her feelings in Girish Chandra Memorial Lecture in 1953 at Calcutta University - ''দেখে মোহিত হয়েছি, মুগ্ধ হয়েছি ... এক বিদেশিনী আমাদের যে শিক্ষা দিয়ে গেছেন, তা যদি আমরা প্রাণ দিয়ে গ্রহণ করতে পারতাম, তাহলে আমাদের দেশের চেহারাটাই বদলে যেত।''

Bibliographic Essay

1. Ray, Sushil, "Sree Saralabala Sarkar", **Smaraniya** Bhadra 1365 BE.
2. Bishi, Pramathanath, "Yugcharitra O Saralabala Sarkar", **Desh**, 21st Pous 1368 B.E.
3. Chakrabarti, Nirendranath, "Sarala, Sahasini", **Anandabazar**

Patrika, 23rd Agrahayan 1382 BE.

4. Ghosh, Baridbaran, "Shatavarshiki Smarane : Saralabala Sarkar", **Sahityik Barshapanji**, Ashar 1383 BE
5. Deb, Chitra, "Introduction", **Saralabala Rachana Sangraha** Vol. I, Kolkata, 1989.
6. Sarkar, Saralabala, **Nivedita Jeevan Charit**, Calcutta, 1912.
7. Ibid,, "Nivedita Prasanga", **Anandabazar Patrika**, 6th Magh, 1335 B.E.
8. Ibid, "Nivedita Vidyalaya O Tahar Adarsha", **Anandabazar Patrika**, Annual Dol No, 10th Chaitra, 1335 B.E.
9. Ibid., "Nivedita Smarane", **Desh**, 7th Bhadra, 1359 B.E.
10. Ibid., "Nivedita O Jatiyatabad", **Desh**, 18th Ashar1367 B.E.
11. Ibid., Kutirshilpa O Niveditar Bhavatvarsha," **Desh**, Sharadiya 1357 B.E
12. Ibid., "Belur Math Sthapaner Par", **Desh**, 31st Bhadra, 1362 B.E.
13. Ibid., "Ramakrishna Missioner Naam O Udeshya, **Desh,** 28th Ashwin 1362 B.E.
14. Sarkar, Nirjharini, **Rachana – Sangraha**, Calcutta, 1991.

PART - II

সমর সেনের কবিতার আঙ্গিক

ড. মমতাজ বেগম

বিষয় চুম্বক ঃ কবি সমর সেনের কবিতায় আঙ্গিকের আলোচনাই এ প্রবন্ধের লক্ষ্য। রিয়ালিটি বা বাস্তবতার কবি হিসাবেই সমর সেনের মূল পরিচিতি। তাঁর কাব্যে স্বপ্নময়তাকে দূরে সরিয়ে রেখে জীবনের কঠিন বাস্তবকে তুলে ধরেছেন কবি। আর এটা করতে গিয়ে বিচিত্র আঙ্গিকের সাহায্য নিয়েছেন তিনি। অনায়াস দক্ষতায় কাব্যশরীরে তৎসম, আঞ্চলিক, বিদেশী শব্দকে মিশিয়ে দিয়েছেন; আবার একই সাথে রবীন্দ্র কাব্য থেকে শব্দ চয়ন করে প্রয়োগ করেছেন তাঁর কবিতার বাস্তব চিত্রকল্পে; তাছাড়া উপমা ও অলংকারের বিচিত্র প্রয়োগে নাগরিক সভ্যতার ছবি এঁকেছেন। তাঁর কবিতার আঙ্গিকের বৈচিত্র্যের সাথে মিশে গিয়েছে মধ্যবিত্ত সুবিধাবাদী অস্তিত্বের প্রতি বিতৃষ্ণা এবং এক্ষেত্রে তিনি নিজেকেও রেহাই দেন নি।

...

'আধুনিক বাংলা কবিতায় নিজেই একটা যুগের প্রবর্তন করেছিলেন সমর সেন। তাঁর কবিতা এতই অভিনব এক গদ্যছন্দে লেখা যে তার উৎস খুঁজতে যাওয়া নিরর্থক। কবিতার বিষয় নগর, নগর জীবনের ক্লান্তি, বিকার, বিক্ষোভ সামাজিক বিরোধ আর শ্রেণীসংঘর্ষ। নগর জীবনের সমগ্র সুরটি যেন ধরা পড়েছে এই সব কবিতায়।'[১]

১৯৪০এর সময়টা যখন প্রথম বিশ্বযুদ্ধের অভিশপ্ততায় কালিমালিপ্ত এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের গ্রাসে কম্পমান সেই সময়েই কবিতা লিখেছেন সমর সেন। নগর জীবনের বাস্তবতাকে এবং জীবনের নানা দ্বন্দ্বময়তাকে অবলম্বন করে বিষয় ও ভাবের উপর তিনি নির্মাণ করলেন এক সুসংহত নির্মেদ আঙ্গিক, নিজের কবিতা সম্পর্কে সমর সেন নিজেই বলেছেন - 'রিয়ালিটির থেকে নিস্কৃতির চেষ্টা পরাজয়ের দুর্বল ভঙ্গি, প্রকৃতির স্বপ্নলোক ক্লীবের অলীকস্বর্গ।'[২]

রিয়ালিটিই ছিল সমর সেনের কবিতার মূল আকর স্থল। কবিতার জগতে পদার্পন করতে গিয়ে সমর সেন নিজেই বলেছেন

'তখন যৌবনের নানা অভিজ্ঞতার ফলে কবিত্বভাব প্রখর হয়েছে।'[৩]

প্রথম যৌবনে নর-নারীর প্রেমঘটিত বিচ্ছেদ বেদনায় কাতর কবি যুগের হতাশা, বিষাদময়তার সাথে মিশিয়ে দিলেন প্রেমের ব্যর্থতাকে। অজস্র প্রশ্ন ও হতাশার অন্ধকারে আবেগী প্রেম সর্বদা কম্পমান -

'স্তব্ধরাত্রে কেন তুমি বাইরে যাও ?
আকাশে চাঁদ নেই, আকাশ অন্ধকার,
বিশাল অন্ধকারে শুধু একটি তারা কাঁপে
হাওয়ায় কাঁপে শুধু একটি তারা।
কেন তুমি বাইরে যাও স্তব্ধরাত্রে
আমাকে একলা ফেলে ?'

সমর সেনের প্রেমের কবিতা সম্বন্ধে সুমিতা চক্রবর্ত্তী বলেছেন - 'তাঁর (সমর সেনের) প্রেমের কবিতা প্রায়ই বিরহের, অপ্রাপ্তির, কষ্টের, ভালোবাসার মনোরমতা ও সমারোহ, ব্যাকুলতা ও ধন্যতাবোধ নেই সেখানে। প্রেমের বিদায় চিহ্ন ক্ষতময়। সেখানে শূণ্যতা, নৈঃশব্দ, অন্ধকার। সেখানে অস্থিরতা, বিনিদ্রা, ক্লান্তি।'[৪] এই কারনেই সমর সেনের কবিতার আঙ্গিকে, যতি চিহ্নের ব্যবহারে নতুনত্ব দেখা দিয়েছে। এক গভীর অধিকারবোধ ও পুরুষ শাসনের চোখরাঙানি প্রতিটি শব্দের মধ্যে অনুরনিত হয়েছে।

গদ্যছন্দের সুঠাম ব্যবহারে এবং চরণের মধ্যমিলে সমর সেনের কবিতা নতুন রূপ লাভ করেছে ঃ-

'পথে আজ লোক নেই, জবাবী হামলা হল শুরু।
কারাগার অবারিতদ্বার, গ্রামে গ্রামে বিপর্যয়।
রাস্তায় নিরস্ত্র লোক হৃৎপিন্ডে আহত, সন্ধ্যা রক্তক্ষরা।
মাঝে মাঝে বিচলিত অন্ধকারে প্রহরীর ডাক
রাত্রির স্তব্ধতা ভাঙে।'(ভ্রান্তি - সমর সেন)

কবিতার ভাষাকে সুদৃঢ় ভিত্তির উপর স্থাপন করেছেন কবি। যেমন 'জবাবী হাম্‌লা' 'নিরস্ত্র লোক' প্রভৃতি ভাষার অনায়াস ব্যবহারে তিনি সর্বদাই অকুণ্ঠিত। মূলত ভাষার ক্ষেত্রে কয়েকটি দিককে বেশি প্রাধান্য দিয়েছেন। যেমন - আঞ্চলিক শব্দের ব্যবহার স্বাভাবিকভাবে ব্যবহার করেছেন -

'তোমার ক্লান্তি উরুতে একদিন এসেছিলো কামনার বিশাল ইশারা।' (ঘরে-বাইরে)

এছাড়াও ট্যাঁক, বুলি, কুঁজ, হোঁচট, খাপছাড়া, লপেটা, জয়াশা প্রভৃতি শব্দের অনায়াস ব্যবহার রয়েছে। শুধু মাত্র বিদেশী বা ইংরেজী শব্দকে ব্যঞ্জনাময় করে ব্যবহার করেছেন। যেমন

'ম্লান হয়ে এল রুমালে
ইভিনিং ইন প্যারিসের গন্ধ
হে শহর হে ধূসর শহর।' (স্বর্গ হতে বিদায়)

এই কবিতায় অসংখ্য তৎসম শব্দের স্বতঃস্ফূর্ত ব্যবহার রয়েছে

'কর্কশ কাকেরা করে ধ্বংসের গান'
'লুব্ধ লোকের ভিড়ে যখন তুমি নাচো'
'নিস্ফল দিন কাটে ক্ষয়রুগীর কামার্ত প্রার্থনায়'(একটি বুদ্ধিজীবী)

অলঙ্কার প্রয়োগের ক্ষেত্রে তিনি অভিনবত্ব দেখিয়েছেন শব্দের সঙ্গে শব্দের ঘটকালিতে। যেমন উপমা অলংকারের প্রয়োগ ঘটেছে বিভিন্ন কবিতার পংক্তিতে -

ক) 'মহানগরীতে এল বিবর্ণদিন, তারপর আলকাতরার মতো রাত্রি'
খ) 'অন্ধ ধৃতরাষ্ট্রের মতো বিচলিত শুনি।'(একটি বুদ্ধিজীবী)
গ) 'মধ্য রাত্রে ঘুমের মতো তোমার কালো চুল'(চার অধ্যায়)

উৎপ্রেক্ষা অলংকারের প্রয়োগ দেখতে পাই -

ক) 'অনুর্বর বালুর উপরে
কর্কশ কাকেরা করে ধ্বংসের গান'(প্রতীয়মানোৎপ্রেক্ষা)
খ) 'দূর সমুদ্রের দীর্ঘশ্বাস
রাত্রের নির্জন নিঃসঙ্গতাকে আলোড়িত করে'(প্রতীয়মানোৎপ্রেক্ষা)
গ) 'রক্তিম ঠোঁট যেন শরীরের প্রথম প্রেম'(বাচ্যোৎপ্রেক্ষা)

অলংকারকে কাব্যের শোভা বাড়াতে কম-বেশি প্রায় সকল কবিই ব্যবহার করেছেন। কিন্তু অলংকারকে শব্দের রক্ত মেদ-মজ্জার সঙ্গে মিশিয়ে দিয়ে ভাবের দ্যোতনাকে আরও যুগোপযোগী করে, বাস্তবানুগ করে ব্যবহার করেছেন কবি সমর সেন। আবার গদ্যছন্দের মধ্যে দিয়ে নাগরিক জীবনের নগ্ন বাস্তবতার ছবি এঁকেছেন কবি। যেমন -

'মহিষবর্ণ জগদ্দল মেঘে
দিগন্ত রুদ্ধ করে বৈশাখের এ-দিন
শহরের প্রান্তে'

এই নাগরিক বিতৃষ্ণার সন্ধান পাওয়া যায় তাঁর কবিতার ছত্রে ছত্রে -

'রাত্রির অবিশ্রাম, অশান্ত বিষন্নতা'(ইতিহাস)

'সে চোখে নেই নীলার আভাস, নেই সমুদ্রের গভীরতা
শুধু কিসের ক্ষুর্ধাত দীপ্তি, কঠিন ইশারা
কিসের হিংস্র হাহাকার সে চোখে।'(নাগরিক)

অথবা

'চিত্তরঞ্জন সেবাসদনে যেমন বিষন্ন মুখে
উর্বর মেয়েরা আসে।'(উর্বশী)

এমন অসংখ্য উদাহরণ দিয়ে দেখানো যেতে পারে চিত্রকল্পের আলোকময় ঝলসানির রূপকে। পাঠকের সামনে যেন কল্পনার ছবি নয় বাস্তবটাই ধরা পড়ে যায়।

সমর সেনের কবিতায় আর এক নতুন রূপ পাওয়া যায় তা হল রবীন্দ্র কবিতার 'নাম' কাব্যভাবনার নবরূপায়ণ। যেমন - 'স্বর্গ' হতে বিদায়', 'চার অধ্যায়', 'চিত্রাঙ্গদা' 'মেঘদূত' প্রভৃতি নামের মধ্যে এবং কাব্যভাবনা থেকে নতুন ভাববৃত্ত এবং আঙ্গিক অন্বেষণ করেছেন। কখনো কখনো রবীন্দ্রনাথের লাইন ব্যবহার করে আধুনিকতার কুটিল রূপ উদ্ঘাটন করেছেন। যেমন

'কালের যাত্রাধ্বনি শুনিতে কি পাও
হে শহর, হে ধূসর শহর।
লুব্ধ লোকের ভিড়ে যখন তুমি নাচ
দশটাকায় কেনা কয়েক প্রহরের হে উর্বশী' (স্বর্গ হতে বিদায়)

উর্বশীর মিথ ভাবনা, 'স্বর্গ হতে বিদায়ের' বাহ্যিক ও আভ্যন্তরীন প্রেম ভাবনা আধুনিক নারীর বিক্রীত রাপের সঙ্গে একাকার হয়ে যায়।

'জমাট অন্ধকারে কর্দমাক্ত স্তব্ধতায়
দুর্ভিক্ষের কঙ্কাল চলে আপন পথে
পশ্চিমে চটকল, গঙ্গা, মধ্যে সুপ্ত শান্ত প্রাসাদে
বর্ধিষ্ণু মেদে নিদ্রারত কুবেরদুলাল
আরো আগে বিস্তীর্ণ মাঠ, ঘনিষ্ঠ সবুজ' (শহরে)

এ অংশ পাঠ করলে শহর কলকাতা ও পাশ্ববর্তী এলাকার সুস্পষ্ট ছবিটা বুঝে নিতে কষ্ট না।

চিত্রকল্প অঙ্কনের ক্ষেত্রেও সমর সেন সংশয় বা ক্লান্তির বারবার স্বগতোক্তি করেছেন। বিদ্রুপ, ব্যঙ্গ, শ্লেষ ব্যবহারে শহর কলকাতার স্বরূপকে তুলে ধরেছেন প্রীতিহীন প্রগল্‌ভতায়। কোথাও কোন শিথিল শব্দের ব্যবহার নেই। তাঁর কবিতার চিত্রকল্প সম্বন্ধে হিমবন্ত বন্দ্যোপাধ্যায় বলেছেন-'চিত্রকল্প যেন আলোকচিত্রের ফ্ল্যাশগানের ঝলসানি'[৫] অর্থাৎ সমর সেনের কবিতা পড়তে পড়তে চোখ ধাঁধিয়ে যায়। নিজের শ্রেণী পরিচয় সম্পর্কে তিনি খুবই বিতশ্রদ্ধ ছিলেন এই ক্লান্তিকর, বিষন্ন শহরের তিনিও একজন বাসিন্দা। অরুণ মিত্র এপ্রসঙ্গে বলেছেন-

'নিজের শ্রেণী পরিচয় তাঁকে বিক্ষুব্ধ করেছিলো বারবার। শহুরে মধ্যবিত্তের সুবিধাবাদী অন্তঃসারশূণ্য চরিত্র তাঁর অশ্রদ্ধা জাগায় প্রথম থেকেই এবং এই শ্রেণীর একজন বলে তিনি নিজেকেও রেহাই দেননি কখনো। এই বিতৃষ্ণা তাঁর স্মরণকে বিচলিত করেছে জীবনের শেষ পর্যন্ত।'[৬]

রবীন্দ্রনাথ ঠাকুর 'মেঘদূত' প্রবন্ধে দুটি মানুষের অতল গভীর বিচ্ছিন্নতার কথা বলতে গিয়ে বলেছিলেন মানুষেরা এক একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো, পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রুলবনাক্ত সমুদ্র।[৭] এই বিচ্ছিন্নতা, নিঃসঙ্গবোধ শহুরে কলকাতার মানুষকে গ্রাস করে নিয়েছে, সমর সেনের কবিতায় তারই মুর্চ্ছনা দেখি-

'কঙ্কাল গাছ হাত ছানি দেয়
প্রখর রৌদ্রে
মরুভূমি আমাদের ঘেরে।'(শবযাত্রা)

'একটি একলা বট খাপছাড়া ছায়া দেয়
প্রায় পত্রহীন সে প্রৌঢ় বট, বহুকাল মাখে নি সবুজ কল্প।'

'সবুজ' প্রাণের প্রতীক, যৌবনের প্রতীক। পুরনো কঙ্কালসার, কুসংস্কারগ্রস্থ ধ্যান ধারনাকে প্রলেপ দিয়ে কাজ চালাচ্ছি আমরা। এক বুক মরুভুমির ব্যাকুলতা নিয়ে আধুনিক মানুষের পথচলা। ধৃতরাষ্ট্রের মত আমরা অন্ধ, পুরুর মত আমরা জরাগ্রস্থ হয়ে দন্তহীন বিলোপ মাড়িতে যৌবনকে বাজি রেখে এগিয়ে চলেছি এক ভয়ঙ্কর মিথ্যার দিকে। সেখানে কোন সান্ত্বনা নেই, পালাবার কোন পথ নেই। অন্যান্য কবিদের মত মিথ্যে আশ্বাসকে বুকে চেপে ধরেননি কবি সমর সেন বরং কঠিন সত্যের সঙ্গে মোকাবিলা করতে চেয়েছেন। ভাবের সঙ্গে আঙ্গিকের এমন গভীর মেলবন্ধন খুব কমই চোখে পড়ে বাংলা সাহিত্যে। এ প্রসঙ্গে সমর সেনের সমসাময়িক কিছু কবির কথা উল্লেখ করা যাক।

সাহিত্যের বিষয় নতুনভাবে উদ্ভাসিত হয় রসরূপের আঙ্গিকে। আমরা জানি 'Style is

the man'. প্রত্যেক কবি একে অপরের থেকে স্বতন্ত্র তার Style বা আঙ্গিকের গুণে। জীবনানন্দের কবিতার জগৎ গড়ে উঠেছে প্রকৃতি, সমাজ, প্রেম, ইতিহাস, ঐতিহ্য, সময়চেতনার সমন্বয়ে এক অগতানুগতিক আঙ্গিকে। তাঁর শৈলীভাবনা হল প্রজ্ঞা ও অভিজ্ঞানের মিলিত রূপ।

সুধীন্দ্রনাথের আঙ্গিক অনেকটা মধুসূদনের মতো। শব্দভাবনায় কাঠিণ্যেই ছিল তাঁর কাছে গ্রহণীয়। শব্দের ধ্বনি, চিত্রের উৎকর্ষ এনেছেন দুরুহতার মধ্যে। বুদ্ধদেব বসুর কবিতা প্রতীকধর্মিতায় উজ্জ্বল। বিষ্ণু দে কবিতার মধ্যে এনেছেন মিথ ও প্রতীকিভাবনাকে বুদ্ধিদীপ্ততার সঙ্গে। সমর সেন নগর সভ্যতার ক্লান্তিতে, হতাশায় যেমন আটকে থাকেননি তেমনি আঙ্গিকের ক্ষেত্রেও কোন বাঁধাধরা ছককে মেনে নেননি। ভাবের যথাযথতার জন্য যেমন রূপকল্প প্রয়োজন তাকে অনায়াসে, দ্বিধাহীন চিত্তে ব্যবহার করেছেন কবিতার শরীরে। তাই নির্দিষ্ট একটি কথার ইশারায় তার আঙ্গিককে মূল্যায়ণ করা সম্ভব নয়।

আসক্তিমুক্ত এই কবি সম্পর্কে অশোক রুদ্র যে কথা বলেছেন সে কথা দিয়েই আমার আলোচনার ইতি টানবো -

'কবির কবিপ্রতিভা, অধ্যাপকের বিদ্যা, বুদ্ধিজীবীর বুদ্ধি, নারীর নারীত্ব - সবকিছুই দাম ধার্য করা হয়ে গিয়েছে, সকলেই কোনও না কোনও পণ্যের বিক্রেতা। সকলেই উচ্চতম মূল্যে নিজ সত্তাস্বরূপ পণ্যকে বিক্রি করার জন্য বাজারে হাজির। ব্যাতিক্রম সমর সেন। সমর সেনকে কেউ কিনতে পারল না। সমর সেনের কেউ মূল্য ধার্য করতে পারল না। এর চেয়ে আশ্চর্য ঘটনা সম্প্রতিকালের বাঙালির ইতিহাসে আর কিছু ঘটেছে বলে জানা নেই।'[৮]

উল্লেখপঞ্জী

১) সমর সেনের কবিতা, প্রচ্ছদাংশ, সিগনেট প্রেস, কলি - ২৩
২) সমর সেন - কবিতা পত্রিকা, বৈশাখ, ১৩৪৫ পৃ - ২৭
৩) 'সমর সেন ঃ বাংলা কবিতা' - 'কবিতা' বিশেষ সংখ্যা, বৈশাখ - ১৩৪৫
৪) আধুনিক বাংলা কবিতার রূপা - মনোজ মুখোপাধ্যায়, বামা পুস্তকালয় পৃ - ২৭
৫) কবিতা নিয়ে - হিমবন্ত বন্দ্যোপাধ্যায় - বঙ্গীয় সাহিত্য সংসদ পৃ-৭৩
৬) অরুণ মিত্র ১৯৮৮, কবি সমর সেন, অনুষ্টুপ বিশেষ সংখ্যা পৃ-১৩
৭) সংকলন - রবীন্দ্রনাথ ঠাকুর প--৮৪
৮) অনুষ্টুপ, সমর সেন বিশেষ সংখ্যা পৃ-৪৯ (সম্পাদক পুলক রায়)

রবীন্দ্রনাথের 'রাজা'ঃ
'অন্ধকারের স্বামী' কিংবা 'প্রাণের ঠাকুর'

প্রীতম চক্রবর্ত্তী

[বিষয় চুম্বক ঃ রবীন্দ্রনাটকে রাজার আবির্ভাব ঘটেছে বারে বারে, বিচিত্রের দূত হিসাবে। 'রাজা' নাটকে বা তার 'অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংস্করণ'-এ রাজার অবস্থান ছিল অন্ধকারে। কিন্তু সেখান থেকেই 'উৎসারিত আলো'কে খুঁজে নিতে নাটকের অন্যান্য চরিত্রগুলির যাত্রা। এ নাটকের দুই নারী, - রানী সুদর্শনা ও দাসী সুরঙ্গমাও খুঁজে ফিরেছিল রাজাকে - অন্তরে ও বাইরে সম্পূর্ণ করে রাজাকে গ্রহণ করার জন্যই সমগ্র নাটক জুড়ে তাদের কৃচ্ছ্রসাধন। তাদের সেই সাধনার প্রত্যেকটি স্তরকেই রবীন্দ্রনাথ মেলে ধরেছেন এই নাটকের প্রতিটি পর্ব-পর্বান্তরে। অবিশ্বাস থেকে বিশ্বাস, ধ্বংস থেকে নিষ্ঠা, অহং থেকে নিবেদনে - মানবিকতার এই উত্তরণের ধারাভাষ্য 'রাজা' নাটক। সেই ভাবনার দ্যোতক হয়ে উঠেছে সুরঙ্গমা ও সুদর্শনা।]

রবীন্দ্রনাটকে রাজা এসেছেন বিচিত্র ভাব এবং রূপ নিয়ে। কখনও রাজা নিজেই 'সংশয় তিমির'-এ আচ্ছন্ন পথের পথিক, কখনও তিনিই 'গভীর অন্ধকারে' পথের সাথী। রবীন্দ্রনাটকে রাজার দ্বিবিধ পরিচয় দিতে গিয়ে ড. উজ্জ্বলকুমার মজুমদার তাঁর 'রাজার রাজা' প্রবন্ধে লিখেছিলেন -

একটি রাজা এসেছে পৌরাণিক - ঐতিহাসিক রাজা রাজড়ার সূত্র ধরে। যে রাজা প্রজার প্রভু ও পালক। ক্ষমতায় ও প্রতাপে দোর্দণ্ড অথবা উদার ও মহানুভব। প্রজারঞ্জক অথবা প্রজাপীড়ক, অত্যাচারী। আর একটি এসেছে ঈশ্বরানুভূতি থেকে। এই দ্বিতীয়টি হলেন রাজার রাজা, মহারাজ, রাজন প্রভু, নাথ অথবা ত্রিভুবনেশ্বর, স্বামী, সম্রাট ইত্যাদি। ... এ রাজা যেহেতু ঈশ্বরের সামিল, সেই হেতু তাঁর ক্ষমতার কিনারা নেই। ... জীবন মৃত্যুর আসা যাওয়ার দুটি দরোজা খুলে রেখে সংসারকে তিনি চিরনবীন করে রেখেছেন। এই দৃশ্যজগৎ এই রূপসাগরের গভীরে তিনি অরূপরতন।'

এই রূপসাগরের 'রাজা' বা 'অরূপরতন'-এ সুদর্শনা এবং সুরঙ্গমা উভয়কেই ডুব দিতে হয়েছে। সুরঙ্গমা ডুব দিয়েছে এবং তাতে সার্থক হয়েছে নাট্যঘটনা সূচনার পূর্বেই। আর সমগ্র নাটকে জুড়ে আছে সুদর্শনার রূপের অতলে অরূপকে খুঁজে চলার কাহিনী। এই

খুঁজে ফেরার কাজে তার সাথী সুরঙ্গমা। সে শুধু ইঙ্গিতটুকু দিয়ে গেছে, কিন্তু 'পাথর বিছানো' পথে হাঁটতে হাঁটতে রাজাকে অথবা নিজেকে খুঁজে নিতে হয়েছে একলা সুদর্শনাকেই। প্রমোদ উদ্যান থেকে বেরিয়ে মানস উদ্যানে রাজাকে বসিয়ে তবেই 'পথ হল অবসান'।

'রাজা ও রানী', 'বিসর্জন' বা 'প্রায়শ্চিত্ত' প্রভৃতি নাটকে রাজা, প্রজার প্রভু মাত্র। অধ্যাপক মজুমদার প্রথম যে শ্রেণীর রাজার কথা বলেছেন তাঁরা সেই ধরণের। এঁদের মধ্যে 'বিসর্জনে'র রাজা গোবিন্দমাণিক্যই সম্পূর্ণ ইতিবাচক চরিত্র। আর তাই বোধহয় সে উপন্যাসের আখ্যানে অবলম্বনে এই নাটক তৈরী হয়েছিল। সেই উপন্যাসের নাম 'রাজর্ষি'। কিন্তু রবীন্দ্রনাথের তত্ত্ব নাটক পর্ব থেকেই রাজার স্বরূপ গেছে বদলে। 'মুক্তধারা' নাটকের রাজা বিশ্বজিৎ পূর্বের রাজাদের মত হলেও তাঁর রাজত্ব গ্রাস করেছিল যন্ত্র। 'অচলায়তনে'-এর রাজা মন্থরগুপ্ত আসলে রাজার নামধারী ব্যক্তি, প্রকৃত রাজা সেখানে গুরুই। শান্তিনিকেতন পর্ব থেকেই রাজা শুধু ঋষিমাত্র নন, তিনি 'জীবনদেবতা'ও বটে। ১৯০১-এ প্রকাশিত 'নৈবেদ্য' কাব্যে রাজা ও প্রভুর অদ্বৈত রূপ নির্মিত হয়েছে -

যদি এ আমার হৃদয়দুয়ার
বন্ধ রহে গো কভু
দ্বার ভেঙে তুমি এসো মোর প্রাণে
ফিরিয়া যেয়ো না প্রভু।
যদি কোনদিন তোমার আসনে
আর কাহারেও বসাই যতনে
চিরদিবসের হে রাজা আমার
ফিরিয়া যেয়ো না প্রভু।।

এভাবেই তিনি 'নৈবেদ্য' কাব্যে 'জীবননাথ'কে স্মরণ করেছেন। 'অর্ঘ্য' সাজিয়েছেন তাঁর উদ্দেশ্যে। কিন্তু 'গীতাঞ্জলি'তে সেই রাজা নিজেই এসেছেন ভক্তের কাছে -

তাই তো তুমি রাজার রাজা হয়ে
তবু আমার হৃদয় লাগি
ফিরছ কত মনোহরণ বেশে -
প্রভু নিত্য আছ জাগি।'

কখনো তিনি রাজ-ভিখারির বেশে 'গ্রামের পথে পথে' ফিরেছেন। কার্পণ্যের স্বরূপ বোঝাতে গিয়ে সে 'রাজাধিরাজে'র আবির্ভাব, তিনি তো ইতিহাস বা পুরানের পথ ধরে

আসেন না, আসেন বোধের পথ ধরে, আধ্যাত্মিক চেতনায়, তাঁকে চিনতে পারাটাই সবচেয়ে বড় পরীক্ষা, বিচিত্র রূপ ও রসের খেলায় জয়ী হওয়াই বোধের পূর্ণ বিকাশের পথে যাত্রার সুচক।

শরৎ ঋতুর বাহ্যিক আনন্দ উৎসবের পাশাপাশি গভীর তত্ত্বকে অবলম্বন করেই রবীন্দ্রনাথ 'শারদোৎসব' নাটক লিখেছিলেন, ব্রহ্মচর্য আশ্রমের ছাত্রদের নিয়ে অভিনয় করানোর উদ্দেশ্যে এ নাটক রচনা করলেও নতুন এক নাট্যধারার অবতারনা ঘটে গেল এই নাটকের মধ্যে দিয়ে। তবে উপনন্দের ঋণশোধের মধ্যে সাংকেতিকতা থাকলেও মূল কাহিনীর রহস্য গড়ে উঠেছে রাজসন্ন্যাসী অর্থাৎ বিজয়াদিত্যের ছদ্মবেশ অবলম্বনে। সেখানে অত্যন্ত বড় কাজের ছোট উপদেশ হল -

'রাজা হতে গেলে সন্ন্যাসী হওয়া চাই।'

কিন্তু 'বৈরাগ্য সাধনে মুক্তি'তে রবীন্দ্রনাথ বিশ্বাসী ছিলেন না, তাই কঠোর সাধনায় তাঁর সন্ন্যাসীরা শুষ্ক নন। বরং যথার্থ মাধুর্য্যের সন্ন্যাসীর আকাঙ্খাই রবীন্দ্রনাথ বার বার প্রকাশ করেছেন। 'রাজা' নাটকের রাজা তো তেমনই - তিনি রাজবেশের আড়ালে নিজেকে সরিয়ে রাখেন না। তাই তো ঠাকুরদা বলতে পারেন -

'সকলে মিলে আজ ধূসর হয়ে প্রভুর কাছে যাব। গিয়ে দেখব তার গায়েও ধুলো মাখা।'

এই রাজার অবস্থান 'সিংহাসনের আসন' -এ নির্দিষ্ট হয়নি বরং বলা যায় -

অহংকার তো পায় না নাগাল সেথায় তুমি ফের
রিক্ত ভূষণ দীন দরিদ্র সাজে।
সবার পিছে সবার নীচে, সবহারাদের মাঝে।
ধনে জনে সেথায় আছে ভরি সেথায় তোমার সংগ আশা করি,
সঙ্গী হয়ে আছে সেথায় সঙ্গীহীনের ঘরে
সেথায় আমার হৃদয় নামে না সে
সবার পিছে, সবার নীচে, সবহারাদের মাঝে।।

এই গর্বিত উদ্ধত হৃদয়কে পথের ধূলায় নামিয়ে এনে 'রাজা' নাটকে যাত্রার পরিসমাপ্তি। সবহারাদের সঙ্গে মিলে 'চরণধূলায় ধূসর' হতেই হয়েছে। সেখানে রাজার দাসী প্রেয়সী, শত্রু- মিত্র সবাই মিলেমিশে একাকার। প্রণয়িনী সুদর্শনা ও সেবিকা সুরঙ্গমা প্রেম ও পূজার অর্ঘ্য হাতে সামিল হয়েছে। উভয়েই কঠিন যন্ত্রণা পেয়েছে - বুকের মাঝে দুঃখ নিয়েই মিলনের পথে যাত্রা আরম্ভ। পথের ধূলায় আঁচল রাঙা করে যখন তাদের যাত্রার পরিসমাপ্তি ঘটেছে, তখন এমন এক অনুভূতির দ্বারে গিয়ে পৌঁছেছে সেখানে পার্থিব রূপ রস গন্ধের মোহ থেকে তাদের উত্তরণ ঘটে গেছে।

'অরূপরতন', 'রাজা' নাটকের সংক্ষিপ্ত রূপ হলেও 'নতুন করিয়া পুনঃলিখিত'। এই পুনঃলিখনে আয়তন-গত সংক্ষিপ্ততা ছাড়াও আরও কিছু পরিবর্তন ঘটেছে। যেমন গানের সংখ্যা 'অরূপরতন'-এ বেড়ে গেছে অনেক, সূচনা ও পরিসমাপ্তিও ঘটেছে 'গানের ভিতর দিয়ে'। সবচেয়ে বড় কথা সুদর্শনার সামাজিক অবস্থান বদলে গেছে। 'রাজা' নাটকে সুদর্শনা 'রাজমহিষী' - তার পূর্বপরিচয় যে কান্যকুব্জরাজকন্যা। আর 'অরূপরতনে' সে কান্তিকরাজকন্যা, রাজাকে বিবাহ করতে উৎসুক। রাজার ভাবনায়-

'আমার নাম নিয়ে সকলের চেয়ে বড়ো হবে, এই অহংকারে সে আমাকে চায়।'

উভয় ক্ষেত্রেই সুরঙ্গমা রাজার দাসী - সে দাসীর জীবনেতিহাস আলোয় ভরা নয়। বরং এই অনুকারের রাজার কাছে এসেই সে পেয়েছে আলোর দিশা।

প্রথমে যদি সুরঙ্গমার দিকে তাকানো যায় দেখা যাবে, সে সম্পূর্ণই রাজার কাছে নিবেদিত। তাঁর কথায় -

'... যখন সকালবেলায় তাঁকে প্রণাম করি তখন কেবল তাঁর পায়ের তলার মাটির দিকেই তাকাই, আর মনে হয় - এই আমার ঢের, আমার নয়ন সার্থক হয়ে গেছে।'

সুরঙ্গমার কাছে রাজা যেন 'মীরার বঁধূয়া' - যার প্রাণের কথা 'চাকর রাখো'। সুরঙ্গমাও তার আপন সুরে গেয়ে যায় -

আমি কেবল তোমার দাসী
কেমন করে আনব মুখে 'তোমায় ভালোবাসি'।

রবীন্দ্রনাথ ভিন্ন প্রসঙ্গে জানিয়েছেন, ভালোবাসায় গভীরতা যত বেশি, তার প্রকাশ তত কম। সুরঙ্গমা বা ঠাকুরদা চরিত্রগুলি এই ভাবনাতেই গড়ে উঠেছে। তবে সুরঙ্গমার পূর্ব জীবন কিছুটা ভিন্ন সুরেই বাঁধা ছিল। তার বাবা জুয়াড়ী এবং নিজেও সেই পরিবেশে মিলে গিয়ে রূপোপজীবিনী হয়ে উঠেছিল - নষ্ট হবার পথ তবে খোলাই ছিল। নিষ্ঠুর ভয়ানক কঠোর রাজার জন্যই জীবনের মূল ছন্দে ফিরে আসে সে। 'কাঁচা বয়সের মায়া'য় বহু পুরুষ তার সুখ- দুঃখকে তীব্র 'নাচন নাচিয়ে' বেড়িয়েছিল। সেই ব্যাভিচারময় জীবন থেকে সরে আসা সহজ হয়নি সুরঙ্গমার। ব্যাভিচারের পথ যখন বন্ধ হল, 'খাঁচায়-পোরা বুনো জন্তুর মতো' ছটফট করে বেড়িয়েছে সে। রাজার 'অবিচলিত নিষ্ঠুরতা'র কাছে মাথা কুটে মরেছে। নিজের জীবনকে সম্পূর্ণ অর্থহীন মনে হয়েছে তার। এই নিষ্ফল আক্রোশই পরে অবিচল ভক্তিতে পরিণত হয়েছে, শেষ পর্যন্ত -

'সমস্ত দুরন্তপনা হার মেনে একদিন মাটিতে লুটিয়ে পড়ল।'

তখনই সে প্রকৃত সুন্দরের সন্ধানে পেয়েছে, যার ব্যাখ্যা করতে গিয়ে বলেছে -

‘বাপের বাড়িতে অল্প বয়সে অনেক পুরুষ দেখেছি, তাদের সুন্দর বলতুম। আমার রাজা কি তাদের মত সুন্দর। কখ্খনো না। ... হাঁ তাই বলব - সুন্দর নয়। সুন্দর নয় বলেই এমন অদ্ভূত, এমন আশ্চর্য।’

তার মধ্যে যতক্ষণ প্রবৃত্তির দাহ ছিল ততক্ষণ সে ভিতরে ভিতরে গর্জন করে চলেছিল। মৃত্যু কামনা করেছিল সে রাজার প্রতি পরে তার প্রতিই অবিচল নিষ্ঠা জন্মেছে। কারণ রাজার প্রকৃত শাসনের কাঠিন্যে তার মোহ ছিন্ন হয়েছে - পিতৃগৃহে সে মধুরসে বিহ্বল হয়েছিল, পরবর্তী কালে তাকে ‘মধুমাখা ভ্রান্তি’ বলে বুঝিয়ে তবেই ছেড়েছেন রাজা। যখনই এই ভ্রান্তি ঘুচেছে তখন থেকেই সে রাজার একান্ত অনুগত। রাজার যে কোন কর্মপ্রচেষ্টার মধ্যেই সে ইতিবাচক বিশেষ ভাবনা আছে সে সম্পর্কে সুরঙ্গমা নিশ্চিত -

‘‘আমাকে সে দিন তিনি এই অন্ধকার ঘরের ভার দিয়ে বললেন ‘সুরঙ্গমা, এই ঘরটা প্রতিদিন তুমি প্রস্তুত করে রেখো এই তোমার কাজ’ তখন আমি তার আজ্ঞা মাথায় করে নিলুম - আমি মনে মনেও বলিনি, ‘যারা তোমার আলোর ঘরে আলো জ্বালে তাদের কাজটি আমাকে দাও’। তাই সে কাজটি নিলুম তার শক্তি আপনি জেগে উঠল, কোনো বাধা পেল না।’’

তার বিশ্বাস ‘অন্ধকারের মাঝে’ চেতনার আলো জ্বেলে রাজাই পথ দেখাবেন। কারণ ভীষন বা রুদ্র রূপে তিনিই তো সুরঙ্গমাকে ‘খেলা ঘরের দেয়াল ভেঙ্গে নিয়ে গেছেন, ‘দুঃখ সুখের পারে’। রাজার অগ্নিবেশের স্বরূপ সম্পর্কে সচেতন সে। যদিও তার এই অটল বিশ্বাস ও অটল আত্মনিবেদন সবাই বিশ্বাস করেনি, তাই রাজার ভৃত্য মহলে সে কিছুটা একঘরে। আর এক দাসী রোহিনীর সংলাপে তা স্পষ্ট -

‘ও তার ভান। ... আমরা যদি ওর মত নিলর্জ্জ হতুম তা হলে অমন কথা আমাদেরও মুখে আটকাত না। ... কত ছলই সে জানে ! ঐজন্যেই তো আমাদের কেউ তাকে দেখতে পারে না।’

এই অবহেলা সুরঙ্গমাকে বিন্দুমাত্র বিচলিত করে না। রাজাকে অন্তরে পেয়ে তার মাত্রাও থেমে যায় নি। রানী সুদর্শনার ভ্রান্ত পথে দিশা দেখানোর দায়িত্বও সে নিয়েছে। রানীকে কৃপা করার জন্য অনুরোধ করেছে রাজার কাছে -

‘সেই দুঃখই তাকে দিয়ো, তাকে দিয়ো ... এই সুযোগে তার অহংকার দাও ভেঙে। সকলের নীচে নামিয়ে তোমার পায়ের কাছে নিয়ে এসো তাকে।’

সুদর্শনার মনের দ্বন্ধ, তার উচ্চাশা সম্পর্কে সচেতন সুরঙ্গমা; সেই দ্বন্দ্বের অবসান

এবং মানসিক উন্নতির জন্যে এই পথই সর্বোৎকৃষ্ট বলে মনে হয়েছে তার। 'রাজা' ও 'অরূপরতন' দুটি নাটকেই যথাক্রমে রাজমহিষী ও রাজকন্যা রূপে তার আত্মপ্রকাশ ঘটলেও যন্ত্রনার পথ উভয় ক্ষেত্রেই সমান। ছায়াতরুহীন মরুপথ ধরেই তাকে এগিয়ে যেতে হয়েছে - সেই পথকে অন্তবিহীন বলেও মনে হয়েছে। কিন্তু সবক্ষেত্রেই বিশ্বাসের সুধাপাত্র নিয়ে সুদর্শনার সাথী হিসাবে রয়ে গেছে সুরঙ্গমা, বৈষ্ণব শাস্ত্রের মঞ্জরী ভাবের সাধিকা বলে মনে হয় তাকে। তার মন্ত্রই সুদর্শনার অন্ধকার থেকে আলোর পথে যাবার অবলম্বন। এই যাত্রা মনে করায় রবীন্দ্রনাথের আরও এক নারী চরিত্রকে - 'ঘরে বাইরে'র বিমলা। তাকেও হাঁটতে হয়েছিল আগুনের ভিতর দিয়ে। সেই আগুনেই ঘটেছিল বিমলার চিত্তশুদ্ধি ও মোহমুক্তি। নিখিলেশের গভীর প্রেমকে অস্বীকার করে সন্দীপের চাপল্যের কাছে নিজেকে সমর্পন করতে উদ্যত হয়েছিল সে। নিখিলেশও সেখানে রাজার মত স্থির, অচঞ্চল এবং কর্তব্যে অবিচল। সে বলতে পারে -

'আমি বিশ্বাস হারাব না, আমি অপেক্ষা করব'।

এই অপেক্ষা রাজাও করেছিল সুদর্শনার জন্য, এমনকী সুরঙ্গমার জন্যে। রাজার এই অপেক্ষার প্রতি সুরঙ্গমার পূর্ণ বিশ্বাস ছিল বলেই সুদর্শনাকে সে পথে বার করতে পেরেছিল।

শঙ্খ ঘোষ তাঁর 'এ আমির আবরণ' গ্রন্থে 'রাজা' নাটকের সঙ্গে 'গীতাখ্য কাব্য তিনটি'র সধর্মের কথা উল্লেখ করতে গিয়ে রবীন্দ্রনাথের 'তিনতলা' প্রবন্ধটির কথা উল্লেখ করেছেন। সেখানে রবীন্দ্রনাথ লিখেছেন -

'তিনটে বড়ো বড়ো স্তরে মানবজীবন গড়ে তুলেছে - একটা প্রাকৃতিক, একটা ধর্মনৈতিক, একটা আধ্যাত্মিক।'

প্রথম স্তরে উপলব্ধির কেন্দ্রে দাঁড়ায় প্রকৃতি। যা ছুঁয়ে অনুভব করা যায় তাকেই একমাত্র সত্য বলে মনে করা হয় এই স্তরে। পরে এ ব্যাপারটিকে যখন মূঢ়তা বলে মনে করা হয় তখন 'বাহিরকে নিঃশেষে নিরস্ত করে দিয়ে' অন্তরে বাসা বাঁধা হয়। বাসনার পায়ে শিকল পরিয়ে দেওয়া হয়। কিন্তু এই আত্মশাসন যখন প্রবল আকার ধারণ করে তখন মানুষ হাঁপিয়ে ওঠে। এরপরেই ভিতর আর বাইরের দ্বন্দ্ব ঘুচে চিদাকাশে ফুটে ওঠে এক আনন্দজ্যোতি -

'তখন ভিতরের বাহিরের সমস্ত দ্বন্দ্ব দূর হয়ে গেল। তখন জয় নয়, তখন আনন্দ; তখন সংগ্রামে নয়, তখন লীলা; তখন ভেদ নয়, তখন মিলন; তখন আমি নয় তখন সব - তখন বাহির ও নয়, ভিতর ও নয়, তখন ব্রহ্ম - তচ্ছুভ্রংজ্যোতিষাৎ জ্যোতিঃ।'

এই পূর্ণের চরণের কাছে সুদর্শনাকে ঠাঁই দেওয়ার জন্য রবীন্দ্রনাথ তার ক্রম উত্তরণ বা আত্ম উন্মোচন ঘটালেন নাট্যকাহিনী নির্মাণের মধ্য দিয়ে। নিজের রূপের প্রতি তার ছিল প্রবল অহংকার, তাই সে সুরঙ্গমাকে বলেছে -

'তোমার মত আমি অত বেশি নম্র নই, আমি শক্ত আছি। সকলের কাছে তিনি আমাকে স্বীকার করে নেবেন - এ তিনি এড়াতে পারবেন না।'

তাই তার প্রেমার্ঘ্য সরাসরি সত্যের কাছে পৌঁছয়নি। যদিও সে সুন্দরের উদ্দেশ্যে তার অর্ঘ্য প্রেরণ করেছিল তবু সেই সুন্দরের ভিতর ছিল চরম ভন্ডামি, মুখের বদলে ছিল মুখোস। সুদর্শনা তার অপরিমার্জিত চিত্তমুকুরে সেই মুখোসকেই মুখ ভেবেছে। বাহ্যিক সৌন্দর্যের ভন্ডামি ছিল সেখানে - সত্যের বিন্দুমাত্র স্বরূপ সেখানে সম্পূর্ণ অনুপস্থিত। সুবর্ণর টকটকে লাল কিংশুক ফুলের ধ্বজা, আর উজ্জ্বল গাত্রবর্ণ দেখে দাসী রোহিনী-র হাতে তার জন্য বরমাল্য প্রেরণ ভরে ফেলে সুদর্শনা। রাজার প্রকৃত রূপের সন্ধান পেয়েছে যে সুরঙ্গমা, তার জন্য অপেক্ষাও করতে পারে না। রানী সত্য-মিথ্যার ভেদ, বোঝে না বলেই আলো অন্ধকারের তারতম্যও বুঝতে অসমর্থ হয়। সেই অন্ধকার ঘরে পরমের সঙ্গে নিবিড় মিলনের প্রকৃত সত্য উপলব্ধিতেও যে অক্ষম -

'এই সে কঠিন কালো লোহার মতো অন্ধকার, এ যে আমার উপর চেপে আছে ঘুমের মতো, মুর্চ্ছার মতো, মৃত্যুর মতো। এ জায়গায় আমাতে তোমাতে মিলন হবে কেমন করে? না না, হবে না মিলন, হবে না।'

এখানেই সুরঙ্গমার সঙ্গে সুদর্শনার পার্থক্য - বিশ্বাসের যে ভিত সুরঙ্গমা তার সাধনার মধ্যে দিয়ে গড়ে তুলেছিল, সুদর্শনা সেই সাধনার প্রাথমিক পর্যায়ে দাঁড়িয়ে। প্রেমের মধ্যে কেবল আলো আর ভালোকে খুঁজে বেড়িয়েছিল সে। দুঃখ-সুখের দোলায় 'রাজার দুলালী' সুদর্শনা জীবনকে চিনতে সক্ষম হয়নি, তখনও। এই কারণে অনাঙ্কাকিত পুরুষকে প্রণয় নিবেদন করে বহু পুরুষের লোভী দৃষ্টির সন্মুখে পড়তে হয় তাকে। অহংকার মুক্ত হলে তবেই যার দর্শন মেলে, তাকে দেখবার জন্য সেই অহংকারের বীজ তিনিই সমূলে উৎপাটন করে দেন। সুবর্ণের সত্যকার পরিচয় পেয়ে রানী সুদর্শনা হাহাকার করে ওঠে -

'রাজা নয়! এ রাজা নয়! তবে ভগবান হুতাশন, দগ্ধ করো আমাকে, আমি তোমারই হাতে সমার্পন করব। হে পাবন, আমার লজ্জা, আমার বাসনা পুড়িয়ে ছাই করে ফেলো।'

আগুনে যখন সব আগুন ময় হয়ে উঠেছে তখনই রাজাকে দেখে সুদর্শনা - সে রাজা সুদর্শন নয়। যার মনে মোহের কালিমা লিপ্ত হয়ে আছে সে তো তার রাজাধিরাজকে

কালোই দেখবে। কারণ বাইরের আলো ব্যতীত অন্তরের চেতনা দিয়ে দেখবার যে বোধ তা তো সুদর্শনা পায়নি। 'শাপমোচন'এর কমলিকার মত তার নিজেকে প্রবঞ্চিত বলে মনে হয়েছে। নিজের কৃতকর্ম ও রাজার রূপ দুয়ের প্রতি তীব্র ক্ষোভে সে রাজবাড়ি ত্যাগ করেছে। চেয়েছে রাজা তাকে জোর করে ধরে রাখুক। নিজের মূল্য সম্পর্কে তখনও তার বেশ উচ্চ ধারনা। তার এই রাজবাড়ি ত্যাগকে কেন্দ্র করে বিরাট কিছু ঘটে যাবে এমনও আশা পোষণ করেছে মনে। এই কারণেই সে রাজাকে সম্পূর্ণ করে পায়নি, শূন্য হাতে ফিরতে হয়েছে। সুরঙ্গমার নিষ্ঠার প্রতি কটাক্ষ করলেও মাঝে মাঝে তাকে উপেক্ষা করতে পারে না। রোহিনীর তোষামোদের বদলে সুরঙ্গমার সত্য ভাষনই তার কাছে কাঙ্খিত।

রবীন্দ্রনাথের বিবিধ নাটকে রাজার অবস্থান বহুমাত্রিক। রক্তকরবীর রাজা শক্তির প্রতীক - শূন্যতার প্রতিভূ ; প্রবল প্রতাপে সে তাল তাল করে আনা জমায়, অথচ তার শোভা শূন্যতায়। সে ঈর্ষা করে সুন্দরকে। আর ডাকঘর-এর অমলের রাজা অসীম বা পূর্ণতার প্রতীক - মুক্তির দূত। তারই চিঠির অপেক্ষা করে থাকে বালক অমল। কিন্তু 'রাজা' নাটকের রাজা যেন প্রত্যেক চরিত্রের প্রতিবিম্ব হয়ে উঠেছে। যে তাকে যেভাবে দেখতে চান, তিনি সেই রূপেই ধরা দেন। তাই তো তিনি ঠাকুরদার মিত্র, কাঞ্চীরাজে (রাজা) বা বিক্রমবাহু (অরূপরতন')-র শত্রু, সুরঙ্গমার প্রভু আর বিরূপাক্ষের মত ব্যক্তির রাজা কুৎসিত, কারণ -

'ও আয়নাতে যেমন আপনার মুখটি দেখে, আর রাজার চেহারা তেমনি ধ্যান করে।'

রানী সুদর্শনা প্রমোদবনে রাজাকে দেখতে গেলেন, দেখা পেলেন সুবর্ণর - সে জুয়াড়ী। রূপ ও অর্থের নেশায় সে ডুবে থাকে। যার নিজের পরিচয় সম্পূর্ণ মিথ্যা - তাই সর্বত্রই তা ঘোষনা করে বেড়াতে হয়। মিথ্যা রাজা সাজার কারণে অন্য রাজাদের পায়ে অবনত হতে হয়। রানীর রূপজ মোহ তাকে এমনই 'ভন্ডরাজ'এর সন্মুখে দাঁড় করিয়েছিল। এই মিথ্যা ধারনা সরে যেতেই দেখা পেয়েছে সত্যিকারের রাজার। সুবর্ণর রূপকে মিথ্যা বলে মনে হয়েছে -

'ঐ সুন্দরেও মন ভোলে! আমার এ পাপ - চোখকে কী দিয়ে ধুলে এর গ্লানি চলে যাবে।'

সুরঙ্গমা রাজার অতল কালো রূপের মধ্যে সেই গ্লানিকে ধুয়ে নেবার কথা বলেছে। কিন্তু রানীর প্রবল অভিমানের জোয়ারে রাজার প্রতি তার অভিসারের পথকে রুদ্ধ করে দিয়েছে। অভিমানে পুনঃরায় ভন্ডরাজকে বিশ্বাস করতে চেয়েছে। কিন্তু ফিরতে হয়েছে রাজার দিকে, বা বলা ভালো তার দৃষ্টি ফিরেছে সত্যের দিকে, প্রকৃত সুন্দরের দিকে।

যে আগুনকে দেখে সবাই ভয় পেয়েছে, সেই আগুনেই বিশ্বাস সুরঙ্গমার -

'রাজাই আছেন ওই আগুনের মধ্যে। তিনি আমাকে পুড়িয়ে নেবেন।'

এরপরেও সুদর্শনার দেরি হয়েছে রাজাকে সম্পূর্ণ গ্রহণ করতে বা বলা ভালো রাজার কাছে নিজেকে নিবেদন করতে। কারণ সে নিজেই স্বীকার করেছে -

'রূপের নেশা আমাকে লেগেছে; সে নেশা আমাকে ছাড়বে না, সে যেন আমার দুই চক্ষে আগুন লাগিয়ে দিয়েছে। আমার স্বপনশুদ্ধ ঝলমল করছে।'

রূপমোহ পেলেও তার নিজের সামাজিক মান যায় নি -

'অতোবড় রানীর পদ একমুহূর্তে বিসর্জন দিয়ে এলুম সে কি এমনি কোণে লুকিয়ে ঘর ঝাঁট দেবার জন্য।'

তীব্র অভিমান নিয়ে রাজার জন্য অপেক্ষা করেছে সুদর্শনা। অভিমানের ঋধা এমনই যে আঁধার কাটেনি। অবশেষে অতল কালোর মধ্যে সম্পূর্ণ ডুবিয়ে অনুভব করেছে রাজাকে-

'এ অন্ধকার ডুবাও অতল অন্ধকারে
ওহে অন্ধকারের স্বামী

সকল ঝরে সকল ভরে আসুক সে চরম,
ওগো মরুক না এই আমি।'

আত্মগ্লানির তুষানলে জ্বলতে জ্বলতে বিমলার মনে হয়েছিল - 'আমি সরলেই সব বিপদ কেটে যাবে।' আর বেদনার শীর্ষে পৌঁছে সুদর্শনার মনে হয়েছে -

'তবে আসুক মৃত্যু, আসুক - সে তোমার মতোই কালো, তোমার মতোই সুন্দর, তোমার মতই সে মন হরণ করতে জানে। সে তুমিই সে তুমি।'

এই মৃত্যু চেতনাই তার মনে পরমের পূর্ণ প্রকাশ ঘটিয়েছে। আনন্দ আর বেদনার দোলা একই সঙ্গে জোগে উঠেছে তার বুকে। স্বীকার করেছে সুদর্শনা নিজের পরাজয়কে। রাজাকে জয়ী করে সে নিজেই জিতে গেছে। সুরঙ্গমার পরামর্শে সেই 'নিবেদন করবার ইচ্ছা' তার মনেও বেজে উঠেছে গভীর সুরে। সুরঙ্গমা ও সুদর্শনার ইচ্ছা মিলে গেছে একই ভাবনায় -

'সেই আঁধার ঘরের ইচ্ছা - দেখা নয়, শোনা নয়, চাওয়া নয়, কেবল গভীরের মধ্যে আপনাকে ছেড়ে দেওয়া।'

তার অন্ধকারের কান্না থেমেছে। 'অভিমানের বদলে' রাজার মালা গ্রহণ করার জন্য পথে বেরিয়েছে নিরাভরণ হয়ে। বহুপূর্বেই সুরঙ্গমা বলেছিল যে যাঁর দাসী তিনি সুরঙ্গমাকে নিরাভরণ বেশেই সাজিয়েছেন। সেই রূপই তার অলংকার। লোকের কাছে গর্ব করার মত কোন কিছুই রাজা তাকে দেননি। সুদর্শনাতে শেষ পর্যন্ত এই ভাবনাতে বিশ্বাস রেখেই চোখের জল ফেলতে ফেলতে, কঠিন পথ ভাঙতে ভাঙতে চলেছে রাজার কাছে। এমনকি এই পথে চলার অহংকারও তার টেকেনি, কারন এর পূর্বে রাজা নিজেই এসেছিলেন তার কাছে - বীনার তারে সুর বেঁধেছিলেন কঠিন মুর্চ্ছনাতে। তিনিই পথে বের করেছেন। সুদর্শনাও সুরঙ্গমার মত বলতে পারে -

'সে রানীর বেশ তিনি আমাকে চিরদিনের মত ছাড়িয়েছেন, সবার সামনে আমাকে দাসীর বেশ পরিয়েছেন - বেঁচেছি বেঁচেছি। আমি আজ তাঁর দাসী - সে কেউ তাঁর আছে, আমি আজ সকলের নীচে। ... আজকের দিনের অভিমানের সেই ধুলোই সে আমার অঙ্গরাগ।'

নাটকের একেবারে অন্তিম পর্বে অন্ধকার ঘরে কেবল রাজা ও সুদর্শনা, সেখানে তাদের মাধ্যমে হিসাবে আর সুরঙ্গমা নেই। তার প্রয়োজন ও তখন আর নেই। এমনও ভাবা যেতে পারে সুদর্শনা ও সুরঙ্গমা মিলেমিসে একাকারে হয়ে গেছে। অন্ধকার ঘরের লীলা শেষ হবার পূর্বে তাই সেই 'অন্ধকারের স্বামী' কিংবা 'প্রাণের ঠাকুর'কে প্রণাম জানিয়েছে সুদর্শনা।

বৌদ্ধ জাতকের কাহিনী থেকে এই আখ্যানভাগ গৃহীত, তবে কোন ধর্মীয় প্রভাব এখানে নেই। এক কথায় এ নাটক আত্মোপলব্ধির নাটক। 'সকল অহংকার'কে চোখের জলে ডুবিয়ে দেবার নাটকও বটে। সত্য ও সুন্দরের সে পরিপূরক অবস্থানের কথা তাঁর 'সৌন্দর্যবোধ প্রবন্ধে জানিয়েছিলেন, জীবনবোধের ভিতরেও গভীরভাবে তা সে প্রোথিত করে রাখা প্রয়োজন তা দেখালেন এ নাটকে। এ নাটকের আলোচনা প্রসঙ্গে আবু সয়ীদ আইনুর তাঁর 'পান্থজনের সখা' গ্রন্থে লিখেছেন -

'দুই হাতে সুধার সঙ্গে গরলও ঢেলে দিচ্ছেন সেই অতি নিষ্ঠুর ভয়ংকর প্রেমিক, সেই সুদর্শনার আদর্শ স্থানীয় কালো রাজা, যাঁর পতাকায় পদ্মফুলের মাঝখানে বজ্র আঁকা। তাঁরই আদেশে সমুদ্রে ভীষন ঝড় ওঠে, তীর্থযাত্রী জাহাজ ডুবে যায়, সাত-আটশো নিরীহ নারী পুরুষ শিশু বৃদ্ধ অসহায় যন্ত্রনায় দম আটকে প্রাণ হারায়। ... ক্রমশ দুঃখের অভ্রভেদী বিরাট স্বরূপের সঙ্গে রবীন্দ্রনাথ সুপরিচিত হয়ে ওঠেন।'

কিন্তু 'নিবিড় ঘন আঁধারে' পথ হারিয়ে স্তব্ধ হয় না রবীন্দ্রচেতনা বরং ঝড়কে ও 'জয়ধ্বজা' বলেই বিশ্বাস করতে চান। তাই এ নাটকের শেষে সবাই মিলে যখন তাদের

রাজার কাছে পৌঁছে গেছে তখন পূর্ব দিক রাঙা হয়ে উঠেছে, প্রাসাদের সোনার শিখরে উজ্জ্বল হয়ে দেখা দিয়েছে, আর রামকেলি রাগে বেজে ওঠে জাগরনের গান -

'ভোর হল বিভাবরী, পথ হল অবসান।
শুন ওই লোকে, লোকে উঠে আলোকেরই গান।
লজ্জা ভয় গেল ঝরি, ঘুচিল রে অভিমান।।'

গ্রন্থপঞ্জি ঃ

আকর গ্রন্থ ঃ

১. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্ররচনাবলী' (দ্বাদশখন্ড), পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১৫।

সহায়ক গ্রন্থ ঃ

১. আবু সয়ীদ আইয়ুব, 'পান্থজনের সখা', দে'জ, কলকাতা, প্রথম প্রকাশ, ১৯৭৩।

২. উজ্জ্বল কুমার মজুমদার, 'নবীন রাজা', প্রতিভাস, কলকাতা, প্রথম প্রকাশ, ১৯৮৮।

৩. বারিদবরণ ঘোষ (সম্পা), 'রবি বন্দনা', সাহিত্যম, কলকাতা, প্রথম প্রকাশ, ২০১১।

৪. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্ররচনাবলী' (১ম- ১৬শ খন্ড) , পশ্চিমবঙ্গ বাংলা আকাডেমি, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১১ - ২০১৬।

৫. শঙ্খ ঘোষ, 'এ আমির আবরণ', প্যাপিরাস, কলকাতা, তৃতীয় সংস্করণ, ১৯৯১।

৬. শঙ্খ ঘোষ, 'কালের মাত্রা ও রবীন্দ্রনাটক' দে'জ, কলকাতা, ষষ্ঠ সংস্করণ, ২০০৯।

দেশভাগের ইতিকথা ঃ ঋত্বিক ঘটকের বাংলা নাটক

সৌরভ মণ্ডল

ঋত্বিক ঘটকের দরদী সমাজতাত্ত্বিক মনে ভেসে ওঠা দেশভাগ প্রস্তাব পর্যায়ে বিভিন্ন রাজনৈতিক নেতাদের চক্রান্ত ও ভূমিকার প্রকৃতি, গ্রামীণ সহজ সরল মানুষের অসহায়তার ছবি, চারিদিকে মহামারী আক্রান্ত লাশের সমাবেশ, কখনো বা নিজ অস্তিত্বের সঙ্গে বেঁচে থাকার লড়াইয়ে প্রতিবাদীমুখর সাধারণ মানুষের মন তা তাঁর 'দলিল' (১৯৫১-৫২) ও 'সাঁকো' (১৯৫২) নাটক দুটির প্রতিচ্ছবি।

'দলিল' নাটকে দেশভাগের প্রত্যক্ষ ছবি ধরা পড়েছে। স্বাধীনতার পরমুহূর্তেই পূর্ব পাকিস্তানে অবাঙালি প্রশাসন ও সামরিক বাহিনী এবং মৌলবাদীদের তৈরী আলবদর প্রভৃতির অত্যাচারে পূর্ববঙ্গ থেকে গরিব ও মধ্যবিত্ত শ্রেণীর মানুষ পশ্চিমবঙ্গে আসতে শুরু করেছিল। এই সকল বাস্তুহারা জীবনের দুর্বিষহ অবস্থার চিত্র ঋত্বিক ঘটক 'দলিল' নাটকে তুলে ধরেছেন। নাট্যকার নিজেই ছিলেন উদ্বাস্তু পরিবারের ছেলে। তাই নাটকের উৎসর্গ পত্রে লিখেছেন -

> ''উদ্বাস্তু মনোভাবের প্রতিটি অনুরণন
> আমি পেয়েছিলাম আমার বাবার মধ্যে।
> যে বাবার জীবনকালে কোনদিন আমি
> তাঁকে কিছু দিতে পারিনি - সেই আমার
> পরমপূজনীয় স্বর্গত বাবার উদ্দেশ্যে আমার
> প্রথম প্রচেষ্টা উৎসর্গীকৃত হল।''

(দলিল - ঋত্বিক ঘটক, উৎসর্গপত্র , গণনাট্য নিউ মাসেস পাবলিকেশন)

'দলিল' নাটকের প্রথমাংশে দেশভাগের পূর্ববর্তী অবস্থায় পূর্ববাংলার রূপাই কান্দী গ্রামে হিন্দু-মুসলমানের সুন্দর সহাবস্থানের চিত্র এবং দ্বিতীয়াংশে দেশভাগ পরবর্তী সময়ে শেয়ালদা স্টেশনে হিন্দু উদ্বাস্তু মানুষের বেঁচে থাকার অধিকারবোধে সংগ্রামে মেতে ওঠা নিম্নবর্গীয় সমাজের (Sub altern Society) মানুষের হাহাকারের চিত্র বর্ণিত হয়েছে। দেশভাগের পূর্বে রূপাই কান্দী গ্রামে ক্ষেতু ঘোষ, কলিম শেখ, কিরু শেখ

ইত্যাদি নিম্নবিত্ত পরিবারের সুখী জীবনযাপনের ছবি ধরা পড়েছে। নাটকের কাহিনীতে দেখা যায় ক্ষেতু ঘোষ তার দুই ছেলে গোপাল, মহিন্দর ও কন্যা পদ্ম, মহিন্দরের স্ত্রী স্বর্ণ ও ছেলে হারুকে নিয়ে সুখের সংসার। কিন্তু পরমুহূর্তেই হঠাৎ দেশবিভাগের খবর রেডিওতে প্রচার হলে অসহায় মানুষদের প্রতিক্রিয়া নাটকের সংলাপে লক্ষ্য করার মতো।

''হরেন ঃ জানো না হে, আজই তো দেশ বিভাগের খবরটা বারাবে রেডিওতে।

গোপাল ঃ রেডিওতে?

হরেন ঃ বেতারযন্ত্রে। মানে, নেতারা ঠিক কর‍্যাছে, চাণক্য শ্লোকই জ্ঞানের পরম আধার - অর্ধং ত্যজতি পণ্ডিতঃ।

গোপাল ঃ মানেটা কী হল?

হরেন ঃ মানেটা হল, আমার পেরাইমারি ইস্কুলটা উঠাবার হল। এত খাট্যা, গুরু ট্রেনিং পাশ কর‍্যা স্কুল বসালাম ই গায়ে, মিট্যা গেল। এখন তল্পি গুটাইয়া রওনা দেওয়া লাগবে উপার।''

কিন্তু, ভিটে মাটি ছেড়ে অন্য জায়গায় স্থানান্তরিত হওয়ার আশঙ্কা তাদের। ভিটে মাটির সোঁদা গন্ধ, জানলা দিয়ে বয়ে আসা নির্মল বাতাস, পাশে পদ্মার বালির আস্তরণ ঘরের আনাচে কানাচে, গাঙ্গের উপর থেকে ভেসে আসা জমাটি গানের সুর যেন স্বপ্নের দেশে নিয়ে যায় তাদের। চারিদিকে আঁধার ঘনিয়ে আসার সংকেত পেয়েও ক্ষেতু ঘোষ মরণকে অতিক্রম করে ভিটে মাটি আঁকড়ে ধরে থাকার সাহস দেখায়। কিন্তু, পরবর্তীতে সংসারের কথা ভেবে বাধ্য হয়ে সবকিছু কলিমের উপর দায়িত্ব অর্পণ করে চলে যাওয়ার জন্য মনকে মানিয়ে নেয়। চলে যাওয়ার মুহূর্তেও হিন্দু মুসলমানের অটুট বন্ধনের দীর্ঘশ্বাস চোখে পড়ার মতো -

''কলিম ঃ চাচা, ভাইব না, ঘর হামি দেখব, দেখব হামি। বহরের সাথ লাও লয়্যা যাব। আবার কবে বা দেখব চাচা! বউঠান, আমাহেরা ভুলবা না তো? ভুইল না। পদ্ম বোন, হামার দিঘির পাড়ে ইবার বর্ষাতেও কলমির শাক গজাবে, কিন্তুক তুই তো থাকবি না রে। কিন্তুক দেখা একদিন আমাহেরা হবেই চাচা, ইনা হয়্যা যায় না। উদেশে গিয়ে ঠিকানা দিয়ো - চাচা, বউঠান, পদ্ম, - খোদা হাফিজ।

কলিম জোরে হেঁটে চলে যায়। গোপাল স্তব্ধ হয়ে বাঁধে উঠে নদীতে কী যেন দেখছে।''

স্থানান্তরিত হয়ে তারা কখনো 'রিফিউজি', কখনোবা 'শরণার্থী' আখ্যা পায়। নিজ

আত্মসম্মান হারিয়ে, নিজ আশ্রয় হারিয়ে, নিজ অস্তিত্ব খুইয়ে আজ তারা এপ্রান্ত থেকে ওপ্রান্তে লড়াই করে খুঁজে বেড়ায় সামাজিক চাহিদা প্রতিষ্ঠা লাভের আশায়। উদ্বাস্তুরা সাধারণত রেলপথে ভারতে এমনকি অনেকে পায়ে হেঁটে পশিমবঙ্গের বিভিন্ন জেলায় চলে আসত। প্রথম দিকে উদ্বাস্তুদের জন্য বনগাঁ ও বানপুরে রিসেপশন সেন্টার খোলা হয়েছে এবং স্লিপও দেওয়া হয়েছে প্রমাণ স্বরূপ। পরে উদ্বাস্তু সমস্যা প্রবল আকার ধারণ করে। সরকার কাশীপুর, উল্টোডাঙ্গা ও ঘুঘুরিতে কিছু পাটের গুদাম ভাড়া নিয়ে উদ্বাস্তুদের থাকার ব্যবস্থা করলেও প্রচুর উদ্বাস্তু থাকার কোনো জায়গা প্রথমে পেত না। তাই শেয়ালদা স্টেশনের ট্রেন আসার হুসহাস, ইঞ্জিনের হুইসিল, লোকজনের কোলাহলের মধ্যেই তাদের দিন-রাত্রি গুজরান। তারা অতিথি হয়ে উঠল নিজ দেশেই। মাথা গোঁজার ঠাঁই পেল না, পারল না নিজেদের অধিকার টিকিয়ে রাখতে। তাই নিজেকে ধরে রাখতে না পেরে সেখানেই পোষাকি ভদ্র মানুষের সঙ্গেও ঝামেলায় জড়িয়ে পড়ে -

''মহিন্দর ঃ হেই!...

ভদ্রলোক ঃ লেগে গ্যাচে হঠাৎ।

মহিন্দর ঃ লেগে গ্যাচে। মানুষ দেখেন না?

ভদ্রলোক ঃ তো রাস্তা আটকে শুয়ে থাকবে তোমরা সব। শেডটা তো শোবার জন্য নয়। সে যাতায়াতের জন্য।

মহিন্দর ঃ শুবার জাগা দেন, দেন জাগা। শখ কর‍্যা শুই না আমরা?

ক্ষেতু ঃ যাব্যার দে বাপু। পেরভাত কালটাত আর খেজালত করিস না।''

দেশবিভক্তি শুধুমাত্র দেশ ভাগ করা নয়, মানুষের মনের ভাঙন ধরানো, সাধারণ মানুষকে পথের প্রান্তে দাঁড় করানো। দুর্বিষহ অবস্থায় দিন কাটানো গ্রামীণ হিন্দু-মুসলমান পড়শিদের মধ্যে ব্যবধানিক মনোভাব গড়ে তোলা - তা সংলাপের মধ্যে দিয়ে আমরা খুঁজে পাই -

''গোপাল ঃ আমাহেরা কি লড়বার হবে নাকি, পাকিস্তান হয়্যা গেলেই?

হরেন ঃ বাঃ, মুসলমানের দ্যাশ, তারা সহ্য করবে কেনে তুমারে?

গোপাল ঃ তাত কী!... কলিমও তো মুসলমান, ফিরোজানানিও তো মুসলমান। আমাহেরা পড়শি, উয়ারা -

হরেন ঃ উয়ারা মুসলমানের মধ্যেকারা সংখ্যালঘু সম্প্রদায়, হিন্দুদিগের

সাথ সম্প্রীতি রাখব্যার চায়। কিন্তু নোয়াখালির কথা স্মরণ আছে? আসবে ফরেন মুসলমান, ভিন জাগার। আমি খুবই উৎকণ্ঠায় আছি, আজই রোয়েদাদ ঘোষণা করার ...এই।"

ঋত্বিক ঘটকের 'দলিল' নাটকে শুধু সমস্যার কথাই স্থান পায়নি। গণনাট্যের আদর্শ অনুযায়ী সেখানে প্রতিবাদের দৃশ্যও ধরা পড়েছে। রাজনৈতিক নেতাদের আশ্বাসবাণীতে কিছু টা সম্বিত ফিরে পেলেও তা বাস্তবে রূপায়িত হয়নি, সেকথা তারা উদ্বাস্তু হয়ে শেয়ালদা স্টেশনে পা ফেলেই বুঝে যায়। কার স্বার্থে এই দেশভাগ - সেকথা বাস্তুহারা জনতার অজানা থাকে না। এদিকে অর্জুন মালাকারের পাগলের মতো অবস্থা হয়ে পড়ে, খোঁজ করতে থাকে প্রধানমন্ত্রীর পূর্ববঙ্গের জমির দলিল নিয়ে -

"অর্জুন ঃ দেখবা! (হেসে) ইয়ে - দলিল। নাকাল্যাত্ ভিটা ছাড়্যা আইলাম। জোর কর্যা লয়্যা আনল উয়ারা। কইল বুড়া, দলিল পরে দেখাইবা, তো সব মিলা যাইব। হিন্দু সরকার কত যে সুব্যবস্থা করছে।

গোপাল হো - হো করে হেসে ওঠে। হারুও যোগ দেয়। লোকটা বার দুই বোকার মতো হাসার চেষ্টা করে থেমে যায়। ক্ষেতু অবাক।

ক্ষেতু ঃ কী ইটা? দলিল? ভিট্যার দলিল লয়্যা আস্যাছ তুমি?

গোপাল ঃ ঠিক নাই। (মাথা দেখায়) কে ভুজুং দিয়্যাছে। গজবে বিশ্বাস কর্যা।

অর্জুন ঃ হেই পণ্ডিত, তার সাথ দেখা কইরা কইব, বড় কষ্ট সহলের। আমি নিজচক্ষে দেখছি। খাওনের জাগা নাই, শোওনের জাগা নাই, বন্দোবস্ত তো তোমার করাই নাগে। এতটি মানুষ অতিথ হচ্ছে।"

অর্জুন মালাকার যেন তাদের কাছে প্রেরণা কারণ অনায়াসে সে তার নিজের অধিকার ছেড়ে দিতে রাজী নয়। তাই সরকারের বিরুদ্ধেও তার খেদোক্তি। উক্ত নাটকে আমরা নিরুপায় প্রতিবাদী মানুষদের একযোগে মিছিলে দাঁড়িয়ে সরকারে কাছে আর্জি জানাতে দেখেছি কিন্তু পুলিশের কাঁদানে গ্যাসে মিছিল থেকে ছত্রভঙ্গ হয়ে যেতেও দেখেছি। হরেনও অভিশপ্ত সমাজের বুকে আঘাত হানতে খড়গহস্ত হতে চেয়েছে, বুঝতে পেরেছে নিজ অস্তিত্বকে টিকিয়ে রাখতে হলে বিকল্প ব্যবস্থা করতেই হবে নইলে ঠিকানা হারিয়ে অনাহারে মৃত্যুকে আপন করে নিতে হবে। তাই, -

''হরেন ঃ দেখ, পিকৃতির সাথ লড়াইয়ে জীব কত প্রকারে বাঁচবার প্রচেষ্টা করে। লোক বাড়ায়, নখদন্ত শাণিত করে, খাপ খাওয়াইয়া লইতে চায় নিজের দেহটারে। মনুষ্যে মনুষ্যেও করে। কিন্তুক সে তো অভিশপ্ত। তাই দেহে নয়, মনে মনে বর্ম পরিধান করা লাগবে। নাইলে এ বাজারে ভাইসা যাইবা বুঝলা।''

রাজনীতির জটিল চক্রান্তের শিকার হয়ে কলোনির মানুষদের প্রাণ শুকিয়ে গেছে, পাথর হয়ে মনকে বেঁধে রাখতে হয়েছে, চোখের জলের নোনতা স্বাদ নিতেও ভয় হয়েছে, মহামারীর কবলে আক্রান্ত হয়ে মৃত্যুকে সঙ্গী করে নিতে হয়েছে। এমনকি দেহ সৎকারের প্রয়োজনীয়তা হারিয়ে পাশব জন্তুর খাদ্যের চাহিদা মেটাতে হয়েছে।

জীবনের সবকিছু হারিয়ে কাঙাল হয়ে ক্ষুধার্ত অবস্থায় থেকে নিজ সম্মানের দিকে দিক্‌পাত না করে ভিক্ষা করা বা চুরি করাকে পথ চলার পাথেয় করতে অপরাধ বলে মনে হয়নি তাদের। কারণ, রেশনী ব্যবস্থা নেই, ক্যাশডোল নেই, বেচার মতো কিচ্ছু নেই ঘরে। বিছানাপত্রও সব গেছে, আছে বলতে এই শীতে একখানা মাত্র কম্বল। তাই কখনো হাতে পয়সা পেলে মহিন্দর নেশাকে সঙ্গী করেছে, খিদের জ্বালায় ক্ষেতু ঘোষ তার কর্তব্যের অধিকারে ছেলের দিকে আঙুল তুলেছে, কখনো বা প্রতিবাদের সুর তুলেছে –

''ক্ষেতু ঃ খাব্যার দে তুই আমারে। ... কাল থিকা ভুখা, এট্টা পয়সাও দিছিস্?

গোপাল ঃ তুমি –

ক্ষেতু ঃ চায়্যা আছে দেখ। ... বচ্ছর ঘুর‍্যা বচ্ছর যায়, সূর্যি উঠে আর ডুবে, উঠে আর ডুবে, হামরা অবশ হয়্যা চায়্যা দেখি। ... করবুই তো ভিখ্যা। করবুই তো চুরি।

গোপাল ঃ চেঁচায়ো না। ... মানটুক্‌ও গিছে তোমার।

ক্ষেতু ঃ চুপ যা ... উপার ঘর না মুসলমানের দেশ, ইপার ঘর না ইখানকার বাসিন্দার দেশ। - ঘর, ঘর, যার নাই, তার আবার মান।''

ক্ষেতু ঘোষের পরিবারটি উদ্বাস্তু কলোনিতে আশ্রয় পেলেও দুর্নীতির বাজারে কাজের সন্ধান মেলে না। স্বর্ণ বাবুদের বাড়িতে কাজ করতে গিয়ে নির্যাতনের শিকার হয়ে বাড়ি ফিরে আসে। এই প্রসঙ্গে দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানি সেনাদের দ্বারা চীন বা তাইওয়ানের মেয়েদের অত্যাচারের কাহিনী বিশেষভাবে স্মরণীয়। ভারতের স্বাধীনতা সংগ্রাম থেকে শুরু করে সাম্প্রতিককালের দাঙ্গা সবকিছুতে মেয়েরা ভোগ্যপণ্যে পরিণত হয়েছে।

স্বর্ণর ক্ষেত্রেও নাট্যকার তাই দেখিয়েছেন। কোনো উপায় না পেয়ে নির্মম অত্যাচারের সম্মুখীন হয়ে স্বর্ণর উক্তি -

''স্বর্ণ ঃ ... ইজ্জৎ তোমাক খোয়াবার হবেই, কিন্তুক গরিমসি কর‍্যা এমন সময়েই খোয়াবা য‍্যাখন দেশ শুদ্ধা ঘটি বাঙ্গাল সব খোয়াইছে, ইজ্জৎ যখন সস্তা হয়্যা গিছে। এইত কর গোল।''

নাটকের শেষে পাকিস্তান থেকে আসা কলিমুদ্দিন শেখের এক চিঠি থেকে বোঝা যায় দিকে দিকে প্রতিবাদের সুর তুলেছে দেশবাসী - একদিকে জানের লড়াই, জবানের লড়াই অন্যদিকে জমিনের লড়াইয়ে মেতে উঠেছে, বুঝতে পেরেছে নিজ শক্তিকে যাচাই করার বা বাড়ানোর সময় এসে গেছে। তা কলিমুদ্দিনের আসা চিঠি পাঠের মধ্যে দিয়েই দেখা যায় -

''গোপাল ঃ -তোমাদিগের হালচাল কিছু আখবারে দেখি, শিনায় তাকত পাই। চাচা, লড়াই কর। আর আমাদিকের শক্তি বাড়াও। (বাইরের কোলাহল শোনা যায়) নানি আমার জবানিতে বাক্য লিখিবারে বলিল, - বাংলারে কাটিছ কিন্তু দিলেরে কাটিবারে পার নাই। -

ক্ষেতু ঃ (উঠে আসে) কী?

গোপাল ঃ - বাংলারে কাটিছ কিন্তু দিলেরে কাটিবারে পার নাই। দিনের নিশান খত মারফত দিবা আর নানি বলিল, নাতির শাদি দিবে, নাতির? -

পদ্ম ঃ কলিমদাদা!

গোপাল ঃ নাতির শাদি দিবে, দুলহন, কাজলার সোলেমান খলিফার বেটি লছিমন। সকলে কে কেমন আছে জানাইবা। লড়াই হইতে নূতন শক্তি পাইব। আমাদিগের হইয়া আল্লাহ্তালার দোয়া মাঙ্গিব চাচা, আধি বাংলার জবানের লড়াই আমরা জিতিব।''

'দলিল' নাটকের ভূমিকাংশে নাট্যকার যা বলেছেন তা দিয়ে এই পর্যায়ের আলোচনা শেষ করতে চাই - ''এ - নাটক আমি 'শেষ' করতে পারিনি। এর বুঝি শেষ নেই। আজও সে পরিণতি আসেনি। একদিন আসবে। এ-নাটকের নায়ক জনতা একদিন তা আনবে। সেই ভবিষ্যৎ পরিসমাপ্তির ইঙ্গিত আজকের প্রতিটি মিছিলে। তার আসার পথের প্রতি মোড়ের চিহ্ন নিয়েই দলিল', যে-দলিল আজও লেখা হচ্ছে, এর শেষ পাতাটি লিখবে মহালেখক জনতা, তার জন্যই সে-জায়গা আমি ছেড়ে গেলাম।''

'সাঁকো' নাটকটিও দেশভাগের পরে পূর্ব পাকিস্তান ও কলকাতার বুকে যে জঘন্য সাম্প্রদায়িক সংগ্রাম শুরু হয় তার প্রতিবাদ স্বরূপ রচিত হয়। এখানে মানুষকে আহ্বান জানানো হয়েছে সম্প্রীতি ও মুক্তির। নাট্যকারের মনে দেশভাগের পরিণতির ছবি গাথা হয়ে রয়েছে। কারণ তিনিও এই নির্মম নির্বাসনের শিকার। তাই তাঁর স্বপ্ন দুই বাংলাকে এক করে গড়ে তুলবার, তা তাঁর নাটকে প্রতিবাদী ভাষায় প্রস্ফুটিত। জ্যোতিপ্রকাশ চট্টোপাধ্যায় তাঁর এক প্রবন্ধে বিজন ভট্টাচার্য ও ঋত্বিক ঘটক সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেছেন –

> ''৪৭ সালে ধর্মের ভিত্তিতে উপমহাদেশ বিভাজনের কারণ ও পরিণতিগুলি এই দুই নাট্যশিল্পীর মনে গভীর ক্ষত সৃষ্টি করেছিল। যে সাম্প্রদায়িক বিভেদ ও হানাহানি বিভাজনের আগে থেকেই পুঞ্জীভূত হয়ে দেশভাগের পরে তাদের সমস্ত গলিত বিষাক্ত পুঁজ নিয়ে বেরিয়ে এসেছিল এবং শ্রমিক শ্রেণী ও কৃষক সমাজকে সমসাময়িকভাবে হলেও ছত্রভঙ্গ করে বিপ্লবী বুদ্ধিজীবীদের একাংশকে বিভ্রান্ত করতে পেরেছিল, তার বিরুদ্ধে দাঁড়িয়েছিল দুজনেই।" (স্বাধীন ভারতে সাম্প্রদায়িক সমস্যা ও বাংলা রঙ্গমঞ্চ, জ্যোতিপ্রকাশ চট্টোপাধ্যায়, নাট্য আকাদেমি পত্রিকা, সংখ্যা - ৬১৯৯৯)

দেশভাগের যন্ত্রণায় কাতর সাধারণ মানুষেরা ঘর দোর সব হারিয়ে এখান থেকে ওখানে ছুটে বেড়ায় শুধুমাত্র একটু মাথা গোঁজার ঠাঁই পাবার আশায়। পার্কসার্কাস ময়দানে এক রাতে বাস্তু হারা জনতার দুর্বিষহ জীবন ক্ষিতীশেরও মনকে নাড়া দিয়ে যায়। তাই, -

''ক্ষিতীশ ঃ সেই রাতে, সমস্ত রাত, ছেঁড়া কাপড়মুড়ি দিয়ে হাজার হাজার মেয়ে আর বাচ্চা ফাঁকা ময়দানে, গোলমোহর আর কৃষ্ণচূড়া গাছের তলায়, পার্কের রেলিঙের পাশে, ফুটপাথের ওপরে যথাসর্বস্ব দুটো প্যাঁটরা আর ছেঁড়া বোরখা আঁকড়ে ধরে ঘুমিয়েছিল। ... ঘুমোয়নি, কেঁপেছিল। ... ওদের চোখগুলো কেমন যেন নেভা বলে মনে হল সাগর, হিমে ওদের ঠোঁটগুলো নীল। ... কেন এমন হয় সাগর?

সাগর ঃ কেন?

ক্ষিতীশ ঃ ... এ ঠিক না। ... ওদের ঘুরে ঘুরে দেখছিলাম। যৎসামান্য রিলিফ এর ব্যবস্থা করেছে পাড়ার সাধারণ লোকে, তাতে কিছুই হচ্ছে না। আমিও মেতে গেলাম ওদের সেবা করতে, - দরিদ্রনারায়ণ, সর্বস্বহীন। বারবার আমার ঢাকার কথা মনে হচ্ছিল সাগর, আমি

কিছুতে চেপে রাখতে পারছি না আর। তোমার মিলি আর খোকনটাকেও যদি এমনই করে রাত কাটাতে হয়? এমনই ভিক্ষার অন্ন পেতেও পারে, না-ও পেতে পারে। তার থেকেও সাংঘাতিক যদি কিছু, - যদি ওরা আর ... আমি খেতে গেলাম সাগর।"

ধনী রাজনৈতিক নেতাদের উসকানিতে মূলতঃ দাঙ্গার তীব্রতা বেড়ে ওঠে। দাঙ্গার ফলশ্রুতি সাধারণ মানুষের জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত হয়ে ওঠে, যা তাদের সুষ্ঠুভাবে জীবনযাপনের ক্ষেত্রে প্রধান অন্তরায়। নিজেদের স্বার্থসিদ্ধির জন্য নেতারা বেকার যুবকদের প্রলোভন দেখিয়ে দাঙ্গার আগুনে ঘি ঢালার চেষ্টা করে। সাম্প্রদায়িক দাঙ্গা ভদ্র বেকার ছেলেদেরও জীবন পরিবর্তিত করে সাধারণ মানুষের জীবনের পাশব প্রবৃত্তিগুলিকে জাগিয়ে দেয়। বাধ্য হয়ে এই কাজ করেও মন থেকে তারা শান্তি পায় না। ভুরি ভুরি খুন করলেও মানবিকতাবোধ তারা হারায়নি -

''দশরথ ঃ কিস্যু বলা যায় না দাদা। মানুষের মন, ও বড়ো হারামি চিজ। তুমি ভাবো, আমরা মনে আনন্দ পাই ওদের মেরে? মানুষ মেরে আরাম আমি পাই না দাদা। ছুটে ছুটে যাই, খতম করি, আর দৌড়ে এসে ম্যাড সিন করে কাঁদি। আবার ঝটাকসে যাই -"

দেশভাগের পরিকল্পনা মুসলিম লিগ আনুষ্ঠানিকভাবে গ্রহণ করে ১৯৪০ সালের ৩১ শে আগস্ট। তারও আগে থেকেই দ্বিজাতি তত্ত্বের হাওয়া দেশে বইতে থাকলেও কেউ এই বিষয়ে প্রতিবাদ করেনি।। তাই বলা যায়' ১৯৪৬ সালের দাঙ্গা বিচ্ছিন্ন কোনো ঘটনা নয়। মুসলিম লিগের 'প্রত্যক্ষ সংগ্রাম' এর ডাকে কলকাতার আগেই ১২ই মার্চ কানপুরে, ১লা জুলাই থেকে আমেদাবাদে দাঙ্গা শুরু হয়ে যায়। এই সময়ে হিন্দুদের হিন্দু অঞ্চলে এবং মুসলমানদের মুসলিম অঞ্চলে স্থানান্তরিত করে দেশভাগের পটভূমি তৈরী করা হয়। এ প্রসঙ্গে নাট্য অ্যাকাডেমি পত্রিকায় 'সাঁকো' নাটকটির আলোচনা করতে গিয়ে ঋত্বিক ঘটক মন্তব্য করেছেন -

''দাঙ্গা শুধু কলকাতা বা ঢাকাতেই হয়নি, দেশের বিভিন্ন শহরে হয়েছে, '৪৭ সালের আগে এবং পরে, বেশ কয়েকবার। এই সব দাঙ্গা থেকে জন্ম নেয় দুই নতুন সামাজিক শ্রেণী, রাজনৈতিক শক্তির আড়ালে কিছু দাঙ্গাবাজ এবং তাদের মদতপুষ্ট কিছু গুণ্ডা। ক্ষমতা হস্তান্তর অনুষ্ঠানের বছর তিনেকের মধ্যেই দানা বাঁধতে থাকে নানা সমস্যা, খাদ্যাভাব থেকে শুরু করে কর্মসংস্থানের সঙ্কট পর্যন্ত। স্বভাবত রাজনৈতিক কারণেই দাঙ্গার প্রয়োজন হয়ে পড়ে। সে প্রয়োজন এখনও তার গরিমা হারায়নি।"

মহসিন ও রশিদ পূর্ব পাকিস্তান থেকে গান শুনতে এসে দাঙ্গার মধ্যে পড়ে যায়। রশিদকে রাস্তায় খুন হতে হয়। মহসিন প্রথমবার সাগর নামে একজনের জন্য প্রাণে বাঁচে এবং দ্বিতীয়বারও সাগর নামে আরেকজনের আশ্রয় পায়। ঢাকার অসহ্যকর পরিস্থিতির মুখোমুখি সাগরের বোন মিলি। সাগর পত্রপাঠ ও নানান জায়গা থেকে খবরাখবর নিয়ে বিশৃঙ্খল পরিস্থিতির সম্পর্কে জানতে পারে। এই আশঙ্কায় সর্বদাই সাগরের মন কুঁকড়ে ওঠে -

''সাগর ঃ (চিঠি নামিয়ে) ঢাকার অবস্থা অসহ্য। মিলি একা আছে। প্রতি মুহূর্তে ভয়ে কুঁকড়ে আছে মেয়েটা । জামাইবাবুর সঙ্গে দেখা হলে পত্রপাঠ রওনা হতে বলেছে। জামাইবাবু হয়তো হোটেলে গিয়ে চিঠি পাবেন। মিলির মতো সাহসী মেয়ে এত ভয় পেয়েছে চৌধুরীদা, রাতে ওর ঘুম হয় না। কয়দিন থেকে শহরের এই অবস্থা হয়তো তাকে বাড়ি ছেড়ে যথাসর্বস্ব নিয়ে-তার ওপরে বাচ্চাটা। চৌধুরীদা!

চৌধুরী ঃ তুমি খেয়ে নাও গে যাও। পিত্তি পড়ে যাচ্চে, তার ওপর এইসব - কিছু না ভাই, তুমি খেয়ে নাও। আমি একবার পাড়ার ছেলেদের দিয়ে সার্চটা অর্গানাইজ করে এসে - ব্যাপার সত্যিই গুরুতর।

সাগর ঃ চৌধুরীদা, ঢাকা শহরের সমস্ত আশঙ্কা আমার বুকে চাপ হয়ে জমে আসছে।... মিলির কী হবে! হয়তো এতক্ষণে মিলি - ''

সাগর মহসিনকে নিজের কাছে আশ্রয় দিলেও নিজের বোন মিলির শোচনীয় অবস্থা দেখে রাগে, তীব্র ঘৃণায় দাঙ্গাবাজদের হাতে তুলে দেয়। তার আর্তস্বর বারবার আছড়ে পড়তে পড়তে কাঁপতে কাঁপতে দূর থেকে দূরে মিলিয়ে যায়। অমানবিক চেতনার উপর আশ্রয় করলেও সাগর নিজেই অনুশোচনায় দগ্ধ হয়েছে। বারবার তার কানে ভেসে উঠেছে - 'দরিয়ার কূল পাইলাম না।' কিন্তু এ নীচত্বের দরিয়া, যেখানে নৈতিকতার কোন মূল্যই নেই। সাগর হাতের চিঠিখানি মাটিতে ফেলে দিয়ে বলে উঠেছে -

''সাগর ঃ মিলি। এতক্ষণ সে বেঁচে নেই নিশ্চয়ই। সাগর মহসিনকে মারেনি, মারতে পারে না। যে বলবে সে কথা, তাকে আমি খুন করব। আমি হিন্দু, হাজার -হাজার লাখ - লাখ হিন্দুর ওপর মুসলমানরা যে অত্যাচার বারবার করেছে, তার শোধ নিলাম।

রাজনৈতিক নেতারা যেমন দাঙ্গার আগুন তীব্র করেছে, সেই আগুনে পুড়ে তারা নিজেরাও ছাই হয়ে গেছে। বেকার যুবকদের হাতে তারা যে অস্ত্র তুলে দিয়েছে, খুনি ও

গুণ্ডায় পরিণত করেছে, সেই পরিবর্তিত মানসিকতায় বেকার নেশাগ্রস্ত অস্ত্রধারী যুবকেরা সেই নেতাদেরই পরিবারের মেয়েদের ইজ্জত নিয়ে খেলা করেছে, চৌধুরীর মেয়ে রমা সেই শিকার হয়েছে ও দশরথ তাকে গলির মোড়ে হাত চেপে ধরে ছুরি দেখিয়ে শাসিয়েছে। সেই বিক্ষিপ্ত পরিস্থিতি থেকে কেউ বাদ পড়ে নি -

চৌধুরী ঃ ''... বেরিয়েছি ওই দেশটাকে ধরার জন্য। এতদিন নেশা ভাং করে বেপাড়ায় পথচলতি মেয়ের গয়না খুলে নিত, কী প্রেম নিবেদন করত, এখন পাড়াতেও চালু করেছে। আর মরবি তো মর, আমাকে দিয়েই বউনি! ...''

চার বছর অনুশোচনার আগুনে পুড়ে শেষে সাগর সিদ্ধান্ত নেয় পূর্ব পাকিস্তানে গিয়ে মহসিনের বাবা তসলিম মিঞা এবং মা ফুলজান বিবির কাছে ক্ষমা চাইবে। অবশেষে মুখোমুখিও হয় তাঁদের। সাগরের সাক্ষাত পেয়ে তাঁরা খুশি হন এই মনে করে যে তাঁদের ছেলের সংবাদ পাওয়ার আশায়। পূর্বে মহসিন একবার কলকাতায় গিয়ে দাঙ্গার মধ্যে পড়েছিল সেই সময় সাগর নামে এক যুবক তাকে রক্ষা করেছিল। তাই তার বাবা-মা ভাবেন এই সাগরই সেই সাগর।

তাই সাগর আপনভোলা মা ও ইতিহাসের শিক্ষক বাবার কাছে ছেলের মতো স্নেহের রসে স্নান করে এবং সমস্ত ঘটনাটাই তার কাছে কখনো একটা অসহ্য রসিকতা, কখনো স্বপ্নের ঘোরের মতো লাগে। আমরা অভিভূত হয়ে যাই মহসিনের মা যখন সাগরের সঙ্গে মিলিত হচ্ছে সেই দৃশ্য দেখে -

''মা ঃ খোকা!

সাগর ঃ (চম্‌কে) কে? ও!

মা ঃ (চারপাশ দেখে নিয়ে, হাতের বাটি আঁচল থেকে বের করে) একটু খাইয়া নে!

সাগর ঃ কী?

মা ঃ ঘন দুধের এট্টু সর।

সাগর ঃ সর খাব?

মা ঃ না! শহরে থাইকা থাইকা চেহারা হইছে য্যান কাঁকলাশের পারা, গেল? (উনি উঁচু হয়ে লম্বা সাগরের মুখে বাটিটা গুঁজে দেন। স্বল্প গবেটের মতো সাগর কোঁত কোঁত করে গেলে, উনি আঁচল দিয়ে

মুছিয়ে দেন।)...

হারে, কষ্ট যা পাওনের চুকাইয়া আইছি। দেশেও এখন বুঝি স্বস্তি আসে, আমার জীবনখান ভইরা আসে। ... জানিস কত বিভ্রান্তির মাঝ দিয়া দেশের মানুষগুলান পার হইতেছে, একটার পর একটা। এখন একটু নিশ্চিন্দি দরকার, শান্তি দরকার। ...এট্টা পদ শুনবি খোকা আমার?

সাগর ঃ বল।

মা ঃ নানান বরণ গাভীরে ভাই, একই বরণ দুধ ভুবন ভরমিয়া দেখি একই মায়ের পুত।"

সাগর মহসিনের বাবা-মায়ের কাছে তার আসার উদ্দেশ্য ব্যক্ত করতে না পেরে বিবেকের কামড়ে ছটফট করেছে, গুমরে গুমরে মরেছে সত্য প্রকাশের ব্যর্থ প্রচেষ্টায়। হিন্দু মুসলমানের তফাত ভুলে সাগর একেবারে ভেতর থেকে বদলে গেছে, দেশের ঐতিহ্যকে ভালোবেসেছে। এবার সে জবার দিকে মুখ ফিরিয়েছে সত্য কথাটি বলবার উদ্দেশ্য নিয়ে -

"সাগর ঃ আমার ঘর থেকে মহসিন ধরা পড়ে। এক সাগর তাকে বাঁচায়, আর এক সাগর তাকে ধরিয়ে দেয়। আমি সেই সাগর।

জবা ঃ সাগর!

সাগর ঃ ভেবেছিলাম, আমি হিন্দু, একজন মুসলমানের ওপর শোধ নিয়েছি। ...আজ জানছি একজন বাঙালি, একজন মানুষ; আর একজন বাঙালি আর একজন মানুষকে অকারণে হত্যা করেছে। আমি পশু। ...চরে বসে বুঝলাম, কত বড় মিথ্যার চেতনা আমার জীবনটাকে তছনছ করে দিয়েছে।"

জীবনটা বহতা নদী, তার চর জেগে ওঠে হঠাৎ, পলি পড়ে বহুকাল ধরে। কারণ, হঠাৎ একটা কাজের মধ্যে দিয়ে জীবনের প্রায়শ্চিত্ত করা যায় না। ঠিক তেমনি সাগরের জীবনেও তাই ঘটেছিল। ইতিমধ্যেই যুক্তফ্রন্টের কর্মীরা সারা দেশময় গা-ঢাকা দিলে দেশে সামরিক আইন চালু হয়। বামপন্থী আন্দোলনে যুক্ত থাকার অপরাধে জবাকে বাড়ি ছাড়তে হয়। সাগর জবাকে সঙ্গে নিয়ে যেতে চাইলেও কোথায় যাবে ঠিক করে উঠতে পারে না। কলকাতা যাওয়ার প্রসঙ্গও ওঠে। কিন্তু সবশেষে দুজনেই বৃহত্তর আন্দোলনের পথে পা বাড়ায়। সে পথ কলকাতার উদ্দেশ্যে পাড়ি দেবার পথ নয়, এ পথ

হিন্দু-মুসলমানের লড়াই করে অধিকার প্রতিষ্ঠার পথ। বড়ো অন্ধকার পথে যেতে যেতে উদাত্ত গলায় গান গায়, যেন সে গান প্রতি মানুষের মনের মণিকোঠায় গেঁথে যায়।-

''নাইয়া ভাই।

চক্রপথে ঘুইরা মোর মন রইল যে উদাস -
বাতাস তবু আভাসে দেয় নতুন ভোরের বাস।
... ব্যথায় আমার বুক যে ভাঙ্গে আশা ভাঙ্গে না।
সাথে আছে হাজার মানুষ, তুফান ডরি না।

হঠাৎ আকাশটাকে সাদা করে দিয়ে বিদ্যুৎ চাকুক হেনে গেল একবার। আকাশ জুড়ে গুর-গুরানি।... ওঁরা চমকে তাকান, কিন্তু গানটা শতকণ্ঠে ধরে নিয়েছে এখন কারা। শেষ কলিটা আছড়ে পড়তে থাকে জোয়ারের মতো মঞ্চময়। ... স্থানুর মতো দাড়িয়ে আছে চারটা মানুষ। খেজুর গাছটাকে আলুথালু করে দিয়ে ঝড়চা এসে পড়ছে।''
ঋত্বিক ঘটকের শ্রেষ্ঠ নাটকের তালিকায় 'দলিল' নাটকটি স্থান অধিকার করলেও 'সাঁকো' নাটকটি নাট্যকারের শ্রেষ্ঠ নাটক বলে মনে হয়। 'দলিল' নাটকে তিনি দেশভাগের ফলে উদ্বাস্তু সমস্যা ও অসহায় জনতার আন্দোলনের কথা তুলে ধরেছেন। কিন্তু 'সাঁকো' নাটকে জনতার বৃহত্তর আন্দোলনে পথে নামবার সঙ্গে সঙ্গে তা মানবিকতার আর্দ্ররসে সিক্ত হয়েছে, তা চোখে পড়ার মতো। এই দিক দিয়ে 'দলিল' নাটক থেকে এই নাটকটি এক ধাপ এগিয়ে। সমালোচকের মন্তব্যের সাথে এই পর্যয়ের আলোচনা শেষ করতে চাই -

''প্রথম থেকে শেষ পর্যন্ত ঋত্বিকের সব নাটকেই দুটি জিনিসের ছায়াপাত ঘটেছে। এক, দেশবিভাগ জনিত হাহাকার; দুই, হারানো মাকে খুঁজে ফেরা।... ১৯৬৮ সালে অভিনয় দর্পণ পত্রিকায় সম্পাদকীয় লিখেছেন ঋত্বিক ঃ শরতের নির্মল আকাশ হাসিতেছেন! মা আসিতেছেন, আমাদের চিরকালের সেই দুর্গা, আমাদের মেয়ে বাঙ্গালীর প্রাণের বস্তু - তিনি আসিতেছেন। ... কিন্তু প্রকৃত ঘটনা হইতেছে মা নাই। মা ছিলেন। কিন্তু সেই যুগ গত হইয়াছে। এখন চোঙ্গা প্যান্ট পরা কয়েকটি বালখিল্য বিকৃত উল্লাসে অভব্য আচরণ করিয়া বেড়ায়, তাহাকে আপনারা বলেন দুর্গাপূজা। আমাদের শৈশবের সে স্মৃতি, তাহার সহিত আজকের এই অসহ্য কানফাটানো লাউড স্পীকারের আওয়াজ তক্ মেয়েদের মুখের লাল নীল রং - এ একদম মেলে না। মনে হয় অঙ্কে কোথাও একটা গরমিল হইয়াছে। আমাদের ধারণামত মনে হয় দেশ ভাগই ইহার মূল কারণ।'' ...
(সাঁকো থেকে দেখা - রথীন চক্রবর্তী, নাট্য আকাদেমি পত্রিকা, সংখ্যা - ৫)

সহায়ক গ্রন্থ / তথ্যসূত্র / গ্রন্থপঞ্জীঃ

১) দলিল - ঋত্বিক ঘটক, উৎসর্গ পত্র, গণনাট্য নিউ মাসেস পাবলিকেশন।

২) Associated press of India, 16th July, 1947,বাংলা উপন্যাসে উদ্বাস্তু জীবন - তাপস ভট্টাচার্য, পুস্তক বিপণি, প্রথম প্রকাশ - ১৪১১, পৃষ্ঠা - ৩৭

৩) সাম্যবাদী উত্থান প্রত্যাশা ঃ আত্মজিজ্ঞাসা, দুই আধুনিক মাতৃমন্ত্রী সাম্যবাদী নাট্য শিল্পী, রণেশ দাশগুপ্ত; প্রবন্ধঃ স্বাধীন ভারতে সাম্প্রদায়িক সমস্যা ও বাংলা রঙ্গমঞ্চ, জ্যোতিপ্রকাশ চট্টোপাধ্যায়, নাট্য আকাদেমি পত্রিকা, সংখ্যা - ৬,১৯৯৯, পৃষ্ঠা - ২৭১

৪) সাঁকো - ঋত্বিক ঘটক, নাট্য আকাদেমি পত্রিকা, সংখ্যা - ৬,১৯৯৯, পৃষ্ঠা - ২৯০।

৫) প্রবন্ধঃ সাঁকো থেকে দেখা - রথীন চক্রবর্তী, নাট্য আকাদেমি পত্রিকা, সংখ্যা - ৫, পৃষ্ঠা - ৩১২

সিভিল সোসাইটি, আধিপত্য ঃ ভারতীয় প্রেক্ষাপট

বিশ্বজিৎ বক্সী

[**বিষয়চুম্বক ঃ** এই প্রবন্ধে সিভিল সোসাইটির ধারণাটি রাজনৈতিক ও সমাজতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে পর্যালোচনা করা হয়েছে। সিভিল সোসাইটির অর্থ নির্মাণের পাশাপাশি এর উদ্ভব ও বিকাশের প্রেক্ষাপটটির রূপরেখা নির্মাণ করা হয়েছে। সিভিল সোসাইটির ধারণাটির উদ্ভব ঘটেছে মূলত পশ্চিম ইউরোপে। পশ্চিম ইউরোপীয় দেশগুলিতে পুঁজিবাদী সমাজব্যবস্থায় ব্যক্তিমানুষের স্বাধীনতাকে বজায় রাখার জন্য এবং রাষ্ট্রশক্তির আধিপত্যের হাত থেকে ব্যক্তিমানুষকে রক্ষা করার তাগিদেই সিভিল সোসাইটির জন্ম এবং বিকাশ ঘটেছে। অন্যদিকে সমাজতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় রাষ্ট্রীয় অতিনিয়ন্ত্রণের পরিসর থেকে ব্যক্তিমানুষকে মুক্তি দিতে সিভিল সোসাইটির প্রয়োজনীয়তা অনুভূত হয়। শাসক শ্রেণী সমাজে নিজ আধিপত্য বজায় রাখার জন্য 'সিভিল সোসাইটি'কে ব্যবহার করে থাকে। অর্থাৎ সমাজব্যবস্থা ও রাষ্ট্রব্যবস্থার ভিন্ন ভিন্ন প্রেক্ষাপটে সিভিল সোসাইটির রূপের যে পরিবর্তন পরিলক্ষিত হয় তা এই প্রবন্ধে তুলে ধরা হয়েছে। এই প্রেক্ষিতেই ভারতে সিভিল সোসাইটির রূপটি কিরূপ তা উল্লেখ করা হয়েছে।]

সাম্প্রতিক কালে ঘটমান বেশ কিছু ঘটনার পরিপ্রেক্ষিতে সমাজবিজ্ঞানের চর্চার ক্ষেত্রে সিভিল সোসাইটির ধারণা ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে।

শব্দগত ভাবে সিভিল সোসাইটি একটি ইংরাজি শব্দ। সিভিল সোসাইটির বিভিন্ন বাংলা পরিভাষা ব্যবহৃত হতে দেখা যায়। বিভিন্ন তাত্ত্বিক, লেখক, চিন্তাবিদ ইংরাজি শব্দ 'সিভিল সোসাইটি'র ভিন্ন ভিন্ন বাংলা পরিভাষা ব্যবহার করেছেন। যেমন নাগরিক সমাজ, জনসমাজ, পুর সমাজ, সুশীল সমাজ, বেসরকারি সমাজ, পৌর সমাজ, ইত্যাদি। পরিভাষাগত এই জটিলতা থেকে মুক্ত হতে সরাসরি ইংরাজি পরিভাষাটি এই প্রবন্ধে ব্যবহার করা হল।

সিভিল সোসাইটির ধারণা প্রায় আড়াইশো বছরের পুরোনো। তবে তারও আগে Greek Civitas শব্দটি থেকে Civics এবং Citizen বা নাগরিক শব্দের উদ্ভব যা গ্রীক নগররাষ্ট্র বা polis গুলিতে দেখা যায়। যার থেকে আধুনিক অর্থে সিভিল সোসাইটি বা

নাগরিক সমাজের উদ্ভব হয়। সিভিল সোসাইটির ধারণার উদ্ভব ঘটে আঠারো শতকের শুরুতে মূলত পশ্চিম ইউরোপের রাজনৈতিক ও সামাজিক অবস্থার প্রেক্ষাপটে। কিন্তু সিভিল সোসাইটির ধারণার উদ্ভব পুরোনো হলেও সমাজবিজ্ঞানের জগতে এর চর্চা গুরুত্ব পেতে শুরু করে বিংশ শতকের সত্তর ও আশির দশকে ইউরোপে। একদিকে উদারনৈতিক চিন্তাভাবনায় ও অন্যদিকে মার্কসীয় চিন্তাভাবনায় - রাষ্ট্রের নেতৃত্বে সামাজিক পরিবর্তন ও উন্নয়নের যে প্রতিরূপের আবির্ভাব ঘটে, তাতে সিভিল সোসাইটির ধারণাটি দুর্বল হয়ে পড়ে। কিন্তু বিংশ শতকের সত্তর ও আশির দশকে আধুনিক অর্থে civil society বা নাগরিক সমাজের উদ্ভব হয়। একদিকে উদারনৈতিক ভাবধারায় পুষ্ট জনকল্যাণকর রাষ্ট্রের প্রবল আধিপত্য ও অন্যদিকে তথাকথিত সমাজতান্ত্রিক চিন্তাভাবনার প্রেক্ষিতে রাষ্ট্রের নেতিবাচক ক্রিয়াকলাপ সিভিল সোসাইটি আলোচনা চর্চার পরিমণ্ডলকে নতুন ভাবে উদ্দীপ্ত করে তোলে। বিংশ শতকের ৯০ এর দশকে তথাকথিত সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির পতন ঘটতে শুরু করলে সেখানকার সামাজিক সংগঠনের রূপ এবং এদের সাথে রাষ্ট্রের সম্পর্কের চরিত্রটি ঠিক কিরূপ হওয়া উচিত তা নিয়ে রীতিমতো গবেষণা শুরু হতে থাকে। অর্থাৎ রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের বাইরে গিয়ে সিভিল সোসাইটির রূপটি নিয়ে চিন্তাবিদদের চিন্তাভাবনা শুরু হয়। আবার নয়া উদারনীতিবাদী ভাবধারার দ্বারা প্রভাবিত হয়ে, কোনও কোনও তাত্ত্বিক সমাজকল্যাণকর রাষ্ট্রের পরিধিকে হ্রাস করে সিভিল সোসাইটির ধারণাটি পুনর্নির্মাণ করতে আগ্রহী হয়ে ওঠেন। আবার এরই পাশাপাশি মানবাধিকার আন্দোলন, পরিবেশ আন্দোলন, নারীবাদী আন্দোলন ও সংগঠনের সাথে যুক্ত ব্যক্তিরা সিভিল সোসাইটির চর্চাকে নতুনভাবে তুলে ধরতে থাকেন।

সিভিল সোসাইটির সম্পর্কে বিভিন্ন তাত্ত্বিক, চিন্তাবিদ, বিভিন্ন গোষ্ঠী, ভিন্ন ভিন্ন দৃষ্টি কোণ থেকে এর ভিন্ন ভিন্ন অর্থ নির্মাণ করায় সিভিল সোসাইটির ধারণাটিকে কেন্দ্র করে অস্পষ্টতা প্রকট হতে থাকে। এর ফলে দেখা দেয় বিভ্রান্তি। তাই ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে সিভিল সোসাইটির যে ভিন্ন ভিন্ন অর্থ ব্যক্ত হয়েছে, তার ভিত্তিতে বলা যায় সিভিল সোসাইটি ধারণাটির মূলে রয়েছে দুটি পূর্বানুমান। একটি হলো রাজনৈতিক আর অপরটি হলো সমাজতাত্ত্বিক। রাজনৈতিক দিক থেকে মূলত তিনটি ভাবনা থেকে সিভিল সোসাইটি উদ্ভবের প্রেক্ষাপট তৈরী হয় ক) নাগরিকদের মধ্যে সাম্যের ধারণা, খ) ব্যক্তিসত্তার অখণ্ডতার ধারণা এবং গ) বিশ্বাসের স্বাধীনতার ধারনা। আর সমাজতাত্ত্বিক দিক থেকে সিভিল সোসাইটি হল রাষ্ট্র ও পরিবারের মধ্যবর্তী একটি স্বাধীন সংঘবদ্ধ ক্ষেত্র। এই মধ্যবর্তী স্বাধীন সংঘবদ্ধ ক্ষেত্রটিতে ব্যক্তিমানুষ স্বাধীনভাবে স্বেচ্ছায় অংশগ্রহণ করে থাকে। রাষ্ট্রীয় নেতিবাচক ক্রিয়াকলাপ থেকে নিজ

ব্যক্তিসত্তাকে যেমন ব্যক্তিমানুষ স্বাধীনভাবে মেলে ধরতে পারে, তেমনি পরিবারের সংকীর্ণ পরিসর থেকে সে নিজ ব্যক্তিসত্তাকে বৃহত্তর পরিসরে মেলে ধরার মধ্য দিয়ে মুক্তির স্বাদ লাভ করতে সচেষ্ট হয়ে ওঠে। কিন্তু যত সহজে রাষ্ট্র ও পরিবার নামক দুই ক্ষেত্রকে বিভাজন করা হয়, আদৌও বিভাজন রেখাটি ততটা সরলীকরণ নয়। কারণ এই দুই ক্ষেত্র একে অপরের সাথে জড়িত থাকে। যার ফলস্বরূপ সিভিল সোসাইটির ধারণাগত অসুবিধা সৃষ্টি হয়। অন্য একটি দৃষ্টিকোণ থেকে বলা যায় ব্যক্তির অধিকারের ভিত্তিতে রাষ্ট্রীয় কর্তৃত্বের এক্তিয়ার বহিঃর্ভূত পরিসর রূপে সিভিল সোসাইটি সমাজের বিন্যাস ও যোগসূত্র হিসাবে কাজ করে থাকে। রাষ্ট্রীয় ক্রিয়াকলাপ সাব্যস্ত করার ক্ষেত্রেও সিভিল সোসাইটির ভূমিকা থাকে। যদিও এই ভূমিকা সমাজ, রাষ্ট্রব্যবস্থা ও নাগরিক অধিকারের পটভূমিকায় ভিন্ন ভিন্ন হয়ে থাকে।

ইউরোপে পুঁজিবাদের বিকাশের সাথে সাথে এক নতুন ধরনের রাষ্ট্রব্যবস্থার উদ্ভব ঘটে। পুঁজিবাদী সমাজব্যবস্থার পূববর্তী (মার্কসবাদ অনুসারে দাস - সমাজ, সামন্ততান্ত্রিক সমাজ) সমাজগুলিতে রাষ্ট্র ও সমাজের মধ্যে কোনও সুস্পষ্ট বিভাজন রেখা ছিল না। রাষ্ট্র ও সমাজ ছিল সমার্থক ধারণা। মার্কস এঙ্গেলস কমিউনিস্ট ইশতেহারের প্রথম অধ্যায় প্রথম ছত্রে বলেছেন ''আজ পর্যন্ত যত সমাজ দেখা গেছে তাঁদের সকলের ইতিহাস শ্রেণী সংগ্রামের ইতিহাস।'' উৎপাদনের উপকরণগুলি যাদের হাতে থাকে তারা হল শাসক শ্রেণী। আর উৎপাদনের উপকরণগুলি থেকে যারা বঞ্চিত তারা শোষিত শ্রেণী রূপে পরিগণিত হয়। রাষ্ট্র অর্থনৈতিক দিক থেকে সর্বাপেক্ষা শক্তিশালী শ্রেণীর হাতিয়ার। মার্কস উল্লেখ করেছেন শাসক শ্রেণী শাসিত শ্রেণীর উপর তাদের আধিপত্য বজায় রাখার জন্য রাষ্ট্র নামক প্রতিষ্ঠানটিকে ব্যবহার করে। কিন্তু বলপ্রয়োগের যন্ত্রের অবিরাম ব্যবহার শাসক শ্রেণীর দুর্বলতাকে প্রকট করে তোলে। আধুনিক পুঁজিবাদী রাষ্ট্রব্যবস্থায় অবশ্য বলপ্রয়োগই একমাত্র বৈশিষ্ট্য নয়, বরং জনসম্মতি অর্জনের প্রক্রিয়াটিও এর কাছে যথেষ্ট তাৎপর্যপূর্ণ। আধুনিক রাষ্ট্রব্যবস্থায় সার্বজনীন কার্যকলাপের ক্ষেত্রে বলপ্রয়োগ নগন্য হয়ে দেখা দেয়। কারণ আধুনিক রাষ্ট্র জনসম্মতি অর্জনের উপর সর্বাপেক্ষা গুরুত্ব আরোপ করে। এবং শাসক তথা আধিপত্যকামী শ্রেণীকে জনভিত্তির উপর স্থান অর্জন করার পথ সুগম করে তুলেছে।

ইতালীয় চিন্তাবিদ আনতোনিও গ্রামশি আধুনিক ইউরোপীয় ব্যবস্থার এই নতুন ভূমিকাকে সুস্পষ্টভাবে সূত্রায়িত করেছেন। তাঁর ধারণা অনুসারে রাষ্ট্র = আধিপত্য (Hegemony) + প্রভুত্ব (Domination)। রাষ্ট্র = সিভিল সোসাইটি + রাজনৈতিক সমাজ। অর্থাৎ রাষ্ট্র হল সম্মতি (সিভিল সোসাইটি / আধিপত্য) ও বল প্রয়োগের (রাজনৈতিক সমাজ / প্রভুত্ব) এক জটিল সমাহার। শাসক শ্রেণী সিভিল সোসাইটির

মধ্য দিয়ে সম্মতি অর্জনের দ্বারা সংখ্যাগরিষ্ঠ জনগণের ওপর আধিপত্য স্থাপন করে। গ্রামশীর বক্তব্য অনুসারে সিভিল সোসাইটির কোন বিশেষ রূপ বা বিষয়বস্তুর কারণ হল শ্রেণী সংগ্রাম এবং শ্রেণী সংগ্রামের ফলাফলই ঠিক করে দেয় কোন সামাজিক গোষ্ঠী আধিপত্যকারী হবে। আধিপত্য বলতে বোঝায় রাজনৈতিক ও মতাদর্শগত নেতৃত্ব স্থাপনের প্রক্রিয়ার মধ্য দিয়ে স্থাপিত একটি সম্পর্ক বিশেষ। এই আধিপত্য স্থাপনের প্রক্রিয়াটি কার্যকরী হয়ে ওঠে সিভিল সোসাইটির মধ্য দিয়ে। সিভিল সোসাইটি হল পুঁজিবাদী সমাজের শ্রেণী সমূহ ও সামাজিক শক্তি সমূহের মধ্যকার এক জটিল সম্পর্কের জাল এবং ব্যক্তিগত প্রতিষ্ঠান গুলির সামগ্রিকতা। যেখানে পুঁজিপতিরা আধিপত্যকারী শ্রেণী সেখানকার সিভিল সোসাইটি হল পুঁজিবাদী সমাজ। এমন সমাজে যে সাংবিধানিক অধিকার, সংসদীয় প্রতিনিধিত্ব প্রভৃতি দেখা যায় তা পুঁজিপতি শ্রেণী কর্তৃক সুসজ্জিত থাকে। পুঁজিপতি শ্রেণী তথা শাসক শ্রেণী সমগ্র সমাজের উপর আধিপত্য স্থাপন করে বৌদ্ধিক ও নৈতিক নেতৃত্ব প্রতিষ্ঠার মধ্য দিয়ে। শাসক শ্রেণীকে এই আধিপত্য স্থাপনের জন্য একদিকে যেমন বুদ্ধিজীবিদের আদর্শগত দিক থেকে জয় করতে হয়, তেমনি প্রতিষ্ঠা করতে হয় তাদের নিজস্ব 'বুদ্ধিজীবীদের'। এই 'বুদ্ধিজীবীরা' শাসক শ্রেণীর ক্ষমতা দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করতে সর্বদা সচেষ্ট থাকে।

ইউরোপে সিভিল সোসাইটির উদ্ভব ঘটে পুঁজিবাদের বিকাশের প্রয়োজনের তাগিদে। কিন্তু ভারতে স্বাধীনতার প্রায় শুরু থেকেই স্বাধীন পুঁজির বিকাশ Mixed economy র দরুন অপেক্ষাকৃত দুর্বল হয়ে যাওয়ার ফলে সিভিল সোসাইটির প্রয়োজনীয়তা তেমন ভাবে অনুভূত হয়নি। গ্রামশির চিন্তায় আধিপত্য ও সিভিল সোসাইটির ধারণা ছিল পরস্পর সম্পর্কযুক্ত। ইউরোপের ক্ষেত্রে দেখা গেছে পুঁজিবাদী শ্রেণী ক্ষমতা দখলের পর সিভিল সোসাইটি পুঁজিবাদী শাসনের বৈধতা প্রদানকারী মাধ্যমরূপে জনগণের ওপর আধিপত্য স্থাপনের হাতিয়ার হিসাবে পরিণতি পায়। অর্থাৎ বলা যায় ইউরোপে সিভিল সোসাইটি তাই পুঁজিবাদী শাসকদের প্রাণস্বরূপ। ভারত রাষ্ট্র প্রভুত্ব স্থাপনের পাশাপাশি যে আধিপত্য বিস্তারের প্রক্রিয়া চালায় সেক্ষেত্রে ভারতে সিভিল সোসাইটি থাকলেও তার প্রতিরূপটি ইউরোপীয় সিভিল সোসাইটির থেকে ভিন্নতর। ইউরোপে ব্যক্তি মানুষ তাঁর ব্যক্তিসত্তার পরিপূর্ণ বিকাশ সাধনের উদ্দেশ্যে সিভিল সোসাইটি নামক পরিসরটিকে সযত্নে লালন পালন করে আসছে। কিন্তু ভারতীয় রাষ্ট্র ব্যবস্থায় এখনও পর্যন্ত জনগণ 'নাগরিক' পর্যায়ে রয়ে গিয়েছে, ব্যক্তিমানুষের পর্যায়ে সম্পূর্ণভাবে উত্তীর্ণ হতে পারেনি। ফলস্বরূপ ভারতীয় জনগণ তাদের ব্যক্তিসত্তা বিকাশের ক্ষেত্র হিসাবে সিভিল সোসাইটিকে গণ্য করে না। মাঝে মধ্যে রাষ্ট্রীয় আধিপত্যের বিরুদ্ধে রাজনৈতিক সমাজের এক্তিয়ার বহির্ভূত ভাবে নাগরিকদের সংঘবদ্ধভাবে প্রতিবাদ করতে দেখা গেলেও ভারতে সিভিল সোসাইটির পরিণত রূপটি

আজও অধরা।

ভারতের নাগরিক জনগণ সিভিল সোসাইটির পাশ্চাত্য প্রতিরূপের দ্বারা প্রভাবিত হয়ে বিভিন্ন সংগঠন গড়ে তুললেও এটা ভাবা ঠিক হবে না যে ভারতে সিভিল সোসাইটির বিকাশ হয়েছে। কারণ ভারতীয় নাগরিকরা সম্প্রদায়গত জীবনকেই অগ্রাধিকার দেয়। পরম্পরাগত ভ্রাতৃত্ববোধ, পারস্পরিক আস্থা, ধর্মীয় আচার আচরণ, পরম্পরাগত মূল্যবোধ গুরুত্ব পায়। আধুনিক ভারতে সংঘ, সমিতিগুলির মধ্যে ক্রমোচ্চস্তর বিন্যাস, আরোপিত মর্যাদা পবিত্রতা অপবিত্রতার ধারণা নাগরিক জীবনে খুব সহজেই স্থান করে নেয়। কিন্তু এগুলিই 'নাগরিক মানুষের' স্বাধীন 'ব্যক্তি মানুষ' হয়ে ওঠার পথে অন্যতম অন্তরায়। ফলস্বরূপ ব্যক্তিমানুষ তার স্বাধীন সত্তার বিকাশের প্রয়োজনের পরিবর্তে ঐসব সামাজিক সংঘ, সমিতির সদস্য হিসাবেই থাকতে আগ্রহবোধ করে।

গ্রামশিকে অনুসরণ করে বলা যায় ইউরোপে সিভিল সোসাইটি গড়ে তুলতে এবং তাকে বজায় রাখার ক্ষেত্রে পুঁজিবাদী আধিপত্যের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। কিন্তু ভারতে এই ঐতিহাসিক উপাদানটি ভীষণভাবে অনুপস্থিত। অধিকার সমন্বিত ব্যক্তিমানুষ অপর ব্যক্তি মানুষের সাথে এবং রাষ্ট্রের সাথে চুক্তিতে আবদ্ধ হচ্ছে এই সমগ্র ধারণাটিই আজ ভারতে গড়ে ওঠেনি। কারণ উপনিবেশিক উৎস থেকে পাওয়া 'আধুনিকতা' ভারতের রাষ্ট্র ও সমাজকে অন্তর্ভুক্ত করতে ব্যর্থ হয়েছে। রাষ্ট্রীয় আধিপত্যকারীরা এবং প্রতিষ্ঠানগুলি এমন এক আধুনিকতার প্রায়োগিক ভাষ্য রচনা করেছে যা স্বাধীনভাবে বোধগম্যহীন। মেকি 'আধুনিকতা' আজ ভারতে সর্বত্র বিরাজমান। প্রকৃত আধুনিক মনস্কতার অভাব সাধারণ জনগণকে সিভিল সোসাইটির অংশ থেকে বঞ্চিত করেছে। ফলে স্বাধীনতার রীতিনীতি এবং প্রতিষ্ঠানিক অধিকারের কাঠামোতে আবদ্ধ নাগরিকদের নিয়ে কোনও সুসমন্বিত সিভিল সোসাইটি আজও ভারতে গড়ে ওঠেনি। আবার সিভিল সোসাইটি নিয়ে যে ক্ষীণ আলোচনা গড়ে উঠতে দেখা যায় বা যাচ্ছে তা রাষ্ট্র নির্দেশিত যৌক্তিকতার পরিসর থেকে মুক্ত হতে পারেনি। এর ফলস্বরূপ ভারতে সিভিল সোসাটির ধারণা বাস্তবায়িত করা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে।

সহায়ক গ্রন্থ ও প্রবন্ধ ঃ

১) রাষ্ট্র, সমাজ, রাজনীতি ঃ সম্পাদনা সত্যব্রত চক্রবর্তী, একুশে প্রকাশনা, কলকাতা ২০০২।

২) মার্কসীয় রাষ্ট্রচিন্তা -ঃ শোভনলাল দত্তগুপ্ত, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা ১৯৮৪

৩) ‘রাষ্ট্র ইউরোপ ও তৃতীয় বিশ্ব’ঃ প্রবন্ধকার শিবাজী প্রতিম বসু , গ্রথিত -- রাষ্ট্র, সমাজ, রাজনীতিঃ সম্পাদনা সত্যব্রত চক্রবর্তী, একুশে প্রকাশনা, কলকাতা ২০০২।
৪) আনতোনিও গ্রামশিঃ বিচার বিশ্লেষণ। প্রথম খণ্ড - শোভনলাল দত্তগুপ্ত সম্পাদিত, পার্ল পাবলিসার্স, কলকাতা ১৯৮৩।
৫) গ্রামশির চিন্তা ঃ প্রবন্ধকার সুশোভন সরকার, গ্রথিত - গ্রামশির জীবন ও চিন্তা, সম্পাদনা নরহরি কবিরাজ, র‍্যাডিকাল বুক ক্লাব, কলকাতা - ১৯৯৬
৬) আত্মনিয়ন্ত্রনের অধিকার এবং সুশীল সমাজ ঃ সমীর কুমার দাস, নান্দীগ্রুপ, কলকাতা নভেম্বর, ২০০২

মন্দির গাত্রে রামায়ণ

ডালিয়া হাজরা

বিষয় চুম্বক ঃ আমাদের বাংলার গ্রামে গঞ্জে ছড়িয়ে রয়েছে অসংখ্য পোড়া মাটির মন্দির। সপ্তদশ শতক থেকে উনবিংশ শতকের মধ্যে এই মন্দির গুলি নির্মিত হয়েছিল। এই মন্দির গুলির যে স্থাপত্য ও ভাস্কর্য্যের নিদর্শন আমরা পাই তা অসাধারণ। বাংলার মন্দির শিল্পীরা যে সৌন্দর্য সুষমার অবদান মন্দির গুলিতে রেখে গেছেন তা আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের সাক্ষ্য বহন করে। এই সাংস্কৃতিক ঐতিহ্যকে জনসমক্ষে তুলে ধরাই এই প্রবন্ধের উদ্দেশ্য।

পঞ্চদশ শতকের শেষদিকে শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাবের (১৪৮৬-১৫৩৩) পর বাংলায় বৈষ্ণব ধর্মের প্রসার ঘটে। সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন দেখা দেয়। এই সময়ে অর্থাৎ ষষ্ঠ শতকের শেষ ও সপ্তদশ শতকের শুরুতে বাংলার মন্দির স্থাপত্য ও ভাস্কর্যে এক নবযুগের সূচনা হয়। শ্রী চৈতন্য মহাপ্রভুর ভক্তি আন্দোলনের প্রতিষ্ঠা, পৌরাণিক দেবদেবীর লীলার কথকতা রামায়ণ গান, মহাভারত কথা, মঙ্গল কাব্যের পালাগানের জনপ্রিয়তা বাঙালি মানসে আনে এক ধর্মোদ্দীপনা। এ সময়ে তুর্কী শাসনের শেষ পর্যায়। মুঘল রাজশক্তির অভ্যুদয় বাঙালির স্বাধীন চিন্তায় স্থাপত্য চর্চায় এক উচ্চাকাঙ্খী পরিকল্পনার সৃষ্টি করল।[১] এই নবযুগে পোড়া-মাটির মন্দির গুলিতে রামায়ণ, মহাভারত পৌরাণিক কাহিনী, বিভিন্ন দেবদেবীর উপাখ্যান প্রভৃতি বিষয়গুলির টেরাকোটা ফলক ব্যবহার লক্ষ্য করা যায়। মন্দির গাত্রে সমস্ত ভাস্কর্য রূপায়ণে বাংলার মন্দির শিল্পীদের অসামান্য কারিগরি নৈপুণ্যের পরিচয় পাওয়া যায়, শুধু তাই নয় মন্দির সজ্জার ক্ষেত্রে শিল্পীদের অবাধ স্বাধীনতা লক্ষ্য করা যায়।

রামায়ণ ও মহাভারত ভারতবর্ষের দুই মহাকাব্য। এই দুই মহাকাব্যের কাহিনী বা উপাখ্যানগুলির মধ্যে দিয়ে ভারতীয় জীবন দর্শনের প্রতিচ্ছবি ফুটে উঠেছে। দুই হাজার বছর ব্যাপী সময় কাল ধরে রামায়ণ ও মহাভারতের সমগ্র ভারতবর্ষের ধর্মীয় বিশ্বাস সংক্রান্ত মতবাদ ও ন্যায়পরায়ণতার যুক্তি, বিচারবোধ, মননশীলতাকে গভীর ভাবে প্রভাবিত করে এসেছে। একই সঙ্গে ভারতবর্ষের সাহিত্য ও শিল্পের সমগ্র ভাণ্ডারকে অতি মাত্রায় সমৃদ্ধ করে তুলেছে।[২] সমাজের সর্বস্তরের মানুষের মধ্যেই রামায়ণের

প্রভাব লক্ষ্য করা যায়। ভারতীয় শিল্পকলাকেও রামায়ণের কাহিনী বিশেষ ভাবে প্রভাবিত করেছিল। ভারতীয় শিল্পে অসাধারণ সৃজনশীলতা লক্ষ্য করা গিয়েছিল। ভারতীয় সংস্কৃতিতে সবচেয়ে বেশী জনপ্রিয়তা লাভ করে ছিল রামায়ণের কাহিনী। সম্ভবত গুপ্ত যুগ থেকে ভারতীয় শিল্পে রাম কাহিনীর রূপান্তর ঘটানো শুরু হয়েছে। সপ্তদশ শতক থেকে উনিশ শতকের মধ্যে বাংলায় যে পোড়ামাটির মন্দিরগুলি নির্মিত হয়েছিল সেই মন্দিরগুলিতে রামায়ণ কাহিনীর চিত্ররূপের ব্যাপকতা লক্ষ্য করা যায়। বাংলার পোড়ামাটির মন্দিরগুলির অলংকরণ সজ্জায় রামায়ণের কাহিনীর যে ব্যাপকতা লক্ষ্য করা যায় তা ভারতবর্ষের আর কোথাও লক্ষ্য করা যায় নি। বাংলাতে এমন কোনো পোড়ামাটির মন্দির নেই যেখানে রামায়ণ কাহিনীর চিত্ররূপ নেই।

